

দু’দিনের সফল ভুটান সফর শেষে মাতৃভূমির উদ্দেশ্যে রওনা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার সকালে থিম্পু থেকে ভারতের উদ্দেশ্যে রওনা হয়েছেন। ...বিস্তারিত পাতা ২

গার্ডেনরিচ কাণ্ডের পর

তদন্তে বিশেষ কমিটি গড়ল মেয়র ফিরহাদ হাকিম



দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : অবশেষে ঘুম ভাঙল কলকাতা পুরসভার। গার্ডেনরিচ কাণ্ডের পর এতদিন বাদে তদন্ত কমিটি গড়ল কলকাতা পুরনিগম। ইতিমধ্যে এই ঘটনায় এগারো জনের মৃত্যু হয়েছে। বহুতল বিপর্যয় মুখ পড়েছে রাজ্য সরকারের। সেই মুখরক্ষা করতে এতদিন বাদে তদন্ত কমিটি গড়ে সাতদিনের মধ্যে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। পুরসভা সুদূরে জানা গিয়েছে, এই তদন্ত কমিটির মূলত দেখবে জমির মালিকানা কার, কে হস্তান্তর করেছিল, যে বহুতল তৈরি করা হচ্ছিল সেটি এই জমির জন্য যথেষ্ট ছিল কিনা। এছাড়াও বিল্ডিং প্ল্যান কে অনুমোদন দিয়েছিল ইত্যাদি বিষয় খতিয়ে দেখবেন তদন্তকারীরা। মেয়র ফিরহাদ হাকিমের নির্দেশে গঠিত এই তদন্ত কমিটিতে মোট সাতজন সদস্য রয়েছেন। কমিটির চেয়ারম্যান পদে রয়েছেন কলকাতা পুরসভার যুগ্ম কমিশনার। তার নেতৃত্বে মোট ছয় জন এই বিপর্যয় কারণ খতিয়ে দেখবেন। এই ৬ জন প্রতিনিধি হচ্ছেন, সিভিল বিভাগের ডিজি, কটিন বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের চিফ ইঞ্জিনিয়ার, ঐতিহ্য এবং পরিবেশ বিভাগের ডিজি, কলকাতা পুলিশের একজন শীর্ষ কর্তা, কলকাতার বি এল আর ও, কলকাতা পুরসভার বিপর্যয় মোকাবিলা দফতরের আধিকারিকা প্রসঙ্গত বিরোধীরা এই ঘটনার সরাসরি মেয়রকে কাঠগড়ায় তুলেছে। তারা মেয়রের পদত্যাগও দাবি করে সিবিআই তদন্ত চেয়েছেন। মেয়র বারবার এই ঘটনায় দায় কখনও আগের সরকারের ঘাড়ে চাপিয়েছেন আবার এই ঘটনাকে সামাজিক ব্যাধি বলে উল্লেখ করেছেন।

সন্ত্রাসবাদ মানবতা ও শান্তির জন্য সবচেয়ে বড় ঝুঁকি : মল্লিকার্জুন খাড়গে

নয়াদিল্লি, ২৩ মার্চ : রাশিয়ার রাজধানী মস্কোতে ভয়াবহ সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। সন্ত্রাসবাদ মানবতা ও শান্তির জন্য সবচেয়ে বড় ঝুঁকি মস্কোতে সন্ত্রাসী হামলার নিন্দা করে এই মন্তব্য করেছেন কংগ্রেস সভাপতি খাড়গে। তিনি সামাজিক মাধ্যম এক্স-এ লিখেছেন, মস্কোতে নিরপরাধ মানুষের ওপর কাপুরুষোচিত সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা করছি। তিনি আরও জানান, এই দুঃসময়ে আমরা রাশিয়ার জনগণের পাশে আছি। উল্লেখ্য, স্থানীয় সময় অনুযায়ী, শুক্রবার রাতে রাশিয়ার রক ব্যান্ড ‘পিকনিক’ নামে একটি কনসার্টের জন্য প্রচুর মানুষ মস্কোর ক্রাস সিটি হলে জড়ো হয়েছিলেন। কনসার্ট চলাকালীন হঠাৎই হলের মধ্যেই বিস্ফোরণ হয়। চারিদিক কালো ধোঁয়ায় ভরে যায়। হলের ছাদ পড়ে পড়ে। এর পরেই কনসার্ট হলে ঢুকে পড়ে জনা পাঁচেক বন্দুকবাজ। ছদ্মবেশী পোশাকে পরা পাঁচজন বন্দুকবাজ দর্শকদের লক্ষ্য করে এলোপাখাড়ি গুলি চালাতে থাকে। মস্কোতে আইএস জঙ্গিদের অতর্কিতে হামলায় মৃত্যু হয়েছে অন্তত ৬০ জনের। আহত হয়েছেন কমপক্ষে ১৪৫ জন।

মুখ্যমন্ত্রীদের প্রেফতার করা হচ্ছে, এটা গণতন্ত্রের হত্যা : অশোক গেহলট

জয়পুর, ২৩ মার্চ : যেভাবে মুখ্যমন্ত্রীদের প্রেফতার করা হচ্ছে সেটা গণতন্ত্রের হত্যা, শনিবার এই মন্তব্য করেন রাজস্থানের প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক গেহলট। তিনি এদিন জয়পুরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, যেভাবে দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে ক্ষমতায় থাকাকালীন অবস্থায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা প্রেফতার করেছে, সেটা করে গণতন্ত্রকে হত্যা করা হয়েছে। মুখ্যমন্ত্রী জনগণের ভোটে নির্বাচিত হয়েছেন। মুখ্যমন্ত্রী কি খুন করেছেন? নাকি এটা কোনও গুরুতর অপরাধ যে মুখ্যমন্ত্রীকে প্রেফতার করতে হল? তিনি কি কোথাও পালিয়ে যাচ্ছিলেন না, কোনও মানুষকে প্রভাবিত করছিলেন? কোনও প্রমাণ ছাড়াই কারো বক্তব্যের ভিত্তিতে কি করে একজন মুখ্যমন্ত্রীকে প্রেফতার করা যায়? এখন মানুষ ভাবছে নির্বাচন হবে কি হবে না।

ফের শেখ শাহজাহানের ভাই সিরাজউদ্দিনকে তলব ইডির

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : আধিকারিকদের উপর হামলায় ঘটনায় শেখ শাহজাহানের ভাই সিরাজউদ্দিনকে ফের তলব করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। আগামী ২৭ মার্চ সিজিও কমপ্লেক্সে আসতে বলা হয়েছে তাঁকে। এলাকার সিরাজ ‘ডাক্তার’ বলে পরিচিত শাহজাহানের ভাই। জানা গিয়েছে, শেখ শাহজাহানকে জেরা করে সিবিআই আধিকারিকরা একাধিক গুরুত্বপূর্ণ তথ্য হাতে পেয়েছেন। সেই সংক্রান্ত তথ্য ইডিকে জানিয়েছে সিবিআই। এরপরই আগামী ২৭ তারিখ শেখ সিরাজউদ্দিনকে আসার জন্য নোটিশ পাঠিয়েছে ইডি। রেশন দুর্নীতিকেও গত ৫ জানুয়ারি সদদেশখালিতে তদন্ত করতে গিয়ে আক্রান্ত হতে হয়েছিল এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকদের। সেই ঘটনায় শেখ শাহজাহান, তাঁর এক ভাই আলমগীর এবং একাধিক ব্যক্তিকে প্রেফতার করেছে সিবিআই।

সাতসকালে নিউটাউনে লাল ট্রলিব্যাগে উদ্ধার এক ব্যক্তির দেহ

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : সাতসকালে নিউটাউনের পাচুরিয়ায় লাল ট্রলিব্যাগ ধরে রহস্য ঘনিভূত হল। সকলেই লক্ষ্য করল ট্রলিব্যাগ থেকে চুইয়ে পড়ছে রক্ত। শনিবার টেকনোসিটি থানার পুলিশ ওই ট্রলিব্যাগ থেকে দেহ উদ্ধার করে বলে জানতে পারা গিয়েছে। প্রাথমিকভাবে পুলিশের অনুমান, অন্য কোথাও খুন করে দেহ ট্রলিব্যাগ বান্ধি করে এই এলাকায় ফেলে রেখে গিয়েছে। তবে কে বা কারা এই কাজ করেছে, তা এখনও স্পষ্ট নয়। অন্যান্য দিনের মতো শনিবার সকালেও কারিগরি ভবনের পিছন দিকে পাচুরিয়ায় কাজ করছিলেন সাফই কর্মীরা। নালার মধ্যে একটি লাল রংয়ের ট্রলি ব্যাগ দেখতে পান তারা। সেটা তালাবন্ধ অবস্থায় পড়ে রয়েছে। সাফই কর্মীরা ট্রলি ব্যাগটি তুলে রাখতে গিয়ে আঁতকে ওঠেন। তাঁরা দেখেন ট্রলি ব্যাগ থেকে চুইয়ে রক্ত পড়ছে। তড়িঘড়ি পুলিশে খবর দেওয়া হয়। টেকনো সিটি থানার পুলিশ তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছায়। ট্রলি ব্যাগের তাল্লা ভেঙে দেখা যায় ভিতরে একটি দেহ রখা রয়েছে। পুলিশের প্রাথমিক অনুমান, মৃত ব্যক্তির বয়স আনুমানিক ৫০-৫১ বছর। তাঁর পরনে টি শার্ট ও পাজামা। প্রত্যক্ষদর্শীদের দাবি, মৃত ব্যক্তির মুখে কাপড় ঢোকানো ছিল। মৃত ব্যক্তির নাম, পরিচয় এখনও জানা যায়নি। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, অন্যত্র খুন করে দেহ ট্রলিব্যাগে ঢুকিয়ে পাচুরিয়ায় নালের পাশে ফেলে রেখে যাওয়া হয়েছে। কে বা কারা এই ট্রলিব্যাগ বন্দি দেহ ফেলে গেল, তা এখনও স্পষ্ট নয়। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে...এরপর ৩-৪ পাতায়

শিলিগুড়ির পানিট্যাঙ্কি বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড। পুড়ে ছাই ১১টি দোকান। তার মধ্যে রয়েছে কাপড়, মুদিখানা, ইলেকট্রনিক্সের দোকান। ...বিস্তারিত পাতা ৫

‘পাশে আছে ভারত’, রাশিয়াকে বার্তা মোদির চলছে গুলি, লুটিয়ে পড়ছে রক্তাক্ত মানুষ! সন্ত্রাসের কামড়ে রক্তাক্ত মস্কো

নয়াদিল্লি, মস্কো, ২৩ মার্চ : রাশিয়ায় সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বন্ধু দেশের পাশে থাকার বার্তা দিয়ে শনিবার নিজের এক্স হ্যান্ডেলে একটি পোস্ট করেন প্রধানমন্ত্রী। শনিবার নিজের এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লেখেন, ‘মস্কোর বুকে এই ঘৃণ্য সন্ত্রাসবাদ হামলার তীব্র নিন্দা করছি আমরা। ভুক্তভোগীদের পরিবারের প্রতি আমাদের সমবেদনা রইল। রাশিয়ার সরকার ও রুশ জনগণের এই শোকের সময়ে ভারত পাশে থাকবে। আমরা সহমর্মী।’ বলে রাখা ভালো, ভারতও সন্ত্রাসবাদের ভুক্তভোগী। পাকিস্তানের মদতে জেহাদি শক্তিশুলো দশকের পর দশক ধরে সক্রিয়। জম্মু ও কাশ্মীরকে বার বার রক্তাক্ত করেছে লঙ্ঘর-ই-তহব্বা, জইশ-ই-মহম্মদ ও হিজবুল মুজাহিদিনের মতো আইএসআইয়ের পুতুল সংগঠনগুলো। বিগত কয়েক বছরে দেশে সক্রিয় হয়েছে আল কায়েদা ও ইসলামিক স্টেটও। তাই জঙ্গি হামলার ব্যথা ও বেদনা দুই-ই ভারতের জানা। সেই অভিজ্ঞতা থেকেই বন্ধু দেশের এই বিপদে পাশে থাকার বার্তা দিয়েছেন মোদী। এদিকে, মস্কোর কনসার্ট হল হামলায় মৃতের সংখ্যা লাফিয়ে বাড়াচ্ছে। এপর্যন্ত প্রাণ হারিয়েছেন

কমপক্ষে ৬০ জন। তা আরও বাড়তে পারে বলে মনে করা হচ্ছে। এই ঘটনার নিদ্যায় সরব হয়েছে আমেরিকা ও ইউরোপীয় ইউনিয়ন-



সহ অন্যান্য দেশগুলো। এই হামলাকে ‘নিকিট ও কাপুরুষোচিত’ বলেছে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ। তাৎপর্যপূর্ণ ভাবে, মস্কোয় হামলা চালানোর ছক কষছে সন্ত্রাসবাদীরা এই খবর নাকি আগেই আমেরিকার কাছে ছিল। চলতি মাসের শুরুর দিকে মস্কোর মার্কিন দুতাবাস এই মর্মে একটি সতর্কবার্তাও জারি করে। একই ঝঁসিয়ার দিয়েছিল সুইডেনও। উল্লেখ্য, গতকাল মস্কো শহরের

একটি পুকুরকে সৌন্দর্যায়ন করার প্রকল্প হাতে নিয়েছিল ব্লক প্রশাসন। বছর দুয়েক আগে প্রায় লক্ষাধিক টাকা ব্যয় করে পুকুরটিকে সৌন্দর্যায়নের কাজ শুরু করা হয়েছিল। ...বিস্তারিত পাতা ৭

কনসার্ট চলাকালীন হঠাৎই হলের মধ্যেই বিস্ফোরণ হয়। চারিদিক কালো ধোঁয়ায় ভরে যায়। হলের ছাদ খসে পড়ে। এর পরেই কনসার্ট হলে ঢুকে পড়ে জনা পাঁচেক বন্দুকবাজ। সেখানে ‘পিকনিক’ নামে একটি ব্যান্ডের গানের অনুষ্ঠান দেখতে জড়ো হয়েছিলেন অর্ধেকই। অনুষ্ঠান শুরুর মুখে হামলাকারীরা এলোপাখাড়ি গুলি চালাতে শুরু করে। প্রত্যেকেরই হাতে অন্তত ১৫

থেকে ২০ মিনিট চলে তাণ্ডব। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, কনসার্ট হলের ভিতরে দর্শকরা সবাই মাটিতে শুয়ে পড়েছিলেন। হলের বেসমেন্টে শতাধিক মানুষ আশ্রয় নেন। সন্ত্রাসের মারণ কবলে রক্তাক্ত মস্কো। বাকদের গন্ধে হাওয়া ভারী রুশ রাজধানীর বিভিন্ন এলাকা। আতঙ্ক গ্রাস করেছে গোটা শহরবাদীকে। হলের বেসমেন্টে শতাধিক মানুষ আশ্রয় নেন। রাশিয়ার বিদেশমন্ত্রকের মুখপাত্র মারিয়া জাখারোভা জানিয়েছেন, এটি জঙ্গি হামলার ঘটনা। এই ঘটনার নিন্দা করেছে আমেরিকা। তবে আমেরিকার তরফে জানানো হয়েছে, এই ঘটনার সঙ্গে ইউক্রেনের কোনও যোগ নেই। হরহাতির সংখ্যা বাড়ার আশঙ্কা। এদিকে, এই হামলার দায় স্বীকার করেছে আন্তর্জাতিক জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট। শুক্রবার নিজেদের টেলিগ্রাম চ্যানেলে ‘আমাক বিবৃতি দিয়ে হামলার কথা ঘোষণা করেছে আইএস। ফলে গোটা রাশিয়া জুড়ে সতর্কবার্তা জারি করা হয়েছে। আসন্ন হামলার মোকাবিলায় যুদ্ধকালীন তৎপরতায় কাজ শুরু করেছে রুশ নিরাপত্তা সংস্থাগুলো। মস্কোর মেয়র সের্গেই সোব্যানিন জানিয়েছেন নিহত ও আহতদের পরিবারের পাশে আছে প্রশাসন। আপাতত পরিস্থিতি নিয়ন্ত্রণে বলেই জানিয়েছেন তিনি।

আরও সক্ষম্টে মন্ড্রা মৈত্র, এফআইআর- এর পর এবার বাড়িতে সিবিআই হানা

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : লোকসভা ভোটের মুখে ফের তৎপর সিবিআই। এটাকেই কি প্রতিহিংসা বলে না। শনিবার আলিপুরে একটি ফ্ল্যাটে হানা দেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। নিরাপত্তারক্ষীদের দাবি, ওই ফ্ল্যাটটির মালিক ডি এল মৈত্র। তিনি পেশায় ব্যবসায়ী। সম্পর্কে কৃষকনগরের বহিষ্কৃত সাংসদ তথা লোকসভা নির্বাচনের তৃণমূল প্রার্থী মহ্মরা মৈত্রের বাবা। এদিন সকাল সাতটা থেকে শুরু হয়েছে তল্লাশি। সংসদে প্রথম বার বিনিময়ে প্রশ্ন কাণ্ডের তদন্তে ওই ফ্ল্যাটে তল্লাশি বলেই মনে করা হচ্ছে। শনিবার আলিপুরের ‘রক্তাঞ্জলি’ নামে এক আবাসনে যায় সিবিআই। কেন্দ্রীয় বাহিনী গোটা আবাসন ঘিরে ফেলে। ওই ফ্ল্যাটেই থাকেন মহ্মরা মৈত্রের বাবা। শেষ পাওয়া খবর অনুযায়ী, প্রায় চারঘণ্টা ধরে চলছে জোর তল্লাশি। কী কারণে তল্লাশি,

তা এখনও স্পষ্ট নয়। তবে মনে করা হচ্ছে, সংসদে টাকার বিনিময়ে প্রশ্ন কাণ্ডে তদন্তভার নেওয়ার পরই তদন্তে নেমেছে সিবিআই।



উল্লেখ্য, মহ্ময়ার বিরুদ্ধে প্রথম টাকার বদলে প্রশ্ন করার অভিযোগ তুলেছিলেন বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে। তিনিই তৃণমূল সাংসদের বিরুদ্ধে স্পিকারকে চিঠি লেখেন। লোকপালকেও চিঠি লেখেন তিনিই। তাঁর অভিযোগের ভিত্তিতেই মহ্ময়ার বিরুদ্ধে এখিষ

কমিটিকে তদন্তের নির্দেশ দেন স্পিকার ওম বিড়লা। দুবের অভিযোগের ভিত্তিতেই শেষ পর্যন্ত সাংসদ পদ হারান তৃণমূলের দাপুটে নেত্রী। মহ্ময়ার বিরুদ্ধে ইডি আগে থেকেই তদন্ত করছে। বিজেপি সাংসদ নিশিকান্ত দুবের অভিযোগের ভিত্তিতে গত ১৯ মার্চ তৃণমূল নেত্রীর বিরুদ্ধে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে তদন্তের বহিষ্কৃত দেন লোকপাল। সেই সঙ্গে নির্দেশ দেন, আগামী ৬ মাসের মধ্যে সিবিআইকে এই মামলায় প্রাথমিক রিপোর্ট জমা দিতে হবে। মহ্ময়ার বিরুদ্ধে দুর্নীতি দমন আইনে মামলা দায়ের করার নির্দেশ দিয়েছেন লোকপাল। সেই নির্দেশ মতো দুর্নীতি দমন আইনেই বহিষ্কৃত তৃণমূল সাংসদের বিরুদ্ধে মামলা দায়ের করে সিবিআই। আর তার পরই পরবর্তী পদক্ষেপ করবে প্রদেশ কংগ্রেস। এই পরিস্থিতি হবে,

বামফ্রন্টের দ্বিতীয় দফার প্রার্থী তালিকা জোটচর্চা, বামফ্রন্টের কার্যপদ্ধতিতে নজর কংগ্রেসের

দূরন্ত বাতা৩, কলকাতা, ২৩ মার্চ : বিজেপি, তৃণমূলের পর আজ শনিবার দ্বিতীয় দফায় প্রার্থী তালিকা ঘোষণা করল বামফ্রন্ট। প্রথম দফায় ১৬ আসনে প্রার্থীর নাম প্রকাশ করার পর আজ দ্বিতীয় দফার প্রার্থী তালিকা প্রকাশ করা হয় বামফ্রন্টের পক্ষ থেকে। এদিন আলিমুদ্দিন স্ট্রিটে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু ৪ প্রার্থীর নাম ঘোষণা করেন। বামদেবের প্রথম দফার প্রার্থী তালিকায় এ রাজ্যের ১৬টি লোকসভা আসনের প্রার্থীদের নাম প্রকাশ করেছিলেন তিনি। প্রথম দফার প্রার্থী তালিকায় বামদেবের ১৬ জন প্রার্থীর মধ্যে ১৩ জনই সিপিআইএ-এর। একটি করে আসন ফরওয়ার্ড বন্ধু, সিপিআই ও আরএসপি-কে প্রতিদ্বন্দ্বিতার জন্য ছেড়ে দেওয়া হয়েছে। লোকসভা নির্বাচনে তালিকায় নতুন মুখ ১৪ জন রয়েছে, তিন জন মহিলা। দ্বিতীয় দফায় আজ ৪ প্রার্থীর নাম ঘোষণা করেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেন আমাদের এখন আলচনা বাকি আছে ,বাকি আলোচনা করার পর সেশ প্রার্থীদের

নাম ঘোষণা করা হবে। দ্বিতীয় তালিকায়ও আবার নতুন ১ মুখ যাবে গেল বামফ্রন্টের লোকসভার প্রার্থী তালিকায়। মুর্শিদাবাদ মহম্মদ সেলিম। বোলপুর শ্যামালী প্রধান-বর্ধমান-দুরগাপুর সুকৃতি ঘোষাল, বামফ্রন্টের শরিকলগগুলি ছাড়া অন্য কারও সঙ্গে কোনওদিনই জোট ছিল না। ভোটের লড়াইর জন্য আসন সমঝতা হয়েছিল। এবারেও তা হতে পারে। এদিকে বামদেবের সঙ্গে আসন ফরওয়ার্ড বন্ধু, সিপিআই ও বেন কাটছে না কংগ্রেসের। আসন্ন লোকসভা ভোটে শরিকদের ‘সিপিএম পড়েছে টানাপোড়েনে। যার জেরে কংগ্রেসকেও তারা কোনও জবাব দিতে পারছে না। এই পরিস্থিতিতে প্রদেশ কংগ্রেস নেতৃত্ব তাদের জোট-চর্চা আপাতত দোলায়ত্রা পর্যন্ত স্থগিত রাখছে। এর মধ্যে সিপিএম শনিবারই আরও

কয়েকটি আসনে প্রার্থী ঘোষণা করে দিতে পারে। তাতে বাম শরিকদের সঙ্গে তাদের বিভাব্যপট্টা আরও স্পষ্ট হবে। ফলে কংগ্রেসের সঙ্গেও জোট-পর্ব আরও সহজ হতে পারে বলে আশা প্রদেশ নেতৃত্বের। তার পরই পরবর্তী পদক্ষেপ করবে প্রদেশ কংগ্রেস। এই পরিস্থিতি হবে,



তা আঁচ করে প্রথম থেকেই কংগ্রেসের সঙ্গে জোট আলোচনা চেয়েছিল সিপিএম। কিন্তু গোড়ায় কংগ্রেস তৃণমূলের সঙ্গে জোটে আগ্রহী ছিল। ফলে সিপিএমের সঙ্গে তারা আলোচনা চায়নি। পরে পরিস্থিতি বদলানোর পরও এআইসিসি-সিপিএমের সঙ্গে ‘জোটে যেতে আগ্রহী ছিল না বলে

জানাচ্ছে এআইসিসি-র একটি সূত্র। সেই কারণেই প্রার্থী বাছাই বা বামফ্রন্টের সঙ্গে জোট নিয়ে কংগ্রেসের এত গড়িমসি ছিল বলে খবর। ফলে দলে এই প্রশ্নও উঠেছিল যে, রাজ্যে সিপিএমের সঙ্গে কংগ্রেস কেন জোট করছে? ইন্ডিয়া জোটে থেকেও রাজ্যে কংগ্রেসের সঙ্গে জোট এড়িয়েছে তৃণমূল। প্রদেশ সভাপতি অধীর চৌধুরী লাগাতার তৃণমূলকে আক্রমণ করছেন বলে অভিযোগ তুলে বাংলায় কংগ্রেসের হাত তৃণমূল ধরবে না বলে জানিয়ে দিয়েছে। এই পরিস্থিতিতেই কংগ্রেস হাইকমান্ড চাপে পড়ে যায়। তাদের বিভিন্ন জেলা নেতৃত্ব হাইকমান্ডকে যে যুক্তি দিয়েছে তাতে জনা গিয়েছে, জোট ছাড়া বাংলায় ন্যূনতম আসন প্রাপ্তিও অসম্ভব। তৃণমূলের সঙ্গে আসন রফা হলেই সব থেকে কার্যকরী জোট হত। তা যখন হল না, সিপিএমই সহ। সেই কারণেই কংগ্রেস নিরুপায় হয়েও সিপিএমের হাত ধরছে বলে এখনও পর্যন্ত খবর।

মায়ামি ওপেনে দারুণ জয় দিয়ে শুরু করলেন কাজাকিস্তানের মেয়ে এলেনা রিবাকিনা। তিনি চতুর্থ বাছাই হিসেবে খেলছেন মহিলা এককে। ...বিস্তারিত পাতা ৮

পিকে, প্রাক্তন ভোটকুশলীকে নিয়ে বিস্ফোরক অভিষেক



দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : দিন কয়েক আগে প্রাক্তন ভোটকুশলী তথা অধুনা রাজনীতিক প্রশান্ত কিশোর এক সাক্ষাৎকারে দাবি করেছিলেন, বাংলার বুকে লোকসভায় চমকপ্রদ ফল করবে বিজেপি। এমনকী তৃণমূলকে টপকে গেরুয়া শিবির রাজ্যের ‘এক নম্বর দল’ হিসাবে উঠে আসতে পারে বলেও ভবিষ্যদ্বাণী করেছিলেন পিকে। এবার সেই পিকে-কে নিয়ে পাল্টা এল তৃণমূলের তরফে। খোদ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলে দিলেন, প্রশান্ত কিশোরকে নিয়ে বাড়াবাড়ি প্রচার হয়। একুশের বিধানসভা নির্বাচনের আগে তাদের ‘জুটি’ বন্ধ রাজনীতিতে বেশ চর্চায় ছিল। তৃণমূলের প্রচার অভিযান থেকে শুরু করে, স্লোগান তৈরি, দলের অন্দরে কর্পোরেট ধাঁচের আমদানি, সবকিছুই করত প্রশান্তের সংস্থা আই প্যাক। অনেকে বলেন, একুশের বিধানসভায় তৃণমূলের বিরটি জয়ের নেপথ্যের অন্যতম কারিগর ছিলেন এই ভোটকুশলী। এমনকী বিধানসভা নির্বাচনের আগে যখন বিজেপি বুক বাজিয়ে দাবি করছিল, ‘আর কি বার ২০০ পার’, তখন এই প্রশান্ত কিশোরই পাল্টা চ্যালেঞ্জ ছুঁড়ে বলেছিলেন, ‘বিজেপি ১০০ আসন পেতোলে নিজের পোশা তিনি ছেড়ে দেবেন।’ বস্ত্ত বাংলার বিধানসভা নির্বাচনের পর ভোটকুশলী হিসাবে প্রশান্ত কিশোরের ব্যাতি অনেকটা বেড়ে যায়। তাঁকে নিয়ে সংবাদমাধ্যম থেকে শুরু করে সোশাল মিডিয়া, সর্বত্র রীতিমতো হল্লা শুরু হয়ে যায়। এক সাক্ষাৎকারে সেই পিকে সম্পর্কে প্রশ্ন করা হলে অভিষেক বন্দ্যোপাধ্যায় সংক্ষেপে বলে দিলেন, ‘প্রশান্ত কিশোর ওভাররেটেড, ওভারহিপইড।’ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বৃষ্টিয়ে দিলেন, পিকে-কে নিয়ে যে পরিমাণ ইচ্ছাই হয়, সেটা একটু বাড়াবাড়ি। বিহারের ওই ভোটকুশলী প্রচারণার তুলনায় বেশিই প্রচারের আলো পান। তবে রাজনৈতিক মহল মনে করছে অভিষেকের এই মন্তব্যে একটু স্পষ্ট যে প্রশান্তের সঙ্গে আর যোগাযোগ নেই তৃণমূলের।

‘চাঁদার টাকায়’ তৃণমূলের নির্বাচনী তহবিল : কুণাল

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : নির্বাচনী বন্ড নিয়ে কুণাল ঘোষের বক্তব্য কারা ঘাসফুলকে কত দিয়েছে সেটা ‘আমরা জানতাম না বলে দাবি করলেন তৃণমূল নেতা কুণাল ঘোষ। তিনি আরও আজব একটি যুক্তি দিয়েছেন। শনিবার সাংবাদিক বৈঠক করে তৃণমূল নেতা কুণাল ঘোষ। নিচানী বন্ড নিয়ে তাঁকে প্রশ্ন করা হলে তিনি জানান, আমরা কি করে জানব কে কত টাকা দিয়েছে? তৃণমূল ভবনের বাইরে ড্রপ বন্ড রাখা রাখত। যার যেমন ইচ্ছে হত সে তেমন দিয়ে যেত। এখানেই শেষ নয়, তিনি আরও বলেন, কে কত টাকা দিয়েছে সেটা জানার উপায় ছিল না। কারণ এইলেননে পুরোটাই হতো কাণ্ডের মাধ্যমে। সংস্থার নাম জানা যেত না। পাল্টা সাংবাদিকরা প্রশ্ন করে, তাহলে এই ১হাজার ৬০৯কোটি অনুদানের এলো কীভাবে তিনি সাবলীল ভাবে উত্তর দেন, হয়ত তৃণমূলের কাজ ভাল লেগেছে। তাই চাঁদা হিসেবে দিয়ে গেছে। এই চাঁদাকে তিনি ‘উন্নয়নের জন্য চাঁদা’ বলে উল্লেখ করেন। প্রসঙ্গত তৃণমূলকে মোট ১ হাজার ৬০৯ কোটি অনুদানের তত্ত্ব সামনে এসেছে। বিজেপির পরেই টাকার অঙ্কে দ্বিতীয় স্থানে ঘাসফুল শিবির। ফিউচার গেমিং এন্ড হোটেল সার্ভিস ৫৪২ কোটি টাকা অনুদান দিয়েছে ঘাসফুল শিবিরকে। স্যানিটায়গো মারিটমের সংস্থা তৃণমূলকে সবচেয়ে বেশী অনুদান দিয়েছে বলে জানা গিয়েছে। তবে কুণাল ঘোষের এহেন তত্ত্বের সমালোচনা করেছে বিরোধীদলগুলি।

৭১ ঘণ্টা পর শেষ তল্লাশি, স্বরূপ বিশ্বাসকে আয়কর দপ্তরের নোটস

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : ৭১ ঘণ্টা তল্লাশি চালানোর পরে মন্ত্রী অরুণ বিশ্বাসের ভাই স্বরূপের বাড়িতে তল্লাশি শেষ। এবার নোটস পাঠানো হয়েছে তাঁকে। আগামী এপ্রিল মাসের প্রথম সপ্তাহে হাজিরা দিতে হবে। নোটস পাওয়ার কথা জানিয়েছেন মন্ত্রী রাই। রাজ্যের মন্ত্রী অরুণ বিশ্বাসের ভাই স্বরূপ বিশ্বাসের বাড়িতে তল্লাশি চালিয়েছে আইটি। তিনি অবশ্য দাবি করেছেন, ‘রাজনৈতিক প্রতিহিংসা’ চরিতার্থ করতেই ওই তল্লাশি। তবে দীর্ঘ তল্লাশি এবং জিজ্ঞাসাবাদের পর স্বরূপাবাবু এবং তাঁর কাউন্সিলর জুই জুই বিশ্বাসকে দৃশ্যতই বিধস্ত দেখিয়েছে। রাজ্যের দাপুটে মন্ত্রী অরুণ বিশ্বাসের ভাই জানিয়েছেন, তাঁর বাড়ি থেকে কোনও নগদ, গয়না বা কাগজপত্র কিছু বাজেয়াপ্ত করেনি আইটি টিম। স্বরূপাবাবুর কথাযি, ‘ওরা যে গ্রিফকেন নিয়ে এসেছিলেন, সেটা নিয়েই বেরিয়ে গিয়েছেন।’ আয়কর কর্তারা যা যা প্রশ্ন করেছেন, তার সব উত্তরই তিনি দিয়েছেন বলেও দাবি স্বরূপাবাবুর।



ভগৎ সিং সুখদেব ও রাজগুরুকে স্মরণ প্রধানমন্ত্রীর, বীরদের প্রতি শ্রদ্ধাঞ্জলি মোদীর

নয়াদিল্লি, ২৬ মার্চ : শহিদ দিবসে বিপ্লবী ভগ সিং, সুখদেব এবং রাজগুরুকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। শনিবার সকালে এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, দেশ আজ সশ্রদ্ধাচিত্তে ভারত মাতার বীর সন্তান ভগ সিং, সুখদেব ও রাজগুরুকে স্মরণ করছে। শহিদ দিবসে দেশজুড়ে আমার পরিবারের সদস্যদের পক্ষ থেকে তাদের প্রণাম জানাই। জয় হিন্দ!উল্লেখ্য, ১৯৩১ সালে ব্রিটিশরা ‘লাহোর যডযত্ন’ মামলায় তিন স্বাধীনতা সংগ্রামীকে ফাঁসি দিয়েছিল এবং তাঁদের ত্যাগ ও বীরত্বের কাহিনী ভারতীয় স্বাধীনতা আন্দোলনের অন্যতম অনুপ্রেরণামূলক অধ্যায় হিসেবে বিবেচিত হয়। প্রধানমন্ত্রী এদিন টুইট করে লিখেছেন, ভারত মাতার বীর সন্তান ভগ সিং, সুখদেব ও রাজগুরুকে দেশ আজ স্মরণ করছে।

বাংলা চলচ্চিত্র জগতে শোকেব আবহ, প্রয়াত বধীয়ান অভিনেতা পার্থসারথি দেব



কলকাতা, ২৬ মার্চ ২দীর্ঘ দিনের শারীরিক অসুস্থতা কেড়ে নিল প্রাণ! প্রয়াত হয়েছেন টলিউড অভিনেতা পার্থসারথি দেব। গত কয়েক দিন ধরে শারীরিক অসুস্থতায় ভুগছিলেন তিনি। ভর্তি ছিলেন বাবুুর হাসপাতালে। শুক্রবার রাত ১১.৫০ মিনিট নাগাদ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় জীবনাবসান হয়েছে তাঁর। মৃত্যুকালে বয়স হয়েছিল ৬৮ বছর।অভিনেতার পরিবার সূত্রের খবর, দীর্ঘ দিন সিওপিডি-র সমস্যায় ভুগছিলেন পার্থসারথি। ফুসফুসে সংক্রমণ ছিল। তাঁর নিউমোনিয়াও ধরা পড়েছিল। বুকে সংক্রমণ ছড়িয়ে পড়েছিল। ৯ ফেব্রুয়ারি থেকে বাবুর হাসপাতালে তাঁর চিকিৎসা চলছিল। ভেটি লেশন সাপোর্টে রাখা হয়েছিল বর্ধমান অভিনেতাকে। ‘পশ্চিমবঙ্গ মোশন পিকচার্স আর্টিস্ট ফে’রাম’-এর সহ-সভাপতি ছিলেন পার্থসারথি। ঘনিষ্ঠমহলে পরিচিত ছিলেন ‘পার্থদা’ হিসাবেই।

ইমেল মারফত এল হুমকি, তামিলনাড়ুর পালানি রেল স্টেশনে বোমাতক্ষ



ডিল্লিগুল, ২৬ মার্চ : ইমেল মারফত আসা একটি হুমকিকে ঘিরে ব্যাপক চঞ্চল হুড়াল তামিলনাড়ুর পালানি রেল স্টেশনে। ইমেল পাওয়ার পরই বোমাতক্ষ ছড়িয়ে পড়ে স্টেশনে, চারিদিক তন্ন তন্ন করে তল্লাশি চালানো হয়। বোমা হামলার হুমকি পাওয়ার পর শনিবার ৫০ জনেও বেশি পুলিশ কর্মী পালানি রেলস্টেশন পরিদর্শন করেছেন। কিন্তু, কোথাও কোনও বোমা পাওয়া যায়নি। ডিল্লিগুল এসপি প্রদীপ বলেছেন, পালানি রেল স্টেশনে বোমা হামলার হুমকি আমরা ইমেলের মাধ্যমে পেয়েছি। তাইই আমরা টেন, রেল স্টেশনে তল্লাশি চালিয়েছি। সেখানে কোনও বোমা নেই। আরও তদন্ত চলছে। পুলিশ কু কুরের সাহায্যের স্টেশন চত্বরে তল্লাশি চালানো হয়।

সম্পূর্ণ অর্থায়ন ভারতের, থিম্পুতে মা ও শিশু হাসপাতালের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

থিম্পু, ২৬ মার্চ : ভূটানের থিম্পুতে গায়ালতসুয়ান জেটসুন পেমা ওয়াংচুক মা ও শিশু হাসপাতালের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভূটান সফরের অন্তিম দিনে শনিবার সকালে থিম্পুতে গায়ালতসুয়ান জেটসুন পেমা ওয়াংচুক মা ও শিশু হাসপাতালের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী মোদী, উপস্থিত ছিলেন ভূটানের রাজা শেরিন তেবগেগা ও এই হাসপাতালটি সম্পূর্ণরূপে



ভারত সরকারের অর্থায়নে পরিচালিত হয়েছে। থিম্পুতে গায়ালতসুয়ান জেটসুন পেমা

ওয়াংচুক মা ও শিশু হাসপাতালের উদ্বোধনের বিষয়ে, ভূটানের স্বাস্থ্যমন্ত্রী

লিয়নপো ট্যাঙিন ওয়াংচুক বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই হাসপাতালের উদ্বোধন করেছেন, এটা স্বাস্থ্য মন্ত্রক এবং ভূটানের সমস্ত জনগণের জন্য সম্মানের বিষয়। এই হাসপাতালটি ১৫০ শয্যা বিশিষ্ট ভূটানের সকল মা ও শিশুদের জন্য উৎসর্গ করা হয়েছে। এই হাসপাতাল উদ্বোধন করার পর প্রধানমন্ত্রী মোদী এল্প মাধ্যমে জানিয়েছেন, এই সুবিধা সুস্থ ভবিষ্যত প্রজন্মকে লালনপালনের প্রতিক্রি় মূর্ত করে।

ওয়াংচুক মা ও শিশু হাসপাতালের উদ্বোধনের বিষয়ে, ভূটানের স্বাস্থ্যমন্ত্রী

ওয়াংচুক মা ও শিশু হাসপাতালের উদ্বোধনের বিষয়ে, ভূটানের স্বাস্থ্যমন্ত্রী

অনুরাগের উপস্থিতিতে বিজেপিতে হিমাচলের ৬ বিদ্রোহী বিধায়ক, ৩ নির্দল এমএলএও পদ্মশিবিরে शामिल

নয়াদিল্লি, ২৬ মার্চ :ভারতীয় জনতা পার্টিতে যোগ দিলেন হিমাচল প্রদেশের ৬ বিদ্রোহী বিধায়ক। শনিবার দিল্লিতে, বিজেপির সদর দফতরে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুরের উপস্থিতিতে বিজেপিতে যোগ দিয়েছেন হিমাচলের ৬ বিদ্রোহী বিধায়ক। সুধীর শর্মা, রবি ঠাকুর, ইন্দরদত্ত লখনপাল, দেবেন্দ্র ভট্টে, রাজেন্দ্র রাণা এবং চৈতন্য শর্মা, হিমাচল প্রদেশ বিজেপির সভাপতি রাজীব বিন্দল এবং কেন্দ্রীয়

মন্ত্রী অনুরাগ ঠাকুরের উপস্থিতিতে বিজেপিতে যোগ দিয়েছেন। এছাড়াও এদিন হিমাচল প্রদেশের তিন নির্দল বিধায়ক- আশিস শর্মা, কে এল ঠাকুর এবং হোশিয়ার সিং বিজেপি পরিবারের शामिल হয়েছেন। বিজেপিতে যোগদানের পর, হিমাচলের বিদ্রোহী বিধায়ক রাজেন্দ্র রানা বলেছেন, কংগ্রেস সরকার হিমাচল প্রদেশের জনগণের কাছে যে গ্যারান্টি দিয়েছে তা পূরণ করছে না। মুখ্যমন্ত্রী একজন স্বৈরশাসক এবং

মানুষকে অপমান করেছেন। বিধায়কদের কথা শোনার মতো কেউ ছিল না। হিমাচল সরকার ভেটিলেটরে রয়েছে। হিমাচলের বিদ্রোহী বিধায়ক সুধীর শর্মা বলেছেন, আমরা যখন আমাদের জনগণকে দেওয়া প্রতিশ্রুতি পূরণ করতে অক্ষম তখন বিধায়ক হয়ে কী লাভ। সেই কারণেই রাজ্যসভা নির্বাচনে, আমরা হর্ষ মহাজনকে ভেটি দিয়েছিলাম যিনি আমাদের

রাজ্যের। আমাদের ভোট লুকিয়ে রাখিনি, আমরা প্রকাশ্যে দেখিয়েছি। আমরা শেষ পরিস্থিতি জানতাম। আজ আমরা সবাই নিজ থেকেই বিজেপিতে যোগ দিয়েছি। বিদ্রোহী হিমাচল বিধায়ক ইন্দর দত্ত লখনপাল বলেছেন, কংগ্রেসের কার্যকরীতা ভেঙে গিয়েছে। হাইকমান্ডের কোনও প্রভাব নেই বা দলীয় কর্মীদের জন্য কোনও সম্মান নেই।

তৃণমূল ছাত্র পরিষদের উদ্যোগে গঙ্গারামপুর কলেজে পালিত হল বসন্ত উৎসব

দক্ষিণ দিনাজপুর,২৬মার্চ: ওরে ভাই ফাগুন লেগেছে বনে বনে এই গানের লাইন এখন আকাশে বাতাসে ভেসে বেড়াচ্ছে লেগেছে দোল, স্কর হচ্ছে বসন্ত উৎসব তার আগে মেতে উঠেছে আপমর বাঙালি দোলের রঙে। আর সেই বসন্ত উৎসবকে সাম্মী করে একে অপরকে আবির লাগিয়ে দোলের উৎসবে মেতে উঠেছে

আবালবন্ধবিনিতা। সে মতো অবস্থায় এক মনোজ্ঞ অনুষ্ঠানের মধ্য দিয়ে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর কলেজে পালিত হল বসন্ত উৎসব। শনিবার কলেজ প্রাস্তনে আয়োজন করা হয়েছিল বসন্ত উৎসব উদযাপনটি। উপস্থিত ছিলেন কলেজ প্রিন্সিপাল দীপক জানা,গঙ্গারামপুর পৌরসভার

চেয়ারম্যান প্রশান্ত মিত্র, রাজ্য তৃণমূল ছাত্র পরিষদের সম্পাদক কৌশিক সাহা সহ অন্যান্য বিশিষ্ট জনেরা। বসন্ত উৎসব উপলক্ষ্যে এদিন নাচ,গান, কবিতা পরিবেশন করেন কলেজের পড়ুয়ারা। পাশাপাশি একে অপরকে আবির মাখিয়ে বসন্তের শুভেচ্ছা বিনিময় করেন সকলে। প্রসঙ্গত

আগামী ২৫ সে মার্চ দোল পূর্ণিমা অর্থা বসন্ত উৎসব আর প্রবিন্ধব বসন্ত উৎসবে মাতে আট থেকে আশি সকেলোই। তাই এখন কলেজের পড়ুয়াদের বসন্তের ছোঁয়া দিতে এই প্রথম গঙ্গারামপুর কলেজে বসন্ত উৎসব উদযাপনের আয়োজন করে তৃণমূল ছাত্র পরিষদ। বসন্ত উৎসবের এই অনুষ্ঠানে প্রত্যেকের উপস্থিতি ছিল যথেষ্ট লক্ষ্যমী।

বিশ্ব জল দিবস পালন টেরঙ্গী অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে শান্তির জন্য জল

দুরন্ত বার্তা,২৬মার্চ: গত ২২ শে মার্চ, বিশ্ব জল দিবস (World Water Day) উযআপনএ সাগরের চৌরঙ্গী অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়।১৯৯২ সালের ডিসেম্বরে রাষ্ট্রসংঘের সাধারণ সভা ২২ মার্চ তারিখটিকে বিশ্ব জল দিবস (World Day for Water or World Water Day) হিসেবে ঘোষণা করে। ১৯৯২ সালে ব্রাজিলের রিও ডি জেনিরোতে রাষ্ট্রসংঘ পরিবেশ ও উন্নয়ন সমন্মেলনের (UNCED) এজেন্ডা ২১-এ প্রথম বিশ্ব জল দিবস পালনের আনুষ্ঠানিক প্রস্তাবটি উত্থাপিত হয়। ১৯৯৬ সালে প্রথম বিশ্ব জল দিবস পালিত হয়.এবং তার পর থেকে এই দিবস পালনের গুরুত্ব ক্রমশ বৃদ্ধি পেতে থাকে। বিশ্ব জল দিবস পালনের মূল উদ্দেশ্য হল জল সংরক্ষণ। বিশ্বালয়ের প্রধান শিক্ষক তাপস মণ্ডল বলেন ২০২৪ এ বিশ্ব জল দিবসের থিম হলো ‘শান্তির জন্য জল’।মানুষের জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জািয়ে জলসম্পদ। আজ বিশ্ব জল দিবস। জল অপচয়ও আজ ক্রমবর্ধমান। পরিস্রুত পানীয় জল খুব বেশি নেই। অন্যদিকে ক্রমশ জনসংখ্যা বেড়ে চলেছে। ফলে দ্রুত সাবধান না হলে ভয়াবহ জলকষ্টের মুখে পড়তে পারে গোটা পৃথিবী। এই গুরুত্বপূর্ণ উপাদানগুলির সংকট তাইই মানবসভ্যতার সংকটও বটে। ধীরে হলেও বিগত কয়েক দশকে একধারার সারমর্ম বুঝতে শিখেছি আমরা। একটি একটু করে গড়ে উঠছে প্রকৃতি বিষয়ক সচেতনতা। প্রকৃতি বাঁচুক, মানুষের শুভবুদ্ধির উদয় হোক, এই আমাদের চ্যো। ভূগর্ভস্থ জল অদৃশ্য কে দৃশ্য মান করুন এই থিমটি কে সামনে রেখে গত শুক্রবার সাগরে র চৌরঙ্গী অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে জল সং রক্ষণ করো,জল ধরো।জল অপচয় বন্ধকরো।এই স্লোগানে র মাধ্যমে২২মার্চ পালিত হলো সাগরের চৌরঙ্গী অবৈতনিক প্রাথমিক



বিদ্যালয়ে বিশ্ব জল দিবস।আমরা সকল সচেতন মানুষই অবগত যে ২২শে মার্চ বিশ্বজুড়ে বিশ্ব জল দিবস পালিত হয়। ১৯৯৬ সালে জাতিসংঘের সাধারণ পরিষদ জলের প্রয়োজনীয়তা এবং সংরক্ষণ সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য এই দিনটিকে একটি বার্ষিক অনুষ্ঠান হিসাবে উদযাপন করার সিদ্ধান্ত নেয়। আনুষ্ঠানিকভাবে এটি ব্রাজিলের রিও ডি জেনেরিওতে ১৯৯২ সালের পরিষদে ও উন্নয়ন সম্পর্কিত জাতিসংঘের সম্মেলন এর ২১ নম্বর তফসিলে প্রথম যুক্ত করা হয়েছিল। এবং ১৯৯৬ সাল থেকে জলের গুরুত্ব সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য বিশ্ব জল দিবস উদযাপন শুরু হয়।১৯৯৬ সাল থেকে মিষ্টি স্বাদু স্জলের গুরুত্ব তুলে ধরার জন্য এটি গত ২২ মার্চ পালিত হচ্ছে। জাতিসংঘের মতে, প্রায় ২.২ বিলিয়ন মানুষ নিরাপদ জলের প্রবেশাধিকার ছাড়াই বসবাস করছে। দিবসটি বিশ্বব্যাপী জলের সংকট মোকাবেলার পদক্ষেপ নেওয়ার উপর দৃষ্টি নিবদ্ধ করে। জাতিসংঘের মতে, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিশ্বের সর্বনিম্ন মাথাপিছু জলের প্রাপ্যতা রয়েছে, এই অঞ্চলে ২০৫০ সালের মধ্যে ভূগর্ভস্থ জলের ব্যবহার ৬০ বৃদ্ধি পাবে বলে আশা করা

হচ্ছে।সেচের জন্য ব্যবহৃত সমস্ত জলের প্রায় ৪০ জলজ থেকে আসে। এছাড়াও, পৃথিবীর প্রায় সব তরল স্বাদু জলই ভূগর্ভস্থ জলতাই বিশ্ব জল দিবস প্রতি বছর গত ২২শে মার্চ সারা বিশ্বে পালিত হয়। এটি জলের গুরুত্ব এবং কীভাবে এটি সংরক্ষণ করা যায় সেদিকে মনোযোগ দেয়। আমরা জানি যে জল জীবনের জন্য অপরিহার্য, জল ছাড়া আমরা বাঁচতে পারি না। মানুষের প্রাপ্তবয়স্ক শরীরের ৬০ পর্যন্ত জলা সব উদ্ভিদ ও প্রাণীর বেঁচে থাকার জন্য জলের প্রয়োজন।তাই জল না থাকলে পৃথিবীতে জীবনা থাকত না।ভস্তুতএব, এটা বুঝতে হবে যে পৃথিবীতে জীবন টিকিয়ে রাখার জন্য প্রাকৃতিক সম্পদ গুরুত্বপূর্ণ। জলবায়ু পরিবর্তনের ফলে পরিবেশ ও বাস্তুত্ব ক্ষতিগ্রস্ত হয় এবং ফলে জল সংকট দেখা দেয়। বন্যা, খরা এবং জল দূষণের কারণে গাছপালা, মাটি, নদী এবং হ্রদ অবনতিশীল।বিশ্ব জল দিবস পালিত হয় বেশ কয়েকটি অনুষ্ঠানের আয়োজন করে, সামাজিক যোগাযোগ মাধ্যমে বার্তা বিতরণ করে, বিদ্যুত্ জলের গুরুত্ব এবং রক্ষণশীল ব্যবস্থা, ইত্যাদির উপর ভিত্তি করে শিক্ষামূলক সামাজিক সচেতনতা। যা জল চক্রের ভারসাম্য বজায় রাখতে

বাইশ তম নাট্য উৎসব দু হাজার চব্বিশ

নিজস্বসংবাদদাতা,বাগনান,হাওড়া: গ্রামীণ হাওড়া জেলার বাগনান ১ নং ব্লকের অন্তর্গত বাঙালপুর বয়েজ ক্লাব এর উদ্যোগে বাইশ তম নাট্য উৎসব দু হাজার চব্বিশ অনুষ্ঠিত হল বাঙালপুর সিংহবাহিনী তলার মঞ্চোনাট্য উৎসব প্রসঙ্গে বাঙালপুর বয়েজ ক্লাব এর সম্পাদক তপন ঘোষ বলেন, বাঙালপুর বয়েজ ক্লাব আজম্ম সৌরব মহাশয়্যে অন্যান্য ক্লাব তৈরি হয়েছিল উল্লিশশো তেত্রিশ খৃষ্টাব্দে। দক্ষিণ কলকাতাে বাবানীপুর অঞ্চলের একটি ক্লাবের নাম ‘ বয়েজ ক্লাব ’ দেখে এবং ক্লাবের কর্মধারায় উদ্বুদ্ধ হয়ে এই ক্লাবের নামকরণ করা হয়শুভ বাঙালপুর বয়েজ ক্লাব । এই ক্লাব সাহিত্য – সংস্কৃতির ক্ষেত্রে বাগনান



ধানার মধ্যে বলা যায় শীর্ষোচর্চকিশ বছর আগে এই এলাকার মানুষের মনোরাগন করার জন্য আমরা নাট্য উৎসব ও প্রতিযোগিতার আয়োজন করেছিলাম।নাট্য প্রসার, এলাকার

যুবক- যুবতিদের প্রতিভার বিকাশ ঘটানো, নাটকের প্রতি যুব সম্প্রদায়ের উৎসাহ বৃদ্ধি, অভিনয়ের প্রতি যুব সম্প্রদায়কে উসাহিত করার জন্য এই নাট্য উৎসব ও প্রতিযোগিতার আয়োজন। বিগত কয়েক বসর আগে এই নাট্য প্রতিযোগিতা করতে গিয়ে আমরা অসুবিধার সম্মুখীন হয়েছিলাম। অভিনয়ের দিন নাট্য দল গুলি নানান অজুহাত দেখিয়ে অভিনয় মঞ্চস্থ করতে আসতে না।আমরা ভীষণ অসুবিধায় পড়তাম। তারপরই আমরা নাট্য প্রতিযোগিতা করার সিদ্ধান্ত পরিবর্তন করে প্রদর্শনী নাট্য উৎসব করার মনস্থির করে নাট্য উৎসব সংগঠিত করে চলেছি। চর্চিশ বছর আগে এই নাট্য উৎসব ও

প্রতিযোগিতা শুরু হলে ও এই বসর আমাদের নাট্য উৎসব এর বয়স বাইশ।কারণ করোনা মহামারির পরিস্থিতিতে দুই বসর নাট্য উৎসব সংগঠিত হয় নি। দুইহাজার চর্চিশ সালে বাইশ তম নাট্য উৎসবে দু দিন ব্যাপী নাট্য উৎসবে পঞ্চমবছরের বিভিন্ন পান্ত্রের নামকরা চারটি নাট্য দল অংশগ্রহণ করে। প্রথম দিন মঞ্চস্থ হল ‘শিল্পায়ন গোবরডাঙা নাট্য দলের নাটক ‘ তারাপ্রসঙ্গের কীর্তি ‘ এবং আলেয়া হাটনার নাট্য দলের নাটক ‘ গ্রাস ‘। দ্বিতীয় দিন মঞ্চস্থ হয় ‘ইউনিট মালঞ্চ’’ হালিশহর নাট্য দলের নাটক ‘ সেই এক ঘ্যান ঘ্যান ‘ এবং মঞ্চদেনা গণেশপুর নাট্য দলের নাটক ‘ অ – পূর্বা ‘।এই নাট্য উৎসব এলাকার বেশ আনন্দজনক সৃষ্টি করেছে।

সফল ভুটান সফরের সমাপ্তি, মাতৃভূমির উদ্দেশ্যে রওনা প্রধানমন্ত্রী মোদী

থিম্পু, ২৬ মার্চ :দু’দিনের সফল ভুটান সফর শেষে মাতৃভূমির উদ্দেশ্যে রওনা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার সকালে থিম্পু থেকে ভারতের উদ্দেশ্যে রওনা হয়েছেন প্রধানমন্ত্রী মোদী। বিশেষ আতিথেয়তা হিসাবে, ভূটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক এবং প্রধানমন্ত্রী শেরিং তোবগে বিমানবন্দরে মোদীকে বিদায় জানাতে এসেছিলেন। ভূটানের আতিথেয়তায় আত্মতৃপ্ত প্রধানমন্ত্রী মোদীও দু’দিনের সফরে শুক্রবার সকালেই ভূটানের উদ্দেশ্যে রওনা হন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার সারা দিন ভূটানে একগুচ্ছ অনুষ্ঠানে অংশ নেন প্রধানমন্ত্রী। পাশাপাশি ভূটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক এবং প্রধানমন্ত্রী শেরিং তোবগের সঙ্গে কথা বলেছেন মোদী। সফরের অন্তিম দিন, শনিবার সকালে থিম্পুতে গায়ালতসুয়ান জেটসুন পেমা ওয়াংচুক মা ও শিশু হাসপাতালের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এরপর মাতৃভূমির উদ্দেশ্যে রওনা হন তিনি। অন্যদিকে কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেত্রী স্মৃতি ইরানিকে জন্মদিনের হার্দিক শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্মৃতি ইরানির ভূয়সী প্রশংসা করে প্রধানমন্ত্রী মোদী সামাজিক মাধ্যম এক্স-এ লিখেছেন, আমাদের নারী শক্তিকে ক্ষমতায়নের অগ্রভাগে রয়েছে তিনি। স্মৃতি ইরানির দীর্ঘায়ু ও সুস্থতা কামনা করেছেন প্রধানমন্ত্রী মোদী।প্রধানমন্ত্রী মোদী শনিবার সকালে এক্স মাধ্যমে লিখেছেন, কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানিকে জন্মদিনের শুভেচ্ছা। আমাদের নারী শক্তিকে ক্ষমতায়ন করতে এবং সংক্যাল্ধ মানুষের আশা-আকাঙ্খা পূরণে তিনি অগ্রভাগে আছেন। তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

পঞ্জাবের সাংস্করে বিষমদ কাণ্ডে মৃত্যু বেড়ে ২০, ৪ সদস্যের সিট গঠন

সাংস্কর, ২৬ মার্চ :পঞ্জাবের সাংস্করে বিষমদ কাণ্ডে মৃত্যুর সংখ্যা বেড়ে হল ২০। শনিবার এডিজিপি গুরিন্দর খিল্লন বলেছেন, এই মামলার এখনও পর্যন্ত ২০ জনের মৃত্যু হয়েছে। এই ঘটনার তদন্তে ৪ সদস্যের বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করা হয়েছে। শনিবার প্রশাসন সূত্রের খবর, আরও ৬ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বোে ২০ হয়েছে।এদিকে, এই ঘটনার তদন্তে পুলিশের অতিরিক্ত মহাপরিচালক (এডিজিপি) পদমর্যাদার আধিকারিকদের নেতৃত্বে ৪ সদস্যের একটি বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করা হয়েছে। ১১ জনের চিকিসা চলছে পাটিয়ালার রাজীন্দ্র হাসপাতালে এবং ৬ জন সাংস্করের সিভিল হাসপাতালে চিকিৎসাধীন। শনিবার সাংস্কর সিভিল সার্জন কিরণলা সিং বলেছেন, এই ঘটনায় এখনও পর্যন্ত ২০ জনের মৃত্যু হয়েছে।

এএপি বিধায়ক গুলাব সিং যাদবের বাড়িতে আয়কর হানা, কেন্দ্রকে আক্রমণ সৌরভের

নয়াদিল্লি, ২৬ মার্চ :আবগারি দুর্নীতি মামলায় দলের শীর্ষ নেতা এখন ইডি-র হেফাজতে, এবার আম আদমি পার্টির বিধায়ক গুলাব সিং যাদব আয়কর দফতরের আতসকাঁচে। শনিবার সকালে থেকে এএপি বিধায়ক গুলাব সিং যাদবের বাািতে তল্লাশি অভিযান চালাচ্ছে আয়কর দফতর। শেষ পাওয়া খবর অনুযায়ী, এখনও আয়কর দফতর তল্লাশি অভিযান চালিয়ে যাচ্ছে।এদিকে, ইডি-র এই অভিযানের প্রেক্ষিতে কেন্দ্রের সমালোচনা করলেন এএপি নেতা তথা দিল্লির মন্ত্রী সৌরভ ভররাজ। ইডি-র অভিযান প্রসঙ্গে সৌরভ ভররাজ বলেছেন, শুধুমাত্র ভারতের নয়, সমগ্র বিশ্বের মানুষ জানতে পেরেছে যে বিজেপি সরকার সমগ্র বিরোধী দলকে জেলে ভরতে ব্যস্ত। এই দেশ রাশিয়ার পথ অনুসরণ করছে...বাংলাদেশ, পাকিস্তান, উত্তর কোরিয়ায় দেখা গিয়েছে, এখন ভারতও একই পথে হাটছে। বিশ্বের সর্ববৃহৎ গণতন্ত্র এখন স্বৈরাচারের পথে, যেখানে মানুষের মৌলিক অধিকার শেষ হবে, যেখানে বিরোধী দলকে থামিয়ে দেওয়া হবে... আমাদের শীর্ষ ৪ নেতা মিথ্যা মামলায় কারাগারে।

পূর্ণ বয়স্ক বাঘরোল উদ্ধার ও সচেতনতা বার্তা



অভিজিৎ হাজরা,বাগনান, হাওড়াঃবাগনান থানার নুটিয়া গ্রামে অরবিন্দ হাজরার বাড়ির মুরগির খামারের পাশে বাঘকে একটি পূর্ণবয়স্ক পুরুষ বাঘরোল আশ্রয় নেয়। সকালে বাড়ির লোকেরা বাঘকেই ঢুকবার সময় বাঘরোলের গোঙানির আওয়াজে ভয় পেয়ে যান।গ্রামে খবর ছড়িয়ে পড়তেই এলাকার লোকজন জড়ো হতে শুরু করে। প্রচুর ভিড় জমে যায় এবং বাঘরোলটি ভয়ে গর্জন শুরু করে। এলাকার সমাজসেবী অরুন সারকর ও স্বপ্নের শহর শ্যামপুর সংস্থার সদস্য ভাস্কর মালিক খবর দেন পরিবেশ কর্মী ও বন্যপ্রাণী উদ্ধারকারী চিত্রক প্রামানিক কো। খবর পেয়েই বন্যপ্রাণ সংরক্ষণকারী চিত্রক প্রামানিক, ইমন ধাতা ও রঘুনাতা মাল্লা ঘটনাস্থলে যায় ও বাঘরোলটির সুরক্ষা নিশ্চিত করে। কিছুক্ষণের মধ্যে বন বিভাগের কর্মীরা ঘটনাস্থলে আসেন। উভয় পক্ষের দীর্ঘক্ষনের চেষ্টায় বাঘরোল টিকে সুরক্ষিত উদ্ধার করা হয়। ঘটনাস্থলের সামনে নুটিয়া হাই স্কুলের ছাত্র ছাত্রীরা জড়ো হয়। তাদের মধ্যে সচেতনামূলক লিফলেট বিতরণ করে চিত্রক, ইমন ও রঘুনাতা। যেহেতু বাঘরোলটি সুস্থ ছিলো, তাে এলাকাতেই ফিরিয়ে দেওয়া ছিল লক্ষ্য। কারন সুস্থ বন্যপ্রাণ এলাকাতে থাকলে তেহেই এলাকার বাস্তুতন্ত্র টিক থাকবে। তাই উল্বেড়িয়া বন বিভাগের রেঞ্জার রাজেশ মুখার্জী স্থানীয় প্রানী সম্পদ কেন্দ্রের পশু চিকিৎসক কে খবর দেন। চিকিৎসক পর্যবেক্ষণের পর বাঘরোলটিকে সুস্থ ঘোষনা করেন। গ্রামের মানুষকেও বোঝানোর পর তারা আনন্দের সাথে বাঘরোল টিকে মুক্ত করার জন্য তৈরি হয়। তারপর যেখান থেকে উদ্ধার হয়েছিল তার কিছুটা দূরেই একটি জলাভূমির পাশে জঙ্গল জায়গায় বাঘরোলটিকে মুক্ত করে দেওয়া হয় তার আপন পরিবেশে।

পানিট্যাক্ষিতে বিধংসী অগ্নিকান্ডের ঘটনায় ঘটনাস্থল পরিদর্শনে তৃণমূল কংগ্রেস প্রাশী গোপাল লামা

খড়িবাড়ি, ২৬ মার্চ : শিলিগুড়ির খড়িবাড়ির পানিট্যাক্ষিতে বিধংসী অগ্নিকান্ডের ঘটনায় ঘটনাস্থল পরিদর্শনে কংগ্রেস দলীনাঙ্কল লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রাশী গোপাল লামা।শনিবার দার্জিলিং জেলা তৃণমূল সভানেত্রী পাণিগা ঘোষ ও শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাপিতি অরুণ ঘোকে সঙ্গে নিয়ে ঘটনাস্থলে পৌঁছন গোপাল লামা।ক্ষতিগ্রস্ত বিদ্যাবিনয়ের সঙ্গে কথা বলেন তিনি। ব্যবসারীদের পাশে থাকার আশুা স দেন সভাপিতি।এদিন ক্ষতিগ্রস্ত বাঘসারীদের সঙ্গে কথা বলার পর সর্বরকম সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আশুাস দেন সভানেত্রীও।প্রসঙ্গত, পানিট্যাক্ষি বাল্যারে ভয়াবহ অগ্নিকান্ডে পুড়ে ছাই ১১টি দোকান। তার মধ্যে রয়েছে



কাপড়, মুদিখানা, ইলেকট্রনিক্সের দোকান। শনিবার ভোর ৪ টে নাগাদ আগুন লাগে বলে জানিয়েছেন বাসিন্দারা। মুহূর্তের মধ্যে এলাকায় ছড়িয়ে পড়ে আগুন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন দমকলের পাঁচটি ইঞ্জিন। বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,২৪মার্চ মার্চ রবিবার, ১০ চৈত্র মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৪ মার্চ ২০২৩, ৫৩৬ চৈত্রঃ৪মাস, কলিঃ৫১২৩, সৌরঃ ১০চৈত্র মাস, চান্দ ৭ মঙ্গুস্রন মাস, ১৯৪৪ শকাব্দ ২০২৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ২৪ চৈত্র মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১০চৈত্র মাস ১৯৪৪, মৈতেঃ১৪ শজিবু, আসামঃ২৬ চৈত্র, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃসকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অন্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অন্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃবৃশসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৮৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত পরে বিষ্টিঃযোগঃঅতিগুণ অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ২২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৬ঃ৩৩ পর্যন্ত,তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ১৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০ঃ৩০ঃ৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত।মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃঃ৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০ঃ৫২ঃ২১ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ২২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১৫ঃ১৪ পর্যন্ত।গ্রহক্ষতি (সূর্য) উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২৪ঃ ৬১৯ (২৭) ৩ পদচক্ষুঃ ২২১৫ঃ২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৫৩ঃ৫৯ (২৬) ২ পদবৃঃ ০২২২৫ (১) ১ পদবৃক্ষপতিঃ ১০২৯ঃ৯২২২ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪
আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৮ডিগ্রী সেলসিয়াস ও (২২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি শনিবার। জোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আঃঃঃ ৫ টা ১১মিনিটে এবং সূর্য স্তম্ভ যাবে ৬ টা ০৫ মিনিটে।

রাশিফল
মেঘরাশিঃপূরাতন জ্যোতিষ শাস্ত্রের এমন একটি ধরণ,যার মাধ্যমে বিভিন্ন সময়কালের নিয়ে ভবিষ্যাবণী করা হয়। সংসারে সুখ বৃষত রাশিঃমানসিক শান্তির জন্য লিখকে কিছু দান এবং দাতব্য কাজে নিয়োজিত করুন। শুভদিন মিথুন রাশিঃআজ ধর্মীয় এবং আধ্যাত্মিক অগ্রহ অনুশাসনের জন্যও দিনটি ভালো। যে লোকেরা জমি কিনেছিল এবং এখন এই বক্রি করতে চায় তারা কর্কট রাশিঃযে অনুভূতিগুলি আপনাকে অনুপ্রাণিত করে, সেগুলিকে চিহ্নিত করুন। ভয়, সন্দেহ, রাগ, লোভ ইত্যাদির মত নেতিবাচক ভাবনাগুলিকে আপনার ছাড়া উচিতিও সিংহরাশিঃআপনার বিরাট আস্থা এবং সহজ কাজের সমসৃষ্টি আপনাকে আজ আরাম করতে কন্যারাশিঃবিবাহের যোগ হতে পারে আজ থেকে। সুখ বাড়ি। তুলারাশিঃআপনি কিছু আঘাতে সম্মুখীন হলে চরম সাহস এবং শক্তি প্রদর্শন করা প্রয়োজন। ১ বৃশ্চিক রাশিঃ আপনার স্বাস্থ্য এবং সৈন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। কোন দীর্ঘ-স্থায়ী লাগ্নি এড়িয়ে চলুন এবং বাইরে ধনু রাশিঃ আপনার মুঞ্চকারী আচরণ মনোযোগ আকর্ষণ করবে। আপনার বাড়ির একজন প্রবীণ আপনার অর্থায়নে আপনাকে সহায়তা করতে পারে মকর রাশিঃআপনার বিরাট আস্থা এবং সহজ কাজের সমসৃষ্টি আপনাকে আজ আরাম করবে। কুন্ত রাশিঃমানসিক শান্তির জন্য আপনার উত্তেজনার সমাধান করুন। আপনি যদি ভবিষ্যতে আর্থিকভাবে শক্তিশালী হবে। মীন রাশিঃআপনার শরীর রিচাঞ্জ করতে সম্পূর্ণ বিশ্রাম নিতে হবে অনাথ্যায়, ক্লান্তি আপনাকে মহা হতাশার সৃষ্টি করবে। ব্যবসায়ের লাভ আজ অনেক ব্যবসারী ও ব্যবসায়ীদের জীবনে আনন্দ আনতে পারে। পুরোনো পরিজন এবং সম্পর্ক গুলিকে পুনরুজ্জীবিত করার পক্ষে আবারকের দিনটি ভালো।

হোলির দিন শহরে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে কলকাতা পুলিশের কড়া নিরাপত্তা

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চঃ আগামী সোম এবং মঙ্গলবার দোল ও হোলির দিন শহরে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে কলকাতা পুলিশ কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। ওই দুই দিন শহরের বিভিন্ন রাস্তায় প্রায় সাড়ে তিন হাজার পুলিশ কর্মী ছাড়াও কোনরকম দূর্য্চিনা এড়াতে সত্তরটি গদ্দার ঘাটে বিপর্যয় মোকাবিলা দল মোতায়েন রাখা হবে বলে কলকাতা পুলিশের তরফে বিভিন্ন থানা কে নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। টহলদারি বাহিক ছাড়াও সাড়ে তিনশটি পুলিশ পিকেট তৈরি করা হবে। বহুলত বাড়িগুলির উপরে বিশেষ নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও মহিলাদের সুরক্ষায় উইনার্স বাহিনীকেও মোতায়েন করার কথা বলা হয়েছে।

রাজ্যপাল অবৈধভাবে নির্বাচনের কাজে হস্তক্ষেপ করার চেষ্টা করছেন

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চঃ রাজপাল অবৈধভাবে নির্বাচনের কাজে হস্তক্ষেপ করার চেষ্টা করছেন বলে তৃণমূল কংগ্রেসের অভিযোগের প্রেক্ষিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ পাল্টা নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছেন। একই সঙ্গে রাজ্যপালের এক ডিভিডিও বার্তা প্রকাশ করেছে রাজভবন। সেই বার্তায় রাজ্যপাল জানিয়েছেন, পঞ্চায়েত ভোটে রাজ্যে যে হিংসা ও ভয়ের পরিস্থিতি তৈরি হয়েছিল লোকসভা ভোটের তার পুনরাবৃত্তি আটকাতে তিনি মানুষের ভয় ভীতি কাটাতে সচেষ্ট হয়েনোলোগ সভা পোটালের মাধ্যমে সরাসরি মানুষের সঙ্গে যোগাযোগ চেষ্টা তুলে ভয়ভীতি কাটানোর গড়ে করা হচ্ছে। তিনি স্পষ্ট ভাষায় জানিয়েছেন যে কেউ রাজ্যপালের বিরুদ্ধেও অভিযোগ করতেই পারেন।

কল্যাণ ঘোষের বাড়িতে আগুন

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চঃ বিধায়ক কল্যাণ ঘোষের বাড়িতে আগুন। ডোমকুন্ডের বিধায়ক কল্যাণ ঘোষের বাড়িতে আগুন লাগার ঘটনায় চাঞ্চল্য। জানা গেছে, শনিবার দুপুরে ঘটনাটি ঘটে। বিধায়কের বাড়ির একতলায় থাকা কারখালয়ে এগিন হটাংই আগুন লেগে যায়। বিষয়টি খোঁজাল করেন বিধায়কের এক দেহরক্ষী। তিনি দেখেন, কম্পিউটার টেবিলের দিক থেকে কালো ধোঁয়া বের হচ্ছে। পাইপ দিয়ে জল ফেলে আগুন নেভানোর চেষ্টা হয়। শুরু করেন। ঘটনাস্থলে আসে পৌঁছায় দমকলের একটি ইঞ্জিন। এরপর নিয়ন্ত্রণে আসে আগুন। কল্যাণ ঘোষ বলেন, কোনওভাবে কম্পিটচারের তারে শর্ট সার্কিট হয়েছিল। তবে ওই ঘরে প্রচুর কাগজপত্র এবং প্লাস্টিকের জিনিসপত্র মজুদ ছিল। সময়মতো আগুন নেভানোর কাজ শুরু না করা গেলে সারা বাড়িতে ছড়িয়ে পড়ার সম্ভাবনা ছিল। তবে, কাগজপত্র এবং কম্পিউটারের একাংশ পুড়ে যায়।

এক যুবকের মৃতদেহ উদ্ধার

গুয়াহাটি, ২৩ মার্চ : গুয়াহাটি মহানগরে ফের উদ্ধার হয়েছে এক যুবকের মৃতদেহ। আজ শনিবার সকালে হতিগাঁও থানা এলাকার শংকর পথের একটি বাড়ি থেকে উদ্ধার হয়েছে লখিমপুর জেলার ঘিলামারার বাসিন্দা প্রদীপ দাস নামের যুবকের মৃতদেহ।জানা গেছে, বন্ধু সঙ্গে শংকর পথের ৪০ নম্বর বাড়ির একটি ভাড়াঘরের আবাসিক ছিলেন প্রদীপ দাস। ইতিমধ্যে ঘটনাস্থলে হতিগাঁও থানা থেকে পুলিশ গিয়ে তার মৃতদেহ উদ্ধার করে গৌহাটি মেডিক্যাল কলেজ হাসপাতালে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। পাশাপাশি প্রদীপের মৃত্যু সম্পর্কিত বিষয়ে তদন্ত শুরু করেছে হতিগাঁও থানার পুলিশ। মৃত প্রদীপ দাসের দাদা জানান, ‘সম্প্রতি ক্যাকে ৯০-এ যোগদান করেছিলেন ভাই। মাত্র কুড়িদিন হয়েছে, এই বাড়িতে তার এক বন্ধুর সঙ্গে ছিলেন প্রদীপ। গতকাল সে আমাকে ডেকেছিল। আমি এসে তার সঙ্গে দেখা করেছি। বলেছিল, সে ভালোই আছে। যা-ই হোক, আজ সকাল প্রায় সাড়ে ছয়টার দিকে তার ফ্রমেটে আমাকে কোন করে জানায় যে আমার ভাইয়ের শ্বাস বন্ধ হয়ে গেছে।

নিউটাউনে লাল ট্রলিব্যাগে

১এর পাতার পর

মৃত বাড়ির পরিচিত এক ব্যাঙ্ককর্মীকে আটক করল পুলিশ তদন্তকারীদের স্ক্যানারে এক তরুণীও শ্রৌঢ়কে খুন করা হয়েছে, তা মোটের উপর নিশ্চিত কী কারণে খুন করা হল তাঁকে, কারাই বা জড়িত, তা খতিয়ে দেখা হচ্ছে টেকনোসিটি থানার পুলিশের দাবি, ওই শ্রৌঢ়ের নাম সুবোধ সরকার ওড়িশায় একটি ছাপাখানা ছিল তাঁর বিক্রি করে দেন গত ৩ মাস ধরে বেলেঘরিয়ার বাড়ি ভাড়া নিয়ে থাকছিলেন সঙ্গে থাকতেন এক তরুণী তিনি ওই ছাপাখানায় কাজ করতেন নাতিন বলেই সর্বত্র পরিচয় দিতেন সুবোধবান্ধু ওই নাতিন কলকাতার এক সেসরকারি সংস্থায় কাজ করতেন কর্মসূত্রে রোজ বেলেঘরিয়া থেকে কলকাতায় যাতায়াত ছিল তরুণীর শনিবার সকালে নিউটাউনের পাড়ুরিয়া খাল থেকে ট্রলিব্যাগ বন্দি অবস্থায় সুবোধবান্ধুর দেহ পাওয়া যায় তার পর থেকেই পুলিশের স্ক্যানারে ওই তরুণী শ্রৌঢ়ের নাম, পরিচয় জানার পর টেকনোসিটি থানার পুলিশ বেলেঘরিয়ার ভাড়াবাড়িতে হানা দেয় তরুণীকে ফোন করে ডেকে পাঠানো হয় কলকাতা থেকে তড়িঘড়ি বেলেঘরিয়ায় পৌঁছেন তিনি তরুণী জানান, প্রতিদিন শিয়ালদহে নিজের ছেলের বাড়িতে মধ্যাহ্নভোজ সারতে যেতেন শ্রৌঢ় তবে শুক্রবার এলাকারই এক অনুষ্ঠান বাড়িতে মধ্যাহ্নভোজ সারেন তার পর থেকেই নির্খোঁজ হয়ে যান সুবীরবান্ধু শনিবার সকালে তাঁর দেহ উদ্ধার হয় পুলিশ সূত্রে খবর, মাথায় গভীর ক্ষত ছিল তাঁর এদিকে, এই ঘটনায় পুলিশ পটাশপুর এলাকা থেকে সৌম্য জানা নামে এক ব্যাঙ্ককর্মীকে আটক করেছে নাকা চেকিংয়ের সময় একটি অ্যাপ ক্যাবে রক্তের দাগ দেখতে পায় পুলিশ ওই অ্যাপ ক্যাবেই ছিল সৌম্য প্রাথমিক জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পারে, দেহটিকে নির্জন জায়গায় ফেলায় জন্য অ্যাপ ক্যাব ভাড়া করা হয়েছিল কী কারণে সুবোধ সরকারকে খুন করা হল, তা অবশ্য জানানয় সৌম্য তরুণী ও ওই ব্যাঙ্ককর্মীকে জিজ্ঞাসাবাদ করে খুনের কারণ খোঁজার চেষ্টা করা হচ্ছে।

নির্বাচন কমিশনের কাছে আদর্শ আচরণ বিধি লঙ্ঘন সহ একাধিক অভিযোগ জমা পড়েছে

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চঃ লোকসভার নির্ধট ঘোষণা হওয়ার আগে থেকে নির্বাচন কমিশনের কাছে আদর্শ আচরণ বিধি লঙ্ঘন সহ একাধিক অভিযোগ জমা পড়েছে। ১ মার্চ থেকে অভিযোগ নেওয়া শুরু করেছে কমিশন। এখনও পর্যন্ত সিভিজিল অ্যাপে ৬৯৬ টি অভিযোগ জমা পড়েছে। তার মধ্যে ৫৬৫ টি কেসে ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।নগদ টাকা থেকে শুরু করে গয়না-সহ একাধিক জিনিস বাজেয়াপ্ত করা হয়েছে একাধিক এলাকা থেকে। ৫ কোটি টাকার বেশি অর্থ বাজেয়াপ্ত করেছে কমিশন। প্রায় ২৬ কোটি টাকার মদ, ১৩ কোটি টাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে। গয়না সহ বিভিন্ন সামগ্রী বাজেয়াপ্ত হয়েছে প্রায় ২০ কোটি টাকার। অন্যদিকে শুরু হয়েছে মনোনয়ন পত্র পেশ। এখনও পর্যন্ত কোচবিহার ৪টি, আলিপুরদুয়ার ও জলপাইগুড়িতে ৩টি মনোনয়ন পেশ করা হয়েছে বলা জানানো হয়েছে কমিশনের তরফে।



দোল উৎসব উপলক্ষে হুগলির উত্তরপাড়ায় কাঠালবাগান বাজারে রং আবিরের দোকান বসেছে।

ব্যাট বলে অটোগ্রাফ দিয়ে ক্রিকেট প্রেমীদের মন জয় করলেন পাঠান



সঙ্গে খেলার মাঠে পরে রাজনীতির মাঠেও ইউসুফকে ক্যাপ্টেন হিসেবে চাইছেন বহরমপুর লোকসভার তৃণমূল নেতৃত্ব। শনিবার কান্দি, ভরতপুর এবং বড়ঞা বিধানসভা এলাকার তৃণমূল কর্মী সমর্থকদের নিয়ে হেলিকফ্লর ময়দানে একটি কর্মিসভা অনুষ্ঠিত হয়। সেখানেই ইউসুফ পাঠান আনুষ্ঠানিক ভাবে নির্বাচনী প্রচার শুরু করবেন। কান্দি হ্যালিফঙ্গ মাঠে প্রাণী ইউসুফ পাঠানকে নিয়ে তৃণমূলের কর্মীদের উচ্ছাস ছিল চোখে পড়ার মতো। ব্লকস্তর থেকে অঞ্চল ও বুথ সভাপতিদের কর্মিসভায় হাজির থাকার নির্দেশ দেওয়া হয়েছে। ব্লকস্তর থেকে অঞ্চল ও বুথ সভাপতি নেতৃত্ব ছাড়াও কান্দি, বড়ঞা, ভরতপুর ১ ও ২ ব্লক থেকে কয়েক হাজার কর্মী সমর্থক হাজির হন। তবে ইউসুফ পাঠানকে একবার দেখার জন্য এগিন কান্দির প্রধান রাস্তার দু পাশে সাধারণ মানুষ থেকে শুরু করে দলের কর্মী সমর্থকরা ভিড় দেখা গেছে। উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ বহরমপুর সাংগঠনিক সভাপতি তথা কান্দির বিধায়ক অপরূপ সরকার, ভরতপুরের বিধায়ক হুমায়ন কবীর, কান্দি পৌর সভার পৌর পিতা জয়দেব ঘটক, কান্দি পঞ্চায়েত সমিতির সভাপতি প্রার্থ প্রতীম সরকার, ভরতপুর ১ ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি নজরুল ইসলাম , বড়ঞার তৃণমূল নেতা মাহে আলম খান প্রমুখ্য।

১৪ জন ধৃত

দূরন্ত বার্তা, হরিপাল, ২৩ মার্চঃ নিষিদ্ধ চোলাই মদ ও জ্বয়ার ঠেক থেকে, ১৪ জন কে গ্রেপ্তার করলো হরিপাল থানার পুলিশ। শনিবার তাদের চন্দন নগর মহকুমা আদালতে তোলা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার রাতে নাকা চেকিং চালানোর সময় নিষিদ্ধ চোলাই বেঝাই একটি বাইক থেকে অঞ্চল ও বুথ সভাপতিদের কর্মিসভায় হাজির থাকার নির্দেশ দেওয়া জানিয়েছে গত কাল রাতে হরিপালের বন্দিপুর নালিকুল সহ বিভিন্ন এলাকার জ্বয়ার ঠেকে অভিযান চালিয়ে ১২ জন কে গ্রেপ্তার করে পুলিশ।

হাওড়া ডিভিশন রেলওয়ে টিকিটের জন্য চালু করেছে কোড স্ক্যানিং পেমেন্ট সিস্টেম

কলকাতা, ২৩ মার্চ, ২০২৪ - হাওড়া বিভাগ রেলের টিকিট কেনার জন্য একটি কোড স্ক্যানিং পেমেন্ট সিস্টেম চালু করার ঘোষণা দিয়ে আনন্দিত। এই নতুন সিস্টেমটি যাত্রীদের একটি নিরাপদ, সহজ এবং দ্রুত অর্থপ্রদানের মোড় অফার করে টিকিটিং অভিজ্ঞতাকে বিপ্লব করতে সেট করা হয়েছে। কোড স্ক্যানিং পেমেন্ট সিস্টেম যাত্রীদের সমস্ত -সক্ষম ডিজিটাল পেমেন্ট সিস্টেম ব্যবহার করে টিকিট কিনতে অনুমতি দেবে। এটি প্রকৃত মুদ্রার প্রয়োজনীয়তা দূর

দূরন্ত বার্তা, হুগলি, ২৩ মার্চঃ একজনের অ্যাকাউন্টের লক্ষ্যের ভাণ্ডারের টাকা নাকি ঢুকে যাচ্ছে চলে যাচ্ছে অন্যজনের অ্যাকাউন্টে। দীর্ঘ প্রায় দু’বছর ধরেই নাকি চলাছে এই সহ। অভিযোগ, বারবার প্রশাসনিক দফতরে লিখিত অভিযোগ করেও সুরাহা হয়নি গ্রামবাসীরা। একাধিক মহিলার অভিযোগ, এই প্রকল্পের টাকা গিয়েছে অন্য জেলায়। কখনও বা এই টাকা গিয়েছে পাশের গ্রাম পঞ্চায়েতে। মহিলারা জানিয়েছেন, আবেদন করার সময় ব্যাকের পাসবুকের কপি, আধার কার্ডের কপি, সহ লক্ষ্মীর ভাণ্ডারের

বেচারাম মান্না ও তাঁর স্ত্রীর সঙ্গে মাটিতে বসে খেলেন হুগলির তৃণমূল প্রার্থী রচনা

দূরন্ত বার্তা, হুগলি, ২৩ মার্চঃ তিনি পর্দার নায়িকা। অনেক সিনেমাতে গরিব পরিবারের মেয়ে কিংবা গরিব নায়কের স্ত্রীর ভূমিকায় অভিনয় করেছেন। মাটির বাড়ি। দাওয়ায় বসে খাওয়া। সিনেমার পর্দায় এসব ফুটিয়ে তুলেছেন। এবার বাস্তবের মাটিতে দাওয়ায় বসে খেলেন হুগলির তৃণমূল প্রাণী রচনা বন্দ্যোপাধ্যায়। মাটির থালায় ভাত, বাড়ি ভাজা, বেগুন ভাজা, শুভ্ধতা তৃপ্তি করে খেলেন। আর সবচেয়ে খুশি হলেন দক দই খেয়ে। আর সিদ্ধুরের টক দই ভাল হওয়ার কারণও ব্যাখ্যা করলেন ‘দিদি নম্বর গয়ান’।

চবিশের লোকসভা নির্বাচনে হুগলি লোকসভা কেন্দ্রে রচনার উপর আস্থা রেখেছে তৃণমূল। এই আসনের বিদায়ী সাংসদ লকেট চট্টোপাধ্যায়। এবারও তিনি বিজেপির প্রাণী। একসময় ২ জনে একসঙ্গে বেশ কয়েকটি সিনেমায় পর্দা ভাগ করেছেন। কখনও হরিহর আত্মা আবার

কখনও পরস্পরের প্রতিদ্বন্দ্বী রূপে দেখা গিয়েছে সিনেমায়। এবার বাস্তবে প্রতিদ্বন্দ্বী লকেট ও রচনা। তাঁদের দু’জনের অভিনীত সিনেমার বক্তব্য নিয়ে মিমও তৈরি হয়েছে। সেসব দূরে সরিয়ে প্রচারে জোর দিয়েছেন দুই অভিনেত্রী। শনিবার সিদ্ধুরে প্রচারে যান রচনা। প্রচারের ফাঁকে চৌখণ্ডীপোতায় মানিক বাগ নামে এক দলীয় সমর্থকের বাড়িতে মধ্যাহ্নভোজন করেন তিনি। মাটির বাড়ি। টালির ঢালা। সেই বাড়ির দাওয়ায় বসে খেলেন রচনা। সঙ্গে ছিলেন সিদ্ধুরের বিধায়ক বেচারাম মান্না ও তাঁর স্ত্রী করবী মান্না। করবী হরিপালের বিধায়ক। সবার সঙ্গে মাটিতে পাত পেড়ে খেয়ে খুশি রচনা। বললেন, ‘এমন করে কখনও খাইনি।’ খুব ভাল লাগল। এত ভালবেসে আপ্যায়ন করলেন। আমি খুব আনন্দ করে খেলাম। আর মাটির বাড়ি ঠান্ডা হয়, गरমে খুব ভাল লাগল।’ এরপরই কেন্দ্রকে তোপ দাগলেন আবাস যোজনা

বচসার জেরে মাথায় বাঁশ দিয়ে আঘাতের অভিযোগ, চিকিৎসাধীন আহতের মৃত্যু

দূরন্ত বার্তা, হুগলি, ২৩ মার্চঃ সামান্য বচসার জেরে মাথায় বাঁশ দিয়ে আঘাতের অভিযোগ। হাসপাতালে চিকিৎসাধীন আহতের মৃত্যু। ঘটনার পর থেকে ফেরার অভিযুক্ত। ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা চুঁচুড়া মোগলচুলিতে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গত সোমবার ১৮ মার্চ বিকালে মোগলচুলিতে সাইকেল নিয়ে যাওয়ার সময় পড়ে যান বছর চুয়াল্লিশের অমল খান।

পড়ে গিয়েই মৃদ্যপ অবস্থায় গালি দিতে থাকেন। আর তা নিয়েই মাজিদ আনসারির সঙ্গে বচসা হয় অমলের। আর তা থেকে হাতহাতি। অমল ও মাজিদ পরস্পরের আত্মীয়। অভিযোগ, বচসা চলাকালীনই বাঁশ দিয়ে অমলের মাথায় আঘাত করেন মাজিদ। রক্তাক্ত অবস্থায় বেশ কিছুক্ষণ রাস্তার ধারে পড়ে থাকেন অমল।



তারপর রক্তাক্ত অবস্থায় তাঁকে উদ্ধার করে ইমামবাড়া হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার পর মাজিদের ওপর ক্ষেপে ওঠেন স্থানীয় বাসিন্দারা। অভিযুক্তের বাড়িতে ভাঙচুর চলে। আহতের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় ইমামবাড়া হাসপাতালের



হোলি উপলক্ষে বিড়ার হ্যাপি ব্যালি পার্কে শুরু হলো ওয়াটার ওয়েভ রাইড। স্বচ্ছ জলে সমুদ্রের আনন্দ উপভোগ করতে প্রতিদিন বহু মানুষের ভীড় জমছে এখানে।

বেচারাম মান্না ও তাঁর স্ত্রীর সঙ্গে মাটিতে বসে খেলেন হুগলির তৃণমূল প্রার্থী রচনা



সেগুলো গরুতে খাচ্ছে। সেগুলো খেয়ে হুন্টপুন্ট হচ্ছে। এর ফলে দুধটা এত ভাল হয়। সেখান থেকে দইটা ভাল হয়।’ এরপরই বেচারাম মান্নার প্রশংসা করে বলেন, বেচারামদা, পরিবেশটাই এত সুন্দর করে রেখেছে। সেজন্য এখানকার গরু ভাল ঘাস-পালা খেতে পায়। এর আগে প্রচারে গিয়ে তিনি

বেলুড়ের ভোটবাগানে বিশৃঙ্খলা ঘিরে উত্তেজনা, গো-ব্যাক স্লোগান

দূরন্ত বার্তা, বেলুড়, ২৩ মার্চঃ বেলুড়ের ভোটবাগানে বিশৃঙ্খলা ঘিরে উত্তেজনা, গো-ব্যাক স্লোগান। প্রাণীকে নিয়ে ভোট প্রচারে গিয়ে কিছু মানুষের ক্ষোভের মুখে পড়ছেন বিধায়ক। শুক্রবার বালি বিধানসভা এলাকার ভোটবাগানে ভোট প্রচারে ইফতার পাটিতে ওই ঘটনা ঘটে। শুক্রবার সন্ধ্যায় হাওড়ার সাংসদ তথা তৃণমূল কংগ্রেসের হাওড়া সদরের প্রাণী প্রসূন বন্দ্যোপাধ্যায়ের সামনেই এমন ঘটনা ঘটে। এলাকায় দেখা যায়না, এই অভিযোগে এদিন সাংসদের সামনেই বিক্ষোভ এবং গো-ব্যাক স্লোগান দেওয়া হয়। এরপর দলীয় নেতৃত্বের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। বিধায়ক ডা়্ল্লাণ চট্টোপাধ্যায় বলেন, শুক্রবার দিনভর বালি এলাকায় দলের প্রাণী প্রসূন বন্দ্যোপাধ্যায়ের সমর্থনে প্রচার হয়েছে। তবে সন্ধ্যায় ভোটবাগানে একটি অনুষ্ঠানে কিছু লোকজন পূর্ব পরিকল্পিতভাবে বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করে। এটা অনভিপ্রেত। এরা কারা তাদের পরিচয় জানার চেষ্টা চলছে। এবং কার বা কাদের মদতে তারা সাংসদ এবং বিধায়ককে হেন্স করার চেষ্টা করেছে তা খোঁজখবর নেওয়া হচ্ছে। তবে আমরা পরিস্থিতি সামাল দিয়ে সেখানে অনুষ্ঠান মঞ্চে উপস্থিত ছিলাম। শেষমেশ অনুষ্ঠান সুষ্ঠুভাবেই সম্পন্ন হয়েছে।

ব্যবসায়ীর সর্বস্ব লুণ্ঠ হাওড়ার জগৎবল্লভপুরে

দূরন্ত বার্তা, হাওড়া, ২৩ মার্চঃ ব্যবসায়ীর সর্বস্ব লুণ্ঠ হাওড়ার জগৎবল্লভপুরে। ভোটের আবেহে এদের ছিনতাইয়ের ঘটনা হাওড়ার জগৎবল্লভপুরে। ঘটনায় প্রকাশ, বাইকে করে এসে তিন দুস্কৃতী এক ব্যবসায়ীর সর্বস্ব লুণ্ঠ করে পালিয়ে যায়। চোচামেচি করার চেষ্টা করলে আগ্রোয়াক্সের ভয় দেখিয়ে প্রাণে মেরে ফেলার হুমকি দেয় দুস্কৃতীরা। গোটা ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েন ব্যবসায়ী কুতুবুদ্দিন মলিক। জগৎবল্লভপুরের পাঁতিহাল এলাকার এই ঘটনায় ফের প্রশ্নের মুখে এলাকার নিরাপত্তা। শুক্রবার গতকাল রাতের ওই ঘটনার তদন্তে নেমেছে জগৎবল্লভপুর থানার পুলিশ। এই ঘটনায় এখনও কেউ গ্রেফতার হয়নি বলে জানা গেছে।

জমি জমা নিয়ে মারপিটের অভিযোগে ধৃত ব্যক্তিকে আদালতে পেশ

দূরন্ত বার্তা, জয়নগর, ২৩ মার্চঃ জমি জমা নিয়ে গভণ্ডগো ও মারপিটের অভিযোগে বিলপাড়া থেকে ধৃত এক জনকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। গত শুক্রবার সকালে জয়নগর থানার উত্তর দুর্গাপুর পঞ্চায়েতের বিলপাড়া এলাকায় জমির মাপর্যোক নিয়ে দুই প্রতিবেশীর মধ্যে প্রথমে বচসা পরে মারপিটের অভিযোগ ওঠে। আর তাঁর পরেওই দিন দুপুরে জয়নগর থানায় প্রতিবেশী এক ব্যক্তির অভিযোগের পরে তদন্তে নেমে এদিন রাতে জয়নগর থানার পুলিশ জয়নগর থানার উত্তর দুর্গাপুর পঞ্চায়েতের বিলপাড়ার বাড়ি থেকে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে জয়নগর থানায় নিয়ে আসে পুলিশ। ধৃতের নাম নজরুল হক। ধৃতকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

আমন্ত্রণ কমপ্লেক্সে দোল উৎসবকে সামনে রেখে সর্বদলীয় বৈঠক হয়ে গেল শনিবার

দূরন্ত বার্তা, জয়নগর, ২৩ মার্চঃ জয়নগর থানার উদ্যোগে শনিবার জয়নগর মজিলপুর পৌরসভার আমন্ত্রণ কমপ্লেক্সে দোল উৎসবকে সামনে রেখে প্রশাসনিক ও সর্বদলীয় বৈঠক হয়ে গেল। উপস্থিত ছিলেন জয়নগর থানার আই সি পার্শ সারথি পাল, জয়নগর মজিলপুর পৌরসভার চেয়ারম্যান সুকুমার হালদার, ভাইস চেয়ারম্যান রথীন কুমার মন্ডল, জয়নগর থানার এস আই উগম ঘোষ, সমাজসেবী ভূহীন বিশ্বাস সহ আরো অধেকে।এ দিনের এই প্রশাসনিক বৈঠকে জয়নগর থানা এলাকার একাধিক পঞ্চায়েতের প্রধান,উপপ্রধান, সদস্য সহ সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।রজনয়ন মাস ও দোল উৎসবকে সাক্ষ্য করতে এবং কি ভাবে এই কাজটি সফল করতে হবে সে বিষয়ে আলোকপাত করা হয়।ওইদিন আইন শৃঙ্খলা ভাঙলে কি হবে সেই বিষয়েও আলোচনা করা হয়। এদিন আই সি পার্শ সারথি পাল বলেন, সবাইকে অনুরোধ সৃষ্ট ভাবে দোল উৎসবকে পালন করতে হবে।

জয়নগরে বেআইনি মদ বিক্রির অভিযোগে ধৃত এক



দূরন্ত বার্তা, জয়নগর, ২৩ মার্চঃ দোল উৎসবের আগে পুলিশের তৎপরতায় উদ্ধার বেআইনি মদ, ধৃত এক জয়নগরে। গোপন সূত্রে খবর পেয়ে জয়নগর থানার আই সি পার্শ সারথি পালের নির্দেশে এস আই সায়ন ভট্টাচার্য ও এস আই সঞ্জিত দাসের তৎপরতায় শুক্রবার রাতে জয়নগর থানার শ্রী কৃষ্ণ নগর এলাকা থেকে বেআইনি ভাবে মদ বিক্রির অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে পুলিশ। ধৃতের নাম বাবুদেব মন্ডল, বাড়ি জয়নগর থানার উত্তর শ্রী কৃষ্ণনগর এলাকায়। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে বেশ কয়েক লিটার বেআইনি মদ। ধৃতকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। দোলের আগে বেআইনি মদ বিক্রির বিরুদ্ধে এরকম অভিযান চলবে বলে এদিন জয়নগর থানা সূত্রে জানা গেল।

শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাবে বাঙালি সমাজ ও সংস্কৃতিতে অভূতপূর্ব পরিবর্তন

দূরন্ত বার্তা, নবদ্বীপ, ২৩ মার্চ : বাংলা তথা ভারতের নবজাগরণের ক্ষেত্রে নদের নিমাইয়ের গুরুত্ব ও প্রভাব ছিল অপরিমীমা। একদিকে মুসলিম শাসন, অন্যদিকে ক্ষযিষ্ণু হিন্দু সমাজের জাতিপাত প্রথার ‘প্রবল বাধ্যবাধকতা’, এই দুইয়ের মাঝে পড়ে তৎকালীন বাংলাদেশের সামাজিক, সাংস্কৃতিক ঐক্য এবং ধর্মীয় কাঠামো ভেঙে পড়ার উপক্রম হয়। ঠিক এই সময়েই ১৪৮৬

খ্রিস্টাব্দের ফেব্রুয়ারি মাসের ফাল্গুনী দোল পূর্ণিমার সন্ধ্যায় জগন্নাথ মিশ্র ও শচীমাতা দেবীর গৃহে বাঙালি সমাজের ত্রাতা রূপে যুগপুরুষ শ্রীগৌরাদ্ মহাপ্রভু আবির্ভূত হন। গৌরাস্দের আবির্ভাব বাংলা তথা বাঙালি সমাজ ও সংস্কৃতিতে অভূতপূর্ব পরিবর্তন নিয়ে আনো। পূর্ববঙ্গের শ্রীহট্টের আদি বাসিন্দা জগন্নাথ মিশ্রের সংস্কৃত ও শাস্ত্রচর্চার আগ্রহের কারণে নবদ্বীপে আগমন ও বসতি স্থাপন এবং পরবর্তী কালে শ্রীচৈতন্যের আবির্ভাব নবদ্বীপকে সারা ভারতের শ্রেষ্ঠ ধর্মীয় মানবতাবাদ চর্চা কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা দিয়েছিল। পরবর্তী অর্ধ শতাব্দী কাল চৈতন্য মানবতাবাদের প্রবল প্রভাবে আপামর বাঙালি সমাজ ভেঙ্গে গিয়েছিল ভাবতম্রাতার গভীর সাগরে। বাংলা সাহিত্য ও ধর্ম নব প্রাণের স্পন্দনে জেগে উঠেছিল, নতুন করে লেখা হয়েছিল বাংলার ইতিহাস। যাকে চৈতন্য রেনেসাঁ বললেও অত্যুক্তি বলা হয় না। পিতা জগন্নাথ মিশ্রের শাস্ত্রচর্চা ও জ্ঞান অর্জনের অসীম গুণ যে পুত্র বিশ্বম্ভর পেয়েছিলেন, অল্প বয়সেই বুঝিয়ে দিয়েছিলেন তৎকালীন সময়ের দিগ্বিজয়ী তার্কিক পণ্ডিত কেশব কাম্বিকীরকে তর্কশাস্ত্রে পরাজিত করার মাধ্যমে। পিতৃ পিণ্ডদান উপলক্ষ্যে তাঁর গয়া গমন এবং সেখানে ঈশ্বরপুরীর সঙ্গে সাক্ষা ও গোপাল মন্ড্রে দীক্ষা গ্রহণ নিমাইয়ের জীবনে বিস্ময়কর পরিবর্তন এনে দিয়েছিল। নবদ্বীপে তিনি ফিরে এসেছিলেন চিকই, কিন্তু শিক্ষাভিমানি পণ্ডিত থেকে কৃষ্ণভাবময় ভক্ত রূপে তার মনোজগতের অপ্রত্যাশিত পরিবর্তন দেখে অদ্বৈত আচার্যের নেতৃত্বাধীন নবদ্বীপের বৈষ্ণব সমাজ অত্যন্ত চমকিত হন। টোল চতুষ্পাঠী ছেড়ে হরিতভক্তদের নিয়ে তিনি কৃষ্ণ নামসংকীর্তনে মেতে ওঠেন। কঠোর বৈরাগ্য সাধনের প্ররোচনায় কাটোয়ার কেশব ভারতীর কাছে সন্ন্যাস ধর্মে দীক্ষিত হন, সংসারধর্ম ত্যাগ করে শ্রীকৃষ্ণ চৈতন্য নাম ধারণ করেন। হিন্দুধর্মের জাতিভেদ উপেক্ষা করে সমাজের তথাকথিত নিম্না বর্ণের মানুষদের বুকে জড়িয়ে ধরে



ডোরে বাঁধা পড়ে বাঙালি জাতি যেন নতুন করে প্রাণ ফিরে পায়। তার কীর্তনের গীতপ্রবাহ বহুধাবিভক্ত বাঙালির ধর্মকারণার প্রাচীরে আঘাত হানে, ভক্তির এক অভিন্ন ধারায় মিলিয়ে দেয় বৃহত্তর বাঙালি জনসমাজকে। ভক্তি মার্গের প্রতি আকৃষ্ট মানুষ ভক্তীগীতের অভিন্ন মিছিলে অংশগ্রহণের ফলে কীর্তন একটি প্রাতিষ্ঠানিক রূপ পায়। শ্রীচৈতন্যের নগর সংকীর্তন বৈষ্ণবদের কাছে একটি অবশ্য পালনীয় ধর্মীয় কর্ম হিসেবে পরিগণিত হয়। ঢোল, তালপাল মুদঙ্গ, সহযোগে সংকীর্তন ও কৃষ্ণভক্তির মিছিলে নবদ্বীপের পথঘাট মুখরিত হয়ে ওঠে।

‘রাজ্যে চোরে ভরে গিয়েছে, যেখানে ঢিল মারবেন সেখানেই……’, সরব সুকান্ত মজুমদার



দূরন্ত বার্তা, দিনহাটা, ২৩ মার্চ : কয়েকদিন আগেই বিজেপি- তৃণমূল সমর্থকদের মধ্যে সংঘর্ষে উত্তপ্ত হয়েছিল দিনহাটা। তাঁদের সমর্থকদের উপরে হামলা হয়েছে অভিযোগে তুলে ২৪ ঘণ্টা দিনহাটা বন্দধের ঢাক দিয়েছিল তৃণমূল কংগ্রেস। এবার এই নিয়ে তৃণমূল কংগ্রেসকে নিশানা করলেন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার। তাঁর সাফ কথা, উদয়নের জনাই

সুকান্ত বলেন, মহ্মা মৈত্র তাঁর লগইন ও পাসওয়ার্ড টাকার বিনিময়ে এমন একজনকে দিয়েছিলেন যিনি বিদেশে বসে সংসদের ওয়েবসাইটে লগইন করছেন। স্বাভাবিক ভাবে সিবিআই যাবেই। অ্যারেস্টও হতে পারে। রাজ্যের বিভিন্ন জায়গায় সিবিআই, ইডি ও আইডি হানা হচ্ছে তা নিয়ে সুকান্ত বলেন, সবাই আলাদা কাজ করে। তৃণমূল কংগ্রেসের আমলে গোটা রাজ্য চোরে ভরে গিয়েছে। যেখানেই ঢিল মারবেন সেখানেই চোর পাবেন। চোরেদের বাড়িতে ইডি-সিবিআই যাবেই। বিজেপির প্রাণী তালিকা নিয়ে রাজ্য বিজেপির সভাপতি বলেন, প্রাণী তালিকা আগামিকাল সম্ভবত ঘোষণা হতে পারে। দার্জিলিং লোকসভার জন্য যাকে উপযুক্ত মনে হয়েছে তার নামই পাঠানো হয়েছে। দল যা সিদ্ধান্ত নেবে সেটাই আমরা মেনে নেব।

নতুন করে ফাটল দেখা দেওয়ায় রাতের ঘুম উড়েছে ভাগীরথীপাড়ের মানুষজনের

দূরন্ত বার্তা, নদীয়া, ২৩ মার্চ : আবারও রাতের ঘুম উড়েছে ভাগীরথীর পাড়ের মানুষের। দুঃস্বপ্নের প্রহর গুনছেন নদীয়ার বেলঘড়িয়া দু’নম্বর গ্রাম পঞ্চায়েতের বিহারিয়া মঠপাড়া এলাকায় প্রায় হাজারখানেক মানুষ। প্রতি রাত্তেই একটি একটি করে ভাগীরথীর পাড় বসে যাচ্ছে, যার ফলে আতঙ্কে দিন কাটাচ্ছেন ভাগীরথী নদীর তীরবর্তী শতাধিক মানুষ। ভরা বর্ষা নয়, শুশা মরশুমেই এভাবে গঙ্গার পাড় একটি-একটু করে বসে যাওয়ায় চিন্তায় পড়েছেন ওই এলাকার মানুষজন। ফের বেলঘড়িয়া ২ গ্রাম পঞ্চায়েতের অধীনস্থ বিহারিয়া মঠপাড়া এলাকায় নতুন করে ফাটল দেখা দেওয়ায় চিন্তায় ঘুম উড়েছে গঙ্গাপাড়ের বাসিন্দাদের। দিনরাত এক করে নদীর ধারে বসে আছেন তাঁরা। শুধু বিহারিয়া মটপাড়া এলাকা নয়, আশেপাশের শান্তিপুর পুরসভার ১৬ নম্বর ওয়ার্ডের চর সারাগর, সিঁমার ঘাট অঞ্চলেও অল্প অল্প করে বসছে নদীপাড়া গ্রামবাসীদের অভিযোগ- ভোট আসে ভোট যায়, নজর দেন না কেউই! সুতের খবর, বেশ কয়েক বছর আগে ভাঙনের ফলে তলিয়ে গিয়েছিল বসতবাড়ি থেকে শুরু করে চাষজমি। গঙ্গাপাড় বাঁধিয়ে দেওয়ার দাবিতে জাতীয় সড়ক অবরোধও করেছিলেন গ্রামবাসীরা। এর পরই



দেখা না দিলেও, কয়েকদিন আগে হঠাৎই স্থানীয় বাসিন্দারা লক্ষ্য করেন, ফের কয়েক কিলোমিটার জুড়ে দেখা দিয়েছে ফাটল। স্থানীয় পঞ্চায়েত সদস্য বিষয়টি প্রধানকে জানান। এই বিষয়ে স্থানীয় পঞ্চায়েত প্রধান বলেন, বিষয়টি আমার কানে এসেছে, আমি ভাঙন-এলাকায় গিয়ে তদন্ত করে গোটা বিষয়টি সংশ্লিষ্ট দফতরকে জানাব। যত তাড়াতাড়ি সম্ভব ভাঙন রোধ করার চেষ্টা করব।

পেশায় সিভিক ভলেন্টিয়ার, তাঁর কাছে প্রশিক্ষণ নিয়ে জাতীয় তাইকোন্ড প্রতিযোগিতায় পদক জিতল খুদে দশ খেলোয়াড়



দূরন্ত বার্তা, মালদা, ২৩ মার্চ : পেশায় তিনি একজন সিভিক ভলেন্টিয়ার। তার কাছেই প্রশিক্ষণ নিয়ে জাতীয় তাইকোন্ড প্রতিযোগিতায় পদক জিতল খুদে দশ খেলোয়াড়। তাদের মধ্যে ৬ জন সোনো, ৩ জন রূপো ও ১ জন ব্রোঞ্জ পদক পেয়েছে। কেউ পঞ্চম শ্রেণীর পড়ুয়া আবার কেউ দশম শ্রেণীর পড়ুয়া। তাদের আত্মরক্ষার প্রশিক্ষণ দিচ্ছেন পেশায় সিভিক ভলেন্টিয়ার অমিত কুমার ঘোষ। ইংরেজবাজার থানায় কর্তব্যরত রয়েছেন তিনি। কাজের ফাঁকে নিয়মিত সকালে তিনি এলাকায় খুদেদের প্রশিক্ষণ দিচ্ছেন কোচ অমিত কুমার ঘোষ বলেন,

আমার ডিউটির ফাঁকে যেটুকু সময় পায় এলাকার খুদেদের আত্মরক্ষার প্রশিক্ষণের জন্য তাইকোন্ড শেখায়। জাতীয় স্তরে প্রতিযোগিতায় আমার ক্যাম্প থেকে ১০ জন অংশগ্রহণ করেছিল। প্রত্যেকেই সাফল্য পেয়েছে পদক জিতেছে। আগামীতে আরও ভাল সাফল্য কামনা করছি গত ১৬ ও ১৭ মার্চ দুর্গাপুরে অনুষ্ঠিত হয় জাতীয় স্তরের তাইকোন্ড ইনস্টিটিউটের প্রতিযোগিতা। ওপেন ন্যাশনাল তাইকোন্ড চ্যাম্পিয়নশিপে মালদার মাধনবগর তাইকোন্ড ইনস্টিটিউটের প্রতিনিধিরা অংশগ্রহণ করে। এছাড়াও দেশের বিভিন্ন প্রান্তের প্রতিযোগিরা এই প্রতিযোগিতায়

সীমাহীন সংযোগের জন্য ৩০৬৯ টি গ্রামে অতিরিক্ত নেটওয়ার্ক প্রসারিত

বাঁকুড়া, ২৩ মার্চ : ভারতী এয়ারটেল, ভারতের অন্যতম শীর্ষস্থানীয় টেলিযোগাযোগ পরিষেবা প্রদানকারী, আজ ঘোষণা করেছে যে এটি তাদের নেটওয়ার্ককে প্রসারিত করতে বাঁকুড়া জেলায় অতিরিক্ত সাইট স্থাপন করেছে। বাঁকুড়া জেলা নেটওয়ার্ক বর্ধিতকরণ প্রকল্পটি ৩০৬৯ টি গ্রামে ২৮.৩ লক্ষ গ্রামীণ জনসংখ্যাকে কভার করা হয়েছে। বাঁকুড়া জেলার অন্তর্গত বাঁকুড়া, বরজোড়া, বিশ্বম্ভপুর, গঙ্গাজলঘাটি, সিন্ধু, সোনামুখী এবং রাধাপুর তহসিলের গ্রাহকরা সরাসরি এই নেটওয়ার্ক বর্ধনের মাধ্যমে উপকৃত হবেন। সম্প্রসারণটি উচ্চ-গতির সংযোগে বিরামহীন কাজ করবে যা বাঁকুড়ার গ্রামীণ এলাকায় কাজ, পড়াশোনা এবং বিনোদনের জন্য নির্ভরযোগ্য মোবাইল নেটওয়ার্ক নিশ্চিত করবে। শুধু এই বছরেই, এয়ারটেল রাজ্যের প্রতি তার প্রতিশ্রুতি দ্বিগুণ করেছে এবং ৪জি, ৫ জি, ব্রডব্যান্ড এবং ফাইবার-এ নিরবিচ্ছিন্ন অভিজ্ঞতার জন্য নেটওয়ার্ক সংযোগ বাড়ানোর জন্য অতিরিক্ত ক্যাপেক্স বিনিয়োগ করেছে। রাজ্যের গ্রামীণ অঞ্চলগুলিতে কভারেজ প্রসারিত করতে এবং গ্রাহকদের উচ্চ-গতির সংযোগের শক্তি উপভোগ করতে, গ্রামীণ বর্ধন প্রকল্প আলিপুরদুয়ার, বাঁকুড়া, বর্ধমান, বীরভূম, দক্ষিণ দিনাজপুর, দার্জিলিং, হাওরা, হুগলি, জলপাইগুড়ি, ঝাড়গ্রাম, কালিম্পং, কোচবিহার, মালদা, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ২৪ পরগনা, প্রশিমন বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, দুর্গলিয়া, দক্ষিণ ২৪ পরগনা এবং উত্তর দিনাজপুর সহ পশ্চিমবঙ্গ জুড়ে রয়েছে। এয়ারটেল এই গ্রামীণ বর্ধিতকরণ প্রকল্পটি জাতীয়ভাবে চালাচ্ছে এবং ২০২৪ সালের মধ্যে দেশের ৬০,০০০ গ্রাম জুড়ে নেটওয়ার্ক সংযোগ বাড়াবে। পশ্চিমবঙ্গ কোম্পানির জন্য একটি বড় লক্ষ্য এবং এই উদ্যোগের সাথে, কোম্পানি ইতিমধ্যেই সমগ্র রাজ্য জুে ৩৭,৬৬১ টি গ্রাম জুড়ে তার নেটওয়ার্ক কভারেজ বাড়িয়েছে। নেটওয়ার্ক ক্ষমতা বাড়ানো এবং গ্রামীণ ও সংযোগহীন এলাকায় আরও গভীর পরিষেবা নিয়ে যাওয়ার লক্ষ্যে এয়ারটেল অতিরিক্ত ক্ষমতা স্থাপন করে রাজ্যে তার ফাইবারের উপস্থিতি বাড়িয়েছে। নতুন ফাইবার ক্ষমতা যুক্ত করা এই অঞ্চলে উচ্চ-গতির টোটা পরিষেবাগুলির চাহিদা বৃদ্ধিতে সহায়তা করবে। এই অঞ্চলে এয়ারটেলের নেটওয়ার্ক এখন মহাসড়ক, পর্বতন গন্তব্য এবং বাণিজ্য কেন্দ্র সহ সমস্ত প্রধান শহরে, আধা-শহরে এবং গ্রামীণ এলাকাগুলিকে কভার করে।

পিকআপ ভ্যান ও ছোট গাড়ির মুখোমুখি সংঘর্ষ, আহত তিন

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ মার্চ : পিকআপ ভ্যান ও ছোট গাড়ির মুখোমুখি সংঘর্ষ। আহত হলেন ছোট গাড়ির তিন জন। শনিবার ঘটনাটি ঘটেছে ধূপগুড়ির গণেশ মোড় এলাকায়। স্থানীয় সূত্রে জান যায়, ঘটনাটি ঘটেছে দুপুর ১ টা নাগাদ। একটি ছোট গাড়ি ফলাকাটার দিক থেকে ধূপগুড়ির দিকে আসছিলো এবং অপর দিক থেকে আসা পিকআপ ভ্যানটি ফলাকাটার দিকে যাচ্ছিলো। গণেশ মোড় এলাকায় দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনায় আহত তিনজনকে স্থানীয়রাই উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার জন্য ধূপগুড়ি মহকুমা হাসপাতালে নিয়ে যায়। দুর্ঘটনার জেরে ব্যাপক উত্তেজনা। ছড়ায় এলাকায়। গণেশ মোড় এলাকায় ট্রাফিক ব্যবস্থা, সাধারণ মানুষের নিরাপত্তা সূনিশ্চিত করার দাবিতে স্থানীয়রা জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করে। আসে ধূপগুড়ির দমকল বাহিনী। তবে তৎক্ষণে আহতদের স্থানীয়রা হাসপাতালে নিয়ে যায়। পরে ঘটনাস্থলে পৌঁছায় ধূপগুড়ি থানার আইসি ও ট্রাফিক ওসি সহ পুলিশকর্মীরা। দীর্ঘক্ষন জাতীয় সড়ক অবরুদ্ধ হয়ে থাকে। ব্যাপক যানচট্ট তৈরী হয়। এরপর স্থানীয়রা পুলিশ আধিকারিকদের সঙ্গে কথা বলেন। আইসি ও ট্রাফিক ওসির নির্দেশে তৎক্ষণাত্ ঘটনাস্থলে নিয়ে আসা হয় বেরিয়াল পুলিশ প্রশাসনের আশ্রমে অবরোধ তুলে নেন স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা অসীম পাল বলেন, রাষ্ট্রা ভালো হওয়ায় গাড়িগুলো ব্যাপক গতিতে চলাচল করে। যার ফলেই আজ এই দুর্ঘটনাটি ঘটল। এখানে জনবহুল এলাকা তাই আমাদের দাবি বেরিয়াল দেওয়া হোক। যাতে গাড়ি গুলো গতি কমিয়ে চলাচল করে।

ভোটের দামামা বাজতেই শুরু হয়ে গেল নির্বাচন কর্মীদের প্রশিক্ষণ

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ মার্চ : ভোটের দামামা বাজতেই জলপাইগুড়িতে শুরু হয়ে গেল নির্বাচন কর্মীদের প্রশিক্ষণ। শুরু হয়ে গেছে অন্যান্য প্রস্তুতিও। শনিবার থেকে জলপাইগুড়ি জেলার বিভিন্ন সরকারি বড় রেলের কর্মীরা প্রশিক্ষণে অংশ নিয়েছেন। শনিবার জলপাইগুড়ির আনন্দচন্দ্র কলেজে ভোট কর্মীদের প্রশিক্ষণ শুরু হয়েছে। বিভিন্ন বিষয়ে নিদুন ধরে ভোট কর্মীদের প্রশিক্ষণ হবে জলপাইগুড়িতে। জানা গিয়ে মোট দশটি রুমে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রতিটি রুমে পঞ্চাশজন করে সরকারি কর্মী রয়েছেন। প্রতিদিন দুই সেশনে প্রশিক্ষণ হচ্ছে। জলপাইগুড়ি জেলা প্রশাসন সূত্রে জানা গেছে ইডিএম মেশিন ও ভিডিপ্যাট সহ বিভিন্ন বিষয় নিয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে নির্বাচন কর্মীদের। প্রশিক্ষণ চলছে পোস্টাফিস ব্যালট নিয়েও। গত লোকসভা ভোটের সময় প্রতিটি ইডিএম মেশিনের সঙ্গে ভিডিপ্যাট সিস্টেম যুক্ত হয়েছিল। এবারও লোকসভা নির্বাচনের সময় ইডিএম মেশিনের সঙ্গে ভিডিপ্যাট সিস্টেম থাকছে বলে জানা গেছে।

গ্রীষ্মের শুরুতেই উত্তরের গ্রামে গ্রামে, শক্তিত বাসিন্দারা

দূরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ২৩ মার্চ : গ্রীষ্মের শুরুতেই জলের হাছাকার পড়েছে এলাকা জুড়ে। এ ছবি দক্ষিণ দিনাজপুরের তপন ব্লকের মালধা গ্রাম পঞ্চায়েত এলাকায়। পানীয় জল আনতে সাইকেল চালিয়ে গ্রামের মানুষরা যাচ্ছেন ২ কিলোমিটার দূরে। সরকারি বিভিন্ন প্রকল্পের আওতায় পানীয় জলের ব্যবস্থা হয়েছিল। কিন্তু কোনটা ৬ মাস কোনটা এক বছর চলেই বন্ধ হয়ে গেছে। তারপর আর সেই সমস্ত প্রকল্পকে চালু করার কোন উদ্যোগ নেই নি স্থানীয় পঞ্চায়েত বা প্রশাসন। এমনটাই অভিযোগ গ্রামবাসীদের। এখনও সেভাবে গ্রীষ্ম শুরু হয়নি, আগামী দু মাস পর এলাকার পানীয় জলের হাল কি হবে তা ভেবেই শঙ্কিত স্থানীয় বাসিন্দারা। তপন ব্লকের মালধা, গোফানগর, লক্ষ্মহাট, ডাইং সহ বিভিন্ন এলাকায় প্রতি বছরই তীব্র জলকষ্ট দেখা দেয়। ভৌগোলিক কারণে এই সমস্ত অঞ্চলে ভূগর্ভস্থ জলের স্তর এতটাই নিচে যে সাধারণভাবে ফল ওঠে না। কোথাও সাবমারসিবল, কোথাও মার্ক টু

মোটর ভ্যানের বেপরোয়া গতিতে প্রাণ গেল ছাত্রীর

দূরন্ত বার্তা, কালনা, ২৩ মার্চ : মোটর ভ্যানের বেপরোয়া গতিতে প্রাণ গেল এক ছাত্রীরা। ঘটনাটি ঘটে শনিবার সকালে কালনা থানার নিরলগাছির গ্রামে কালনা-বর্ধমান সড়কে। নিরলগাছির এই মৃত ছাত্রী সুদীপ্তা দাস (১৪) খাত্রীগ্রাম উচ্চ বিদ্যালয়ে অষ্টম শ্রেণিতে পড়তো। এদিন সকালে বাবা-মার সঙ্গে মর্নিং ওয়ার্ক করার পর বাড়িতে ঢোকার মুখে সে দুর্ঘটনার মধ্যে পড়ো। একটি বেপরোয়া গতির মোটর ভ্যান তাকে ধাক্কা মেরে পালিয়ে যায়। সুদীপ্তার মাথায় অঘাত লেগে কান- মুখ দিয়ে রক্ত বেরোতে শুরু করে। সঙ্গে সঙ্গে কালনা হাসপাতালে নিয়ে এলে তাকে মৃত বলে ঘোষণা করা হয়। এদিন মহান্যতদন্ত সম্পন্ন হয়।

কর্ণফ্লাওয়ারে বিটফলের রস মেলালেই তৈরি ভেষজ আবি্র!

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ মার্চ : কর্নফ্লাওয়ার, বিটফল সহ বিভিন্ন লতাপাতা ও প্রাকৃতিক উপাদান দিয়ে জলপাইগুড়িতে তৈরি করা হচ্ছে ভেষজ আবি্র। সামনেই রয়েছে বসন্ত উৎসব। এজন্য সরকারি উদ্যোগে বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা ওই ভেষজ আবি্র তৈরি করছেন। এর আগে জলপাইগুড়ির স্তর ব্লক প্রশাসনের পক্ষ থেকে পরিবেশ বান্ধব এই আবি্র বানানোর প্রশিক্ষণ দেওয়া হয় মহিলাদের। স্থানীয় বিডিও মিহির কর্মকারের উদ্যোগেই বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে ৬ জন করে মহিলাকে এই প্রশিক্ষণ দেওয়া হয়েছে। শেখানো হয়েছে লাল, গোলাপি, সবুজ ও নীল রঙের ভেষজ আবি্র তৈরির কৌশল। বিভিন্ন রকমের গাছের পাতা, ফুল ও ফল ব্যবহার করে তৈরি করা হচ্ছে এই আবি্র। জানা গেছে, ভেষজ এই আবি্র দিয়ে র খেললে কোনও ধরনের শারীরিক সমস্যা বা চর্মরোগ হওয়ার আশঙ্কা নেই। প্রশিক্ষকরা জানান, বিভিন্ন রকমের উপাদান ব্যবহার করে তৈরি করা হচ্ছে অন্যান্য রঙের আবি্র। বসন্ত উৎসবের সময় মহিলারা যাতে অর্থ উপার্জন করে স্বনির্ভর হতে পারেন, সেই জন্য এই আবি্র বিক্রির ব্যবস্থাও করা হয়েছে।

দূরন্ত বার্তা, বীরভূম, ২৩ মার্চ : মাত্র এক টাকার বিনিময়ে মিলছে দুপুরের পেট পুরে খাবার। দুঃস্থ, শূণ্য সন্ত, ও অসহায় মানুষদের কথা মাথায় রেখেই এই অভিনব উদ্যোগ নেওয়া হল একারণ পীঠের অন্যতম সতীপীঠ বীরভূমের কক্ষালীতলায়। উদ্যোক্তা পঞ্চায়েতের উপপ্রধান টিম মামন। ৫১ পীঠের অন্যতম সতীপীঠ কক্ষালীতলা। কক্ষালীতলায় থাকেন অনেক সাধু সন্ত, দুঃস্থ ও অসহায় মানুষরা।

দূরন্ত বার্তা, বীরভূম, ২৩ মার্চ : ঐতিহ্যবাহী বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের বিদ্যাভবনে শুক্রবার বিয়াল্লিশ তম অধ্যক্ষপদে আসীন হলেন বহুপুস্তকের প্রভোতা ও সম্মানিত অধিকারী ভাষাবিদ অধ্যাপক সিরাজুল ইসলাম। এই পদ বিহীনমিটিজ বিভাগের ডিনের পদমর্যাদা সম্পন্ন। এই পদে সিরাজুল ইসলামের পূর্বসূরীদের মধ্যে রয়েছেন পণ্ডিত জহুরাফার শশিত্রী, অমর্ত্য সেনের মাতামহ ক্ষীতিমোহন সেন, প্রবোধ চন্দ্র বাগচী, কালিদাস ভট্টাচার্যের মতো প্রবাদ প্রতিম ব্যক্তিত্ব। সিরাজুল ইসলাম যথেষ্ট যোগ্যতা সম্পন্ন এবং অভিজ্ঞতা সম্পন্ন ওয়া সত্ত্বেও সিরাজুল ইসলামকে নাকের বদলে নরুনের মতো বিভাগীয় ইনচার্জ করে রাখা হয়েছিল। দীর্ঘ বঞ্চনার পর এদলনে তার যোগ্যতা সুবিচার পেলে।

টিউবল বসিয়ে জলের ব্যবস্থা চেষ্টা করা হয়। কিন্তু তাও বারবার বিফল হয়। জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের পক্ষ থেকে পানীয় জলের পাইপলাইন বসালেও সেখান থেকেও নিয়মিত জল পাচ্ছেন না এলাকাবাসী। যার ফলে ছুটতে হচ্ছে দু কিলোমিটার দূরে। গ্রামের মহিলা থেকে পুরুষ সকলেই সাইকেল নিয়ে ছুটছেন পানীয় জলের সন্ধাননা। ডাইং গ্রামে অন্তত আড়াইশো মানুষের বসবাস। ২১ সালে এই গ্রামে সেলার পাম্প সেট লাগিয়ে একটি সাবমারসিবল বসানো হয়েছিল এবং সেখানে ১ হাজার লিটারের ওভারহেড ওয়াটার ট্যাঙ্ক বসানো হয়। লক্ষ্য ছিল গ্রামবাসীকে পানীয় জলের টোয়েন্টিফোর ইন টু সেডেন ২৪x৭ সুযোগ দেওয়া। ফিল্টনি ফিল্যাপ ২০২০-২১ খাতে ২ লাখ ৯৯ হাজার ৭০০ টাকা খরচ করে এই পানীয় জলের প্রকল্প বাসনা হয়। কিন্তু মাত্র বছরখানেকের মধ্যেই সেই প্রকল্প বন্ধ হয়ে যায়। প্রথম থেকেই এই প্রকল্পের মেশিনপত্র বারবার খারাপ হতে থাকে বলে

সাত সকালে অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য চোপড়ায়

দূরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২৩ মার্চ : সাত সকালে অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য ছড়ালো এলাকায়, ঘটনাটি ঘটেছে শনিবার সকালে উত্তর দিনাজপুর জেলার চোপড়া বিধানসভার অন্তর্গত সুজিছল এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, এদিন সকালে একটি বাড়িতে হঠাৎ আগুন দেখতে পায় স্থানীয়রা। তৎক্ষণাত স্থানীয়রা আগুন নেভানোর কাজে হাত লাগায়। আগুনের তীব্রতা এতটাই ছিল যে মুহূর্তের মধ্যেই ৪ টি বাড়িতে আগুন লাগে যায়। খবর দেওয়া হয় পুলিশ ও দমকল বাহিনীকে, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ ও দমকল বাহিনী। স্থানীয় ও দমকল বাহিনীর তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে আসলেও ৫ টি পরিবারের বেশ কয়েকটি ঘর আগুনে পুড়ে ছাই হয়ে যায়। এই ঘটনায় প্রায় ২৫ থেকে ৩০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানা যায়। স্থানীয়দের অনুমান রান্নার গ্যাস সিলিন্ডার থেকে আগুন লেগেছে।

ঝাড়গ্রামে পুকুরকে সৌন্দর্যায়ন করার সিদ্ধান্ত প্রশাসনের

দূরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২৩ মার্চ : একটি পুকুরকে সৌন্দর্যায়ন করার প্রকল্প হাতে নিয়েছিল রক্ত প্রশাসন। বছর ধরেই আগে প্রায় লক্ষাধিক টাকা ব্যয় করে পুকুরটিকে সৌন্দর্যায়নের কাজ শুরু করা হয়েছিল। জয়গাটি থিরে ফেনসিংও দেওয়া হয়েছিল। কিন্তু ওই পর্যন্ত। এর মাঝে পেরিয়ে গেছে দুটি বছর। আজও সেই জয়গা জুড়ে শুধুই আগাছা ভরা। অথচ এই জয়গা থিরে ছোট খাটো পার্ক তৈরি হলেও শিশুরা খেলাধুলা করতে পারত বলে স্থানীয়দের মতো। স্থানীয়রা শনিবার দাবি জানিয়েছে যেন জয়গাটিকে থিরে অবিলম্বে একটি পার্ক করে তোলা হয়। গোপীবল্লভপুর এক ব্লকের গোপীবল্লভপুর মোড় থেকে বার্গিডাড়া চক খাওয়ার পথে মূল পিচ রাস্তার একবোরে গায়ে একটি পুকুরকে কেন্দ্র করে একটি জয়গা পড়ে রয়েছে। ২০২২ সালে গোপীবল্লভপুর এক ব্লক প্রশাসনের উদ্যোগে এই জয়গাটিকে থিরে সৌন্দর্যায়ন করার পরিকল্পনা নেওয়া হয়েছিল। সেইজন্য জঙ্গল মহল আ্যকশন প্ল্যানের ৩ লক্ষ ৪৮ হাজার ৬৮১ টাকায় কাজও শুরু হয়েছিল। ঠিক ছিল পুকুরটি সংস্কার করে জয়গাটি পরিষ্কার করে সেখানে ফুল, ফলের গাছ লাগিয়ে এলাকা পার্কের মতো করা হবে। ওই পুকুরের জল কাজে লাগিয়ে বোটিং-এর ব্যবস্থা করার চিন্তা -ভাবনাও ছিল। কিন্তু কেবলমাত্র ফেনসিং-এর কাজটিই হয়েছে। তারের বেড়া দিয়ে চারিদিক ঘেরা রয়েছে। বর্তমানে তোলা লাগানো অবস্থায় রয়েছে স্থানটি। জয়গাটি আগায়ার ভরে গিয়েছে। স্থানীয় বাসিন্দারা চাইছেন এখানে শিশুদের খেলাধুলোর সামগ্রী দিয়ে শিশু পার্ক করে দেওয়া হোক। সকালে বা সন্ধ্যায় যাতে শিশুরা সেখানে খেলাধুলো করতে পারে। যদিও রক্ত প্রশাসন সূত্রে জানা গিয়েছে নির্ধাচন পরবর্তী সময়ে ওই জয়গাটি থিরে সৌন্দর্যায়ন করার চিন্তাভাবনা রয়েছে। জলশয়টি থিরে বেশ কিছু পরিকল্পনা নেওয়া হবে বলে প্রশাসন সূত্রে জানা গেছে। এই বিষয়ে গোপীবল্লভপুর এক ব্লকের বিডিও শ্যামদুন্দর মিশ্র বলেন নির্বাচনের পর ওই জয়গাটি থিরে পুরোপুরি সংস্কার করে সৌন্দর্যায়ন করা হবে। এমনকি ঢেলে সাজানো হবে জয়গাটিকে।

মালদা উত্তর থেকে দক্ষিণ বিজেপি ও তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা প্রচারে একে অপরকে টেক্সা দিচ্ছে

দূরন্ত বার্তা, মালদা, ২৩ মার্চ : মালদা উত্তর থেকে মালদা দক্ষিণ লোকসভা কেন্দ্রের বিজেপি ও তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা প্রচারে একে অপরকে টেক্সা দিতে দিচ্ছে। তৃণমূল কংগ্রেসের মালদা দক্ষিণ লোকসভা কেন্দ্রের প্রার্থী শাহনওয়াজ আলী রায়হান উত্তরবঙ্গ উন্নয়ন ও সেচ দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিনকে সাথে নিয়ে চম্বে বেড়াছেন মালদার কালাচাঁক ২নং ব্লক। কখনো ছড় খোলা জিপে আবার কখনো পায়ে ছোট্ট নিজের সমর্থনে ভোট চাইছেন। তখন বিজেপির প্রার্থী শ্রীরাণ মিত্র এটুধুরী মালদার ইংরেজবাজার জহরাতলা এলাকার জগ্রত জহুরাফার মৌদীর পুজো দিয়ে ভোট প্রচার করলেন। অন্যদিকে মালদা উত্তর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী খচোন মূর্মুও রহুয়া ২নং ব্লকের পুকুরিয়ার গোবরজনা কালী মন্দিরে পুজো দিয়ে জনসংযোগ করলেন। মালদা উত্তরের তৃণমূল কংগ্রেস প্রার্থী প্রসুন ব্যানার্জি।

কক্ষালীতলায় এক টাকার বিনিময়ে মিলবে এক মুঠো অন্ন

দূরন্ত বার্তা, বীরভূম, ২৩ মার্চ : মাত্র এক টাকার বিনিময়ে মিলছে দুপুরের পেট পুরে খাবার। দুঃস্থ, শূণ্য সন্ত, ও অসহায় মানুষদের কথা মাথায় রেখেই এই অভিনব উদ্যোগ নেওয়া হল একারণ পীঠের অন্যতম সতীপীঠ বীরভূমের কক্ষালীতলায়। উদ্যোক্তা পঞ্চায়েতের উপপ্রধান টিম মামন। ৫১ পীঠের অন্যতম সতীপীঠ কক্ষালীতলা। কক্ষালীতলায় থাকেন অনেক সাধু সন্ত, দুঃস্থ ও অসহায় মানুষরা।

বিদ্যাভবনের অধ্যক্ষপদে আসীন সিরাজুল

দূরন্ত বার্তা, বীরভূম, ২৩ মার্চ : ঐতিহ্যবাহী বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের বিদ্যাভবনে শুক্রবার বিয়াল্লিশ তম অধ্যক্ষপদে আসীন হলেন বহুপুস্তকের প্রভোতা ও সম্মানিত অধিকারী ভাষাবিদ অধ্যাপক সিরাজুল ইসলাম। এই পদ বিহীনমিটিজ বিভাগের ডিনের পদমর্যাদা সম্পন্ন। এই পদে সিরাজুল ইসলামের পূর্বসূরীদের মধ্যে রয়েছেন পণ্ডিত জহুরাফার শশিত্রী, অমর্ত্য সেনের মাতামহ ক্ষীতিমোহন সেন, প্রবোধ চন্দ্র বাগচী, কালিদাস ভট্টাচার্যের মতো প্রবাদ প্রতিম ব্যক্তিত্ব। সিরাজুল ইসলাম যথেষ্ট যোগ্যতা সম্পন্ন এবং অভিজ্ঞতা সম্পন্ন ওয়া সত্ত্বেও সিরাজুল ইসলামকে নাকের বদলে নরুনের মতো বিভাগীয় ইনচার্জ করে রাখা হয়েছিল। দীর্ঘ বঞ্চনার পর এদলনে তার যোগ্যতা সুবিচার পেলে।

অভিযোগ। সংশ্লিষ্ট দফতরকে খবর দিয়েও তারা বার কয়েক মেরামত করে গেলেও পরে আর হাজার ডাকাডাকিতেও তাদের দেখা পাওয়া যায়নি। যার ফলে গ্রামবাসীদের এখন দু কিলোমিটার দূরে জল আনতে যেতে হয়। এছাড়া নিজা নৈমিত্তিক কাজের জন্য পুকুরের পচা জল ভরসা। বাসন খোয়া, কাপড় কাচা বা স্নান করার জন্য পুকুরেই জলই ব্যবহার করেন এই এলাকার মানুষ। কিন্তু সেই জল কতদিন থাকবে তা নিয়েও সন্দেহ রয়েছে। কারণ পুকুরের মাঝামাঝিতে গিয়ে এই সমস্ত পুকুর শুকিয়ে যাবে তখন পানীয় জলের ব্যবস্থা কি হবে তা নিয়ে এখন থেকেই চিন্তায় রয়েছেন গ্রামবাসীরা। বছর দশেক আগে প্রাথমিকপূর সার্বভিভিশনের পুনর্ভবা নদীর থেকে জল তুলে তখন ব্লকের বিত্তীর্ণ এলাকায় বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার প্রকল্প শুরু হয়েছিল। সেই প্রকল্প আজও সম্পূর্ণ হয়নি। যার ফলে পানীয় জলের সমস্যার স্থায়ী সমাধান থেকেই এই প্রকল্পের মেশিনপত্র বারবার খারাপ হতে থাকে বলে

অভিযোগ। সংশ্লিষ্ট দফতরকে খবর দিয়েও তারা বার কয়েক মেরামত করে গেলেও পরে আর হাজার ডাকাডাকিতেও তাদের দেখা পাওয়া যায়নি। যার ফলে গ্রামবাসীদের এখন দু কিলোমিটার দূরে জল আনতে যেতে হয়। এছাড়া নিজা নৈমিত্তিক কাজের জন্য পুকুরের পচা জল ভরসা। বাসন খোয়া, কাপড় কাচা বা স্নান করার জন্য পুকুরেই জলই ব্যবহার করেন এই এলাকার মানুষ। কিন্তু সেই জল কতদিন থাকবে তা নিয়েও সন্দেহ রয়েছে। কারণ পুকুরের মাঝামাঝিতে গিয়ে এই সমস্ত পুকুর শুকিয়ে যাবে তখন পানীয় জলের ব্যবস্থা কি হবে তা নিয়ে এখন থেকেই চিন্তায় রয়েছেন গ্রামবাসীরা। বছর দশেক আগে প্রাথমিকপূর সার্বভিভিশনের পুনর্ভবা নদীর থেকে জল তুলে তখন ব্লকের বিত্তীর্ণ এলাকায় বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার প্রকল্প শুরু হয়েছিল। সেই প্রকল্প আজও সম্পূর্ণ হয়নি। যার ফলে পানীয় জলের সমস্যার স্থায়ী সমাধান থেকেই এই প্রকল্পের মেশিনপত্র বারবার খারাপ হতে থাকে বলে

অভিযোগ। সংশ্লিষ্ট দফতরকে খবর দিয়েও তারা বার কয়েক মেরামত করে গেলেও পরে আর হাজার ডাকাডাকিতেও তাদের দেখা পাওয়া যায়নি। যার ফলে গ্রামবাসীদের এখন দু কিলোমিটার দূরে জল আনতে যেতে হয়। এছাড়া নিজা নৈমিত্তিক কাজের জন্য পুকুরের পচা জল ভরসা। বাসন খোয়া, কাপড় কাচা বা স্নান করার জন্য পুকুরেই জলই ব্যবহার করেন এই এলাকার মানুষ। কিন্তু সেই জল কতদিন থাকবে তা নিয়েও সন্দেহ রয়েছে। কারণ পুকুরের মাঝামাঝিতে গিয়ে এই সমস্ত পুকুর শুকিয়ে যাবে তখন পানীয় জলের ব্যবস্থা কি হবে তা নিয়ে এখন থেকেই চিন্তায় রয়েছেন গ্রামবাসীরা। বছর দশেক আগে প্রাথমিকপূর সার্বভিভিশনের পুনর্ভবা নদীর থেকে জল তুলে তখন ব্লকের বিত্তীর্ণ এলাকায় বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার প্রকল্প শুরু হয়েছিল। সেই প্রকল্প আজও সম্পূর্ণ হয়নি। যার ফলে পানীয় জলের সমস্যার স্থায়ী সমাধান থেকেই এই প্রকল্পের মেশিনপত্র বারবার খারাপ হতে থাকে বলে

অভিযোগ। সংশ্লিষ্ট দফতরকে খবর দিয়েও তারা বার কয়েক মেরামত করে গেলেও পরে আর হাজার ডাকাডাকিতেও তাদের দেখা পাওয়া যায়নি। যার ফলে গ্রামবাসীদের এখন দু কিলোমিটার দূরে জল আনতে যেতে হয়। এছাড়া নিজা নৈমিত্তিক কাজের জন্য পুকুরের পচা জল ভরসা। বাসন খোয়া, কাপড় কাচা বা স্নান করার জন্য পুকুরেই জলই ব্যবহার করেন এই এলাকার মানুষ। কিন্তু সেই জল কতদিন থাকবে তা নিয়েও সন্দেহ রয়েছে। কারণ পুকুরের মাঝামাঝিতে গিয়ে এই সমস্ত পুকুর শুকিয়ে যাবে তখন পানীয় জ

খাওয়া-দাওয়া

সজনে ডাঁটা ও ফুলের মুখরোচক খাবার, রইল কিস্তিমাত করার রকমারি রেসিপি

বসন্তের মরশুম চলছে সজনের মত বিকল্প আর কিছু হয় না সজনে ডাঁটা, সজনে ফুল, এই মরশুমি সবজি দিয়ে রকমারি পদ তৈরি করা যেতেই পারে তবে অনেকেই সজনে ডাঁটা খেতে চান না কিংবা সজনে ডাঁটার একইরকম রেসিপি খেতে একঘেয়ে লাগে অনেকের তবে সজনে ডাঁটার পুষ্টিগুণ কিন্তু অনেক সেই প্রেক্ষিতেই রেসিপি, স্বাদে-পুষ্টিতে ভরপুরসজনে ডাঁটা দিয়ে কাতলার ঝোল

উপকরণ-৪ পিস মাছ,২টো সজনে ডাঁটা (কাটা),১টি বড় সাইজের আলু টুকরো করা, দেড় টেবিল চামচ সরষে বাটা,১ চা চামচ জিরে বাটা,আধ চা চামচ পাঁচফোড়ন,১ চামচ আদাবাটা,৬টি বড়ি (ভাজা),কাঁচা লঙ্কা,স্বাদ অনুযায়ী নুন,আধ কাপ সরষের তেল,লঙ্কাগুঁড়ো, হলুদ গুঁড়োকে ভাবে বানাবেন- প্রথমে মাছের পিস ভালো করে ধুয়ে নুন-হলুদ মাখিয়ে

ভেজে তুলে রাখুন সেই তেলে পাঁচফোড়ন দিয়ে সমস্ত সবজিগুলো দিয়ে নুন দিয়ে ভাজুন এবার তাতে জিরে বাটা, লঙ্কাগুঁড়ো, হলুদ গুঁড়ো, আদাবাটা দিয়ে কষান এবার সমস্ত মশলা কষে এলে অল্প জল দিয়ে সরষেবাটা দিয়ে ঢেকে দিন হালকা টেনে এলে ভাজা মাছ ও ভাজা বড়ি দিয়ে ফের ঢেকে ২ মিনিট ফোটান ঝোল শুকিয়ে পর্যাণ্ড হয়ে এলে নামিয়ে নিন সরষে-পোস্ত সজনে-

উপকরণ- ১০-১২ টি সজনে ডাঁটা,২ টি কাঁচা লঙ্কা,স্বাদ অনুযায়ী নুন,২ টেবিল চামচ সরষের তেল,২ টেবিল চামচ কালো, সাদা সরষে,১ টেবিল চামচ পোস্ত বাটা,আধ চা চামচ হলুদ গুঁড়ো,আধ চা চামচ লঙ্কা গুঁড়ো,আধ চা চামচ কালো জিরা,২ টি শুকনো লঙ্কাকি ভাবে বানাবেন- প্রথমে সজনে ডাঁটাগুলো টুকরো করে কেটে নিয়ে ধুয়ে নিন কড়াই



তেলগরম করে কালো জিরে ফোড়ন দিয়ে ডাঁটাগুলো হালকা করে ভেজে নিন এবার সরষে-পোস্ত বাটা একটি বাটিতে নিয়ে

হলুদগুঁড়ো, লঙ্কাগুঁড়ো, অল্প জল দিয়ে গুলে একটা মিশ্রণ বানিয়ে নিন এবার কড়াই সেই মিশ্রণটি ঢেলে কাঁচা লঙ্কা চিরে ঢেকে দিন

সজনে ডাঁটা সেক্র হয়ে এলে সরষে-পোস্তর ঝোল গা মাখা হয়ে এলে নামিয়ে গরম ভাতের সঙ্গে পরিবেশন করুন

দোলের দিন রাঁধুন লোভনীয় স্বর্ণ খিচুড়ি

দোল উত্সবে ভোগে রাঁধুন স্বর্ণ খিচুড়ি দোলের দিন অনেকের বাড়িতে কুশের পূজো হয় আর সেদিন ভোগ হবেনই ডুনা খিচুড়িটাই সাধারণত রান্না করা হয় তবে এরছন্ন নাহয় ভোগেও খাবুক নতুনত্ব পুরাতনকে আঁকড়ে ধরেই কুশের ভোগে রাঁধুন স্বর্ণখিচুড়ি কি বাবে করবেন দেখে নিন-
উপকরণ- গোবিন্দভোগ চাল (১ কাপ), সোনামুগ ডাল (১ কাপ), পনির (১ কাপ), ভাজা চিনাবাদাম (১ কাপ, খোসা ছাড়ানো), মটরশুঁটি (১২ কাপ), মাখন (৬৪



চামচ), সয়াবিন সেক্র করে ভাজা (১২ কাপ), জিরে বাটা (১ চা-চামচ), আদা বাটা (১ চা-চামচ), ধনে বাটা (১ চা-চামচ), নুন (স্বাদ অনুযায়ী), গরম মশলা (এক চিমটে), পাঁচফোড়ন (অল্প), শুকনো লঙ্কা গুঁড়ো (অল্প), শুকনো লঙ্কা গোটা (২টি), তেজপাতা (২টি), কাঁচালঙ্কা (২৬টি), হলুদ গুঁড়ো (১ চামচ)

কি ভাবে তৈরী করবেন- প্রথমে ডাল হালকা ভেজে নিন চাল ধুয়ে কড়াইতে একটু মাখন দিয়ে অল্প

ভেজে নিন এবারে হাঁড়িতে চাল-ডাল একসঙ্গে দিয়ে পরিমাণমতো জল দিন ফুটে উঠলে নুন, আদা-জিরে-ধনে বাটা, কাঁচালঙ্কা, লঙ্কার গুঁড়ো, মটরশুঁটি দিয়ে ভালোভাবে হাতা দিয়ে নাড়িয়ে নিন সেক্র হয়ে গেলে ভাজা পনিরের টুকরো, চিনাবাদাম, সয়াবিন ভাজা দিয়ে কিছুক্ষণ ফোটাতে হবে এবারে একটা কড়াইতে তেজপাতা, শুকনো লঙ্কা ও পাঁচফোড়ন গরম করে হাঁড়িতে ছেড়ে দিন ও গরম মশলা, মাখন ছড়িয়ে পরিবেশন করুন

অঙ্গনওয়াড়ি কেন্দ্রের দিদিমণির ছুড়ে ফেলা গরম জলে গুরুতর আহত দুই শিশু, হাসপাতালে দেখতে গেলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

আগরতলা, ২৬ মার্চঃ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের দিদিমণির ছুড়ে ফেলা গরম জলেগুরুতর আহত দুই শিশু কন্যাকে জিবি হাসপাতালে দেখতে গেলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতীমা ভৌমিক। কর্তব্যরত চিকিৎসকদের কাছ থেকে আহত শিশু কন্যা দুজনের শারীরিক অবস্থার খোঁজখবর নেন এবং তাদের উন্নত চিকিৎসার জন্য যদি বহিরাংজে কোথাও পাঠাতে হয় তার জন্য সাহায্যেরও আশ্বাস দেন তিনি। প্রসঙ্গত, দুই অবুঝ শিশু কন্যার উপর গরম জল ঢেলে গুরুতরভাবে আহত করল অঙ্গনওয়াড়ি সেন্টারের এক শিক্ষিকা। জানা গেছে গত ২০ মার্চ বুধবার মেলাঘর থানার অন্তর্গত বেরাগীমুড়া অঙ্গনওয়াড়ি সেন্টারে অন্যান্যদের সাথে এলাকার দুই শিশু কন্যাকে নির্ধারিত সময় অনুযায়ী অঙ্গনওয়াড়ি সেন্টারে যায়। দুই অবুঝ শিশুকন্যা অঙ্গনওয়াড়ি সেন্টারের কিছুক্ষণ থাকা পর তারা হাসপাতালে সেস্টারের বাইরে খেলা করছিল। আর তখনই অঙ্গনওয়াড়ি সেন্টারের শিক্ষিকা জয়লক্ষ্মী সরকার দেববর্মী অঙ্গনওয়াড়ি সেন্টারের ভেতর থেকেই গরম জল বাইরে ফেললে সেই গরম জল পাঁচ বছরের পাংতি দেববর্মী এবং

সাদে পাঁচ বছরের হামাড়ি দেববর্মার শরীরে পরে। গরম জল তাদের শরীরে পরার পর একজন সঙ্গে সঙ্গে অঙ্গান হয়ে পড়ে আর অপর শিশু কন্যাটি চিংকার শুরু করলে আশেপাশের বাড়ি ঘরের লোকজন ছুটে আসে অঙ্গনওয়াড়ি সেন্টারের দায়িত্বজ্ঞানহীন শিক্ষিকা জয়লক্ষ্মী সরকার দেববর্মী এবং হেষ্কার কাঞ্চনমালা দেববর্মীকে হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য চাপ সৃষ্টি করলে তারা আহত দুই শিশু কন্যাকে মেলাঘর হাসপাতালে নামমাত্র চিকিৎসা করে বাড়িতে দিয়ে আসে। সেদিনেই রাতের বেলা আহত দুই শিশু কন্যা বলশে যাওয়া শরীরের যন্ত্রণায় চটফট করতে থাকলে তড়িঘড়ি আহত দুই অবুঝ শিশু কন্যার পরিবারের লোকজন মেলাঘর হাসপাতালে নিয়ে এসে ভর্তি করান। একদিন মেলাঘর হাসপাতালে ভর্তি থাকার পর তাদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় ২১ মার্চ অর্থাৎ বৃহস্পতিবার হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকরা তাদের উন্নত চিকিৎসার জন্য জিবি হাসপাতালে রেফার করে দেয়। দুই অবুঝ শিশু সন্তানের আশঙ্কাজনক অবস্থার কথা জানতে পেরে অঙ্গওয়াড়ী



সেন্টারের দায়িত্বজ্ঞানহীন শিক্ষিকা জয়লক্ষ্মী সরকার দেববর্মী নিজের দায়িত্ব খালস পেতে সামান্য কিছু টাকা আহত দুই শিশু কন্যার পরিবারের লোকজনদের হাতে তুলে দেয় যা আহতদের একবেলা ওষুধ কেনার টাকাও হয়নি। অন্যদিকে দপ্তরের সন্মান বাঁচাতে মেলাঘরের সি ডি পি ও বৃহস্পতিবার সহযোগিতা না করেই শুধুমাত্র চোখের দেখা দেখে যায়। বর্তমানে আহত দুই শিশু কন্যা জিবি হাসপাতালে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। হাসপাতালের চিকিৎসকরা জানিয়েছেন দুই শিশু কন্যার শরীরের বেশিরভাগ অংশই গরম

জল পড়ার ফলে বলসে গেছে। অর্থের অভাবে তারা সমগ্র মত চিকিৎসকদের কথা অনুসারে ওষুধ কিনতেও পারছেন না। অঙ্গনওয়াড়ী সেন্টারের শিক্ষিকার এই ধরনের দায়িত্বজ্ঞানহীন আচরণে গোটা এলাকা জুড়ে তীব্র নিন্দার ঝড় বইছে। শুক্রবার দুপুরে আহত দুই শিশু কন্যার পরিবারের লোকজন সবদিকবাক্ষের দ্বারস্থ হয়ে রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে বিনম্র আর্জি জানিয়েছেন মুখ্যমন্ত্রী যদি আশঙ্কাজনক দুই শিশু কন্যাকে সাহায্য সহযোগিতার হাত বাড়িয়ে দেয় তাহলে হয়তো এই দুই শিশু কন্যা প্রাণে বেঁচে যেতে পারে।

মথুরাপুর

লোকসভা কেন্দ্রে প্রচারে এগিয়ে

তৃণমূল

দক্ষিণ ২৪ পরগনা, ২৬ মার্চঃ লোকসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হলেও এখনো পর্যন্ত মথুরাপুর লোকসভা কেন্দ্রে বিজেপি এবং সিপিআইএমের পক্ষ থেকে প্রার্থী ঘোষণা করা হয়নি। তাই প্রচারের ময়দানে এগিয়ে মথুরাপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী বাপি হালদার। ইতিমধ্যে এই লোকসভা নির্বাচনের দামামা বেজে গিয়েছে। গত দশই মার্চ ব্রিগেড ময়দান থেকে বাংলায় ৪২ টি আসনে তৃণমূলের প্রার্থী তালিকা ঘোষণা করা হয়েছে। মথুরাপুর লোকসভা কেন্দ্রে এবারের তৃণমূলের প্রার্থী নতুন মুখ বাপি হালদার। এদিন কাকদ্বীপ বিধানসভার বিধায়ক মন্ট্রাম পাথিরাকে সঙ্গে নিয়ে নারায়নপুর বাজারে কালী মন্দিরে পূজা দিয়ে কাকদ্বীপ বিধানসভায় ভোট প্রচার শুরু করলেন বাপি। তৃণমূল প্রার্থী বাপি হালদারের ভোট প্রচার কে ঘিরে নারায়ণ পুর অঞ্চল তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের মধ্যে উদ্দামদা। প্রার্থী সঙ্গে সবুজ আবার খেলায় মেতে উঠলে কর্মী সমর্থকরা। মথুরাপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী বাপি হালদারের জয় নিয়ে একশ শতাংশ আশাবাদী দলীয় কর্মী সমর্থকেরা। অন্যদিকে নিজের জয় নিও একশ শতাংশ আশাবাদী তৃণমূল প্রার্থী বাপি হালদার।

মহুয়ার অফিস

এবং বাবার বাড়িতে হানা, প্রতিক্রিয়া

কুণালের

কলকাতা, ২৬ মার্চ ঃ লোকসভার মুখেই কৃষ্ণনগরের প্রার্থী মহুয়া মৈত্রের নদিয়ার অফিস এবং বাবার কলকাতার বাড়িতে হানা দেয় সিবিআই। জানা গিয়েছে, সন্ধ্যার পর করিমপুরে মহুয়ার বাড়িতে হানা দিতে চলেছে সিবিআই এর পেছনে ‘গভীর ষড়যন্ত্র’ দেখাছে তৃণমূল কংগ্রেস। ভোটের মুখে তৃণমূলের প্রার্থীকে পর্যাপ্ত করতেই এই কেন্দ্রীয় এজেন্সির ব্যবহার বলে বিজেপির বিরুদ্ধে জোরালো দাবি তৃণমূল কংগ্রেসের। সিবিআই হানার প্রতিবাদ করে তৃণমূল নেতা কুণাল ঘোষ বলেন, ‘মহুয়া মিত্রের বিরুদ্ধে একটি গভীর চক্রান্ত হচ্ছে। তিনি আমাদের প্রার্থী, তিনি লড়বেন এবং জিতবেন। এই চক্রান্তের জবাব কৃষ্ণনগরের মানুষ দেনো।’কুণালের কথায়, যেভাবে ইফেক দিয়ে দিল্লির মুখ্যমন্ত্রীকে হেফতার করানো হল, যেভাবে সিবিআই, ইডি, আয়কর বিভাগকে পশ্চিমবঙ্গের বিভিন্ন তৃণমূল নেতাদের বাড়িতে পাঠিয়ে হেনস্থা করা হচ্ছে, এটা থেকে প্রমাণিত হচ্ছে, বিজেপি মরিয়া হয়ে গিয়েছে লোকসভা নির্বাচনে তাঁদের হার থেকে নিজেদের বাঁচাতে।

নাম পরিবর্তন
‘আমি, Alo Paul এবং Alorani Paul (পূর্বাতন নাম) স্বাক্ষী Bishnu Prasad Paul, টিকানা- C-222, Survey Park, P.O.-Santoshpur, P.S.- Survey Park, Kolkata-700075, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated 20.03.2024 এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Alo Rani Paul (নতুন নাম) নামে পরিচিত হলাম। Alo Rani Paul (নতুন নাম) এবং Alo Paul এবং Alorani Paul (পূর্বাতন নাম) একই ব্যক্তি।

Name Change
I, (Old Name) FARAJ ALI MONDAL S/o MAMTALI MONDAL, Residing at Patpukur, Digha, Dist- Nadia, Pin- 741154, West Bengal. Do hereby declare that I have Changed my name from FARAJ ALI MONDAL TO FAROUJ MONDAL (New name) and hence forth I Shall be Known as (New name) FAROUJ MONDAL in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, FAROUJ MONDAL and FARAJ ALI MONDAL both are Same and one identical person.

Name Change
I, (Old Name) MD BADARUDDIN S/o AYOBO SK, Residing at Vill- Mathpara, Post- Begumbari, Ps - Beldanga, Dist- Murshidabad, Pin- 742133, West Bengal. Do hereby declare that I have Changed my name from MD BADARUDDIN TO BADARUDDIN SK (New name) and hence forth I Shall be Known as (New name) BADARUDDIN SK in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, BADARUDDIN SK and MD BADARUDDIN both are Same and one identical person.

Name Change
I, (Old Name) ABDUL AZIZ S/o- MOHAMMAD HOSSAIN Residing at Vill- Bajegopalinagar, Post- Natungram, Ps - Kandli, Dist- Murshidabad, Pin- 742137, West Bengal. Do hereby declare that I have Changed my name from ABDUL AZIZ TO ABDUL AZIZ SK (New name) and hence forth I Shall be Known as (New name) ABDUL AZIZ SK in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, ABDUL AZIZ SK and ABDUL AZIZ both are Same and one identical person.

Name Change
I, (Old Name) ANJURI BIBI W/o- LATE SEKH MALEK Residing at Vill- Chandpara, Post- Elkhora, Ps - Ratua, Dist- Malda, Pin- 732204, West Bengal. Do hereby declare that I have Changed my name from ANJURI BIBI TO ANJURE BEWA (New name) and hence forth I Shall be Known as (New name) ANJURE BEWA in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, ANJURE BEWA and ANJURI BIBI both are Same and one identical person.

Name Change
I, (Old Name) MYNUL HOQUE & MD MAINUL HOQUE S/o HAREJ ALI Residing at Vill- Naldahari, Post- Laloga, Ps - Laloga, Dist- Murshidabad, Pin- 742148, West Bengal. Do hereby declare that I have Changed my name from MYNUL HOQUE & MD MAINUL HOQUE TO MAINUL HAQUE (New name) and hence forth I Shall be Known as (New name) MAINUL HAQUE in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, MAINUL HAQUE and MYNUL HOQUE & MD MAINUL HOQUE both are Same and one identical person.

Name Change
I, (Old Name) PARNASHA GUPTA W/o- HIMADRI ROY Residing at Vill- New bansbari, Post- Jhaljhaila, Ps - Englishbazar, Dist- Malda, Pin- 732102, West Bengal. Do hereby declare that I have Changed my name from PARNASHA GUPTA TO PARNASHA GUPTA ROY (New name) and hence forth I Shall be Known as (New name) PARNASHA GUPTA ROY in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, PARNASHA GUPTA ROY and PARNASHA GUPTA both are Same and one identical person.

Name Change
I, (Old Name) SAMPAA BARMAN W/o- SURAJIT BARMAN Residing at Vill- Hatkhola Ghoshpara, Post- Malda, Ps - Englishbazar, Dist- Malda, Pin- 732101, West Bengal. Do hereby declare that I have Changed my name from SAMPAA BARMAN TO SAMPAA GHOSH BARMAN (New name) and hence forth I Shall be Known as (New name) SAMPAA GHOSH BARMAN in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, SAMPAA GHOSH BARMAN and SAMPAA BARMAN both are Same and one identical person.

Name Change
I, (Old Name) UMA KAR W/o- BIJAN KAR Residing at Vill- West halderpur, Post- Malda, Ps - Englishbazar, Dist- Malda, Pin- 732101, West Bengal. Do hereby declare that I have Changed my name from UMA KAR TO UMA SARKAR (New name) and hence forth I Shall be Known as (New name) UMA SARKAR in all purpose 'I vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 07/03/2024, UMA SARKAR and UMA KAR both are Same and one identical person.

Name Change
I SEKH SAFI ALI SON OF SHAIK AJIM, RESIDING AT Address. VILL-KANTABANI, PO-GOBRA, PS-RAMNAGAR, DIST-EAST MEDINIPUR, PIN-721441, MY FEW DOCUMENTS MY NAME IS MENTIONED AS SEKH SAFI ALI AND SK SAFI ALI SHALL HENCEFORTH BE KNOWN AS SHAIK SAFI ALI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024.THAT SEKH SAFI ALI AND SK SAFI ALI AND SHAIK SAFI ALI ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I ROSNA BIBI,WIFE OF SHAIK SAFI ALI, RESIDING AT VILL-KANTABANI, PO-GOBRA, PS-RAMNAGAR, DIST-EAST MEDINIPUR, PIN-721441, WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS ROSNARA BIBI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024.THAT ROSNA BIBI AND ROSNARA BIBI BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I SAKHER SAHA, S/O RAMNATH SAHA, R/O 44/45, SHYAMNAGAR ROAD, PURBA BANGA COLONY, PO BANGUR AVENUE, PS DUMDUM NORTH 24 PARGANAS, PIN-700055, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SEKHAR SAHA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 20/03/2024, THAT SAKHER SAHA AND SEKHAR SAHA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I MD ASRAF ALI MONDAL, S/O AITALBARI MONDAL, R/O NATHKURA, BARBARIA, DHANTALA, NADIA, PIN- 741501, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ASRAF ALI MONDAL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 20/03/2024 THAT MD ASRAF ALI MONDAL, AND ASRAF ALI MONDAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SK ALAM, SON OF RUHLUL AMIN MONDAL, RESIDING AT VILL-DAKSHIN GARANKATI, PO& PS-KULTALI, SOUTH 24 PARGANAS -743338, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ALAM MONDAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT BARUIPUR ON 14/03/2024.THAT SK ALAM AND ALAM MONDAL BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, Swrapu Ghosh D/o Nirmal Kumar Ghosh residing at 26/43, Dum Dum Road, Cossipore, Kolkata – 700002 declare that in my Madhyamik Certificate my father's name is recorded as Nirmal Ghosh instead of his actual name Nirmal Kumar Ghosh as mentioned in his Aadhar Card.That Nirmal Kumar Ghosh and Nirmal Ghosh is the same and one identical person i.e., my father vide affidavit dated 23.03.24 before Notary Public at C.M.M's court Kolkata.

Name Change
I ASLAM PARVEZ, S/O MAHMOODUL HASAN, R/O 26G, KUSTIA ROAD, PS TILJALIA, KOLKATA – 700039, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD ASLAM PARVEZ, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024, THAT ASLAM PARVEZ AND MD ASLAM PARVEZ ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SOMA DAS, RESIDING AT 87/61 CHANDRA MASTER ROAD, PO-ANWA CHANDANPURI, PS-TITAGARH, NORTH 24 PARGANAS -700122 WEST BENGAL DO HEREBY INFORMED THAT MY FATHER LATE MRIDUL BOSE (OLD NAME) SHALL HENCEFORTH BE KNOWN AS LATE DEBOPRASAD BOSE @ DEBAPRASAD BOSE (NEW NAME) VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 21/03/2024.THAT LATE MRIDUL BOSE AND LATE DEBOPRASAD BOSE @ DEBAPRASAD BOSE BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I SOMA DAS(OLD NAME) WIFE OF BISWANATH DAS, RESIDING AT 87/61 CHANDRA MASTER ROAD, PO-ANWA CHANDANPURI, PS-TITAGARH, NORTH 24 PARGANAS -700122 WEST BENGAL SHALL HENCEFORTH BE KNOWN AS SOMA DAS BOSE (NEW NAME) VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 21/03/2024.THAT SOMA DAS AND SOMA DAS BOSE BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I SUBHAS SARKAR, S/O AMUZYA SARKAR, R/O 187 A P C ROY ROAD, NORTH DUMDUM, PS NIMTA, (N), 24 PARGANAS, PIN-700051, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUBAS CHANDRA SARKAR, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024, THAT SUBAS CHANDRA SARKAR AND SUBHAS SARKAR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SK NAGUYIH HOSSAIN, S/O SK ABDUL AZIZ, R/O DENAN, DAKSHIN PARA, AMALHARA, EAST MIDNAPORE, PIN-721134, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SK NAGUYIH HOSSAIN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024, THAT SK NAGUYIH HOSSAIN AND SK NAGUYIH HOSSAIN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I ARUN KUMAR GHOSH, S/O KARTICK GHOSH, R/O 24/1A, H K SARKAR ROAD, TALPUKUR, BARRACKPORE, NORTH 24 PARGANAS, PIN-700123, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ARUN GHOSH, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT ALIPORE COURT ON 22/03/2024, THAT ARUN GHOSH AND ARUN KUMAR GHOSH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I DHIRENDRA NATH HALDER, S/O LATE JAMINIKANTA HALDER, R/O VILL KANAIPUR COLONY, PO KANAIPUR, PS UTTARPARA, HOOGHLY -712234, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS DHIREN HALDER, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024, THAT DHIREN HALDER AND DHIRENDRA NATH HALDER ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I BUR HANUDDIN FORWARD, S/O EMRAN MULLA HAKIMUDDIN R/O P/294/1, DAR GAH ROAD, 3RD FLOOR, KOLKATA -700017, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS BURHANUDDIN ALIRAJURWALA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024, THAT BUR HANUDDIN FORWARD AND BURHANUDDIN ALIRAJURWALA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I, imran khan, s/o late sekh shahjahan, r/o 4/2a, chamru khansama lane, beniapukur, kolkata - 700017 w.b., I, declare that my father old name md ismail sk shahjahan, sk shahjahn, shall henceforth be known as sekh shahjahan, vide an affidavit sworn before the notary public at kolkata on 06-03-2024

Name Change
I IMRAN FORWARD, S/O LATE MULLA HAKIMUDDIN, R/O P/294/1, DARGAH ROAD, PS BENIAPUKUR, KOLKATA -700017, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS EMRAN MULLA HAKIMUDDIN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2024, THAT IMRAN FORWARD AND EMRAN MULLA HAKIMUDDIN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SOMA SADHUKHAN SAHA,WIFE OF SWAPAN SADHUKHAN, RESIDING AT 8A NEPAL BHATTACHARJEE STREET, 3RD FLOOR, PO-KALIGHAT, KOLKATA -700026, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS SOMA SADHUKHAN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD METROPOLITAN MAGISTRATE AT KOLKATA ON 21/03/2024.THAT SOMA SADHUKHAN SAHA AND SOMA SADHUKHAN BOTH THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, Debu Makal (old name) S/O Kamal Makhal, residing at Vill- Bonhooghly, P.O.- Bonhooghly, P.S.- Narendrapur, Dist- South 24 Pgs, Pin-700103, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Debu Makhal (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 22/03/2024. Debu Makhal (new name) and Debu Makal (old name) both are same identical person.

Name Change
I, Anowara Bibi (old name) W/O Md Saokat Ali, residing at Vill- Paschim Bibipur, P.O.- Begumpur, P.S.- Matia, Dist- North 24 Pgs, Pin-743437, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Anwara Bibi (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 22/03/2024. Anwara Bibi (new name) and Anowara Bibi (old name) both are same identical person.


Name Change
I, Rafiqul Gazi (old name) S/O Afchar Gazi, residing at Vill- Swarupnagar, P.O.- Banglani, P.S.- Swarupnagar, Dist- North 24 Pgs, Pin- 743286, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Rafikul Gazi (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 22/03/2024. Rafikul Gazi (new name) and Rafiqul Gazi (old name) both are same identical person.

Name Change
I SHILA MONDAL D/O LATE DIPAK MONDAL, W/O PRAKASH MAHATO, R/O CHAR SWARUPGANJ, PO GADJ, GACHHA, PS NABADWIP, DIST NADIA, PIN-741315, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SHILA MONDAL MAHATO, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 22/03/2023, THAT SHILA MONDAL AND SHILA MONDAL MAHATO ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I, Shamim Akhtar W/o Late Abdul Ghaffar residing at 13/H/3, Elliot Lane, P.S. Park Street, Kolkata -700016 WB, declare that my name has been wrongly mentioned as SHAMIM AKHTAR GHAAFFAR in my son's passport, HASSAN ABDUL GHAAFFAR (Passport No: T2238739) instead of my actual Name Shamim Akhtar as mentioned in my Aadhar Card (584414673635). That SHAMIM AKHTAR and SHAMIM AKHTAR GHAAFFAR is the same and one identical person vide affidavit dated 13.03.24 sworn in before the court of Ld. Metropolitan Magistrate, Calcutta.

Name Change
I, Nirmal Kumar Ghosh S/o Santosh Chandra Ghosh residing at 26/43, Dum Dum Road, Cossipore, Kolkata – 700002 declare that in my Voter Card my name is recorded as Nirmal Kr. Ghosh instead of my actual name Nirmal Kumar Ghosh as mentioned in my Aadhar Card and in my father's passport, being No. J5379087 his name is recorded as Santosh Ghosh instead of his name Santosh Chandra Ghosh. That actual Name Kumar Ghosh and Nirmal Kr. Ghosh is the same and one identical person and Santosh Ghosh and Santosh Kumar Ghosh is also same and one identical person vide affidavit dated 23.03.24 before Notary Public at C.M.M's court Kolkata.

কলকাতা, ২৬ মার্চ ঃ শনিবার, বসন্ত-সন্ধ্যায় রবীন্দ্রনাথ ঠাকুরের ভাবনাকে ধরে রাখতে রবিন্স্পন্দন আয়োজন করেছিল নিজেদের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের। রবীন্দ্র সঙ্গীত, নৃত্য ও রবি ঠাকুরের নানা রচনার রমনোজ আলোচনায় সমৃদ্ধ হয় রবীন্দ্রসদন প্রেক্ষাগৃহে উপস্থিত শ্রোতারা। মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রমিতা মল্লিক, গীতম্ভ সেনগুপ্ত, ড. পূর্ণেন্দু বিকাশ সরকার, এবং স্বপ্না ঘোষা। সমগ্র অনুষ্ঠানের ভাবনা, পরিকল্পনা ও পরিচালনায় ছিলেন ডঃ দূর্বা সিংহ রায়চৌধুরী। তিনি বর্তমানে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্র সঙ্গীত বিভাগের অধ্যাপিকা। ছোট থেকেই গান বিশেষ করে রবীন্দ্রসঙ্গীতের প্রতি তাঁর চান। এই বিষয়েই



পড়াশোনা, উচ্চশিক্ষা এমনকী গবেষণাও করেছেন তিনি। কলেজে অধ্যাপনার পাশাপাশি আকাশবাণী কলকাতার নিয়মিত শিল্পী দূর্বা। শুরুতেই রবীন্দ্রনাথের গান বিষয়ক অনুষ্ঠানের উপস্থাপনা করে রবীন্দ্রনাথের কিছু গানের রবীন্দ্রসঙ্গীত হওয়ার আগের বিভিন্ন পরিবেশনা এবং বর্তমান স্বরলিপির রূপের তুলনামূলক আলোচনা করেন গীতম্ভ সেনগুপ্ত, রবীন্দ্র গবেষক, প্রাবন্ধিক। সহযোগিতায় ছিলেন অন্যান্য শিল্পীরাও। শেষে ধ্রুব ইনস্টিটিউট অফ ডান্স-এর শিক্ষিকা সাযনী চক্রবর্তীর নৃত্য পরিচালনায় আয়োজিত হয় নটরাজ ঋতুরঙ্গশালা। ভাষাপাঠে অংশ নেন কৃত্তিক ঘোষ। আধুনিকতার মোড়কে

মিলিয়ে নয়, বরং বিশুদ্ধ রবীন্দ্রসঙ্গীত শিক্ষা দানের উদ্দেশ্য নিয়ে ২০০৮ সালে পথ চলা শুরু হয় রবিন্স্পন্দন-এর। সংগঠনের শিল্পীরা যে সকলেই প্রাপ্তবয়স্ক তেমনটা নয়, বরং বিভিন্ন অনুষ্ঠানে রীতিমতো নজর কাড়ে রবিন্স্পন্দন-এর শিশুশিল্পীরাও। বার্ষিক অনুষ্ঠান সম্পর্কে ডঃ দূর্বা সিংহ রায়চৌধুরী বলেন, ‘শুরু থেকেই রবিন্স্পন্দন মূলত রবীন্দ্রনাথের গবেষণা মূলক কাজ-এই বিশেষভাবে আগ্রহী। আর সেই আগ্রহের ব্যতিক্রম হয়নি এই বছরের অনুষ্ঠানেও। উপস্থিত প্রত্যেক শিল্পীই সেই দিকটি নিজেদের মতো করে অনুষ্ঠানে ফুটিয়ে তুলেছেন। আর সেখানেই সাধারণ আমাদে।

আলীগড় মুসলিম ইউনিভার্সিটি এবং কালিয়াচক কলেজের যৌথ পরিচালনায় ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ের উপরে অধ্যাপকদের শিক্ষণমূলক কোর্সের প্রশিক্ষণ

দূরন্ত বার্তা, মালদা, ২৩ মার্চ : আলিগড় মুসলিম ইউনিভার্সিটির ইউজিসি এইচআরডিসি এবং কালিয়াচক কলেজের যৌথ পরিচালনায় ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ের উপরে একটি শিক্ষণমূলক কোর্সের আয়োজন করা হয়। কলেজে ও বিশ্ববিদ্যালয় অধ্যাপক অধ্যাপিকাদের ফ্যাকাল্টি ডেভেলপমেন্টের জন্য শর্টটার্‌ কোর্স প্রশিক্ষণের আয়োজন করা হয়। মূলত আলিগড় মুসলিম ইউনিভার্সিটির ইউজিসি এইচআরডিসি এবং কালিয়াচক কলেজের যৌথ পরিচালনায় এই কর্মসূচি। অনলহীন পদ্ধতিতে আয়োজিত সপ্তাহব্যাপী এই কোর্সে বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং মহাবিদ্যালয়ের প্রায় চল্লিশ জন অধ্যাপক- অধ্যাপিকা সুযোগ গ্রহণ করেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক ৭ দিনের এই কোর্স ১৬ মার্চ উদ্বোধন করেন আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্সের অধ্যাপক এবং কোর্স কো-অডিটরের ডক্টর আসিম জাফর। তত্ত্বাবধানে ছিলেন আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের ইউজিসি এসআরডিসির ডাইরেক্টর প্রফেসর ফাইজা আবাসী, টেকনিক্যাল পারসন এমএস মাজহার জাদী। কালিয়াচক কলেজের পক্ষ থেকে হোস্ট ইন্সটিটিউশন কর্টিজের অধ্যক্ষ ডঃ নাজিবর রহমান, সহযোগিতা করেন এই কলেজের আরবি বিভাগের বিভাগীয় প্রধান ডক্টর মুজতবা জামাল। পশ্চিম বাংলার একটি অনন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এই কালিয়াচক কলেজ। প্রতি বছর বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয়ের অধ্যাপক- অধ্যাপিকাদের প্রশিক্ষণমূলক উচ্চ পর্যায়ের বিভিন্ন ধরনের কোর্সের আয়োজন করে থাকে আলিগড় মুসলিম ইউনিভার্সিটির ক্যাম্পাসে অবস্থিত ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন অনুমোদিত হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালনায়। ভারতবর্ষের উচ্চ শিক্ষার - শিক্ষকদের স্কিল ডেভেলপমেন্টের ব্যবস্থা গ্রহণ করা হয়। কালিয়াচক কলেজ অত্র অঞ্চলের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষকদের

নববধূকে নিয়ে তমলুকে প্রচারে সিপিএমের সায়ন

দূরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ২৩ মার্চ : সদাই বিয়ে সেরেছেন তমলুক লোকসভা কেন্দ্রের প্রার্থী সায়ন বন্দ্যোপাধ্যায়। ফেব্রুয়ারি মাসে জাকজমক করে বিয়ে সেরেছিলেন তাঁরা। শনিবার দেখা গেল সায়নের প্রচারে তাঁর সহধর্মিণী তমস্মী দেবনাথকে। স্বামীর পাশে তাঁর এই লড়াই যোগ্য সঙ্গ দিলেন তিনি। শুধু তমস্মী নয়, ছিলেন মদন্য লোকসভা কেন্দ্রের সিপিএম প্রার্থী সৃজন চক্রবর্তীও। নবীন-প্রবীণ এই জুগলবন্দিতে এ দিন জমশেপ হয়েছিল তমলুকে বামদের প্রচার। সায়ন বলেছেন, সৃজনাদ্য আমার সঙ্গে প্রচারে এসেছেন এটা বাড়তি পাওনা। তৃণমূল বিজেপির নবীন প্রবীণ দ্বন্দ্ব। মারপিট, কুস্তাকুস্তি চলছে। আমাদের দলে এ সব হয় না কারণ আমরা আদর্শ ও মতাদর্শের জন্য লড়ি। একই সঙ্গে স্ত্রী-র প্রচারে আসা নিয়ে সায়ন বলেন, ও তো আমার সহযোগী। এটা যুদ্ধক্ষেত্র। গণতন্ত্রের লড়াইয়ে পাশে এসেছে। ও নিজেও ইঞ্জিনিয়ার। ও বোঝে বামদের গুরুত্ব কতখানি। ভোটের আগে কাব্য ভিভিন্স রাজনৈতিক দলের প্রার্থীরা আদাজল পেয়ে মাঠে নেমে পড়েছেন প্রচারে। বাদ যায়নি সিপিএমও। এদিন তমলুক লোকসভা কেন্দ্রের কোলাঘাটের গোপালনগর থেকে মাল্ধীন বাজার পর্যন্ত প্রচার মিছিল করে লাল পাটি। মিছিলের মধ্য দিয়ে জনসংযোগ করেন বাম প্রার্থী। রাস্তার দু- পাশে থাকা সাধারণ মানুষের সাথে হাত মেলা। কথা বলেন। বাজারের মধ্যে ব্যবসায়ী সহ সাধারণ মানুষের সঙ্গে কথা বলে ভোট প্রচার করেন সায়ন।

বৃত্তিকে উপেক্ষা করেই চা বাগানে প্রচার বিজেপি প্রার্থী মনোজ টিগ্লার

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৩ মার্চ : সাতসকালে বৃত্তিকে উপেক্ষা করেই চা বাগানে প্রচার বিজেপি প্রার্থী মনোজ টিগ্লার। শুক্রবার মনোনয়ন জমা দিয়ে আর বসে থাকলেন না আলিপুরদুয়ারের বিজেপি প্রার্থী মনোজ টিগ্লা। বৃত্তিকে উপেক্ষা করেই সকাল সকাল চা বাগানে ঢুকে গেলেম প্রচারে। শনিবার সকালে বীরপাড়া

চা বাগানে দলীয় কর্মীদের নিয়ে ছাতা মাথায় নিয়ে, চা পাতা তোলায় ব্যাস্ত চা শ্রমিকদের মধ্যে প্রচার চালান মনোজ টিগ্লা জানান, চা শ্রমিকদের একাধিক ইস্যু আছে ন্যূনতম মজুরি চালু হয়নি, ইএলপি বৃদ্ধি হচ্ছে না এছাড়া একাধিক দাবি আছে চা শ্রমিকদের।

চিতা বাঘের আক্রমণে গুরুতর আহত মহিলা শ্রমিক, চাঞ্চল্য

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ মার্চ : প্রতিদিনের মতো এক মহিলা শ্রমিক চা পাতা তুলছিলেন চিত্তা বাগোয়ান। ঠিক তার পিছনেই ঘোপে ঘাপটি মেরে বসে ছিল একটি চিতা। হঠাৎই ওই মহিলার উপর আক্রমণ সনাতে থাকেন লেপাটি। হঠাৎ আক্রমণ করার ফলে নিজেকে সামলাতে পারেননি ওই মহিলা যার ফলেই চা বাগানে মাটিতে পড়ে যান এবং শুরু হয় দুজনের মধ্যে ধস্তাধতি। অবশেষে চিতাবাঘটি জঙ্গলে পালিয়ে যায়। তার মধ্যে মহিলাটির গালে, বুকে, পিঠে খাষা বসিয়েছে চিতা বাঘটি। ধস্তাধস্তির পরে চিতাবাঘটি যখন জঙ্গলে চলে যায় তখন আশেপাশের শ্রমিকরা সেই মহিলাকে উদ্ধার করে বানারহাট সুস্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যান সেখানে তার প্রাথমিক চিকিৎসার পর বীরপাড়া হাসপাতালে নিয়ে যান। আর এমন ঘটনা প্রাকম্ণে আসতেই ঘোরানো পড়ে যায়। জলপাইগুড়ি জেলার বানারহাট এর নিউ ডুয়ার্স চা বাগানে ৫০ নম্বর সেকশন এর ঘটনা। খবর পেয়ে ছুটে আসেন বিরাগুরি বন্যপ্রাণ শাখার কর্মীরা। বর্তমানে ওই মহিলা বীরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন।

রাস্তা সংস্কার না হলে ভোট বয়কটের হুঁশিয়ারি ডেবরায়

দূরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ২৩ মার্চ : পঞ্চায়েত ভোটে ওই এলাকায় বিজেপি জিতেছে। আর সেই কারণে উন্নয়নের আলো থেকে বঞ্চিত এলাকা, অভিযোগ তেমনই। গ্রামবাসীদের দাবি, প্রায় ১২ বছর ধরে বেহাল গ্রামের রাস্তা। সংস্কার হয়নি। এমন অবস্থায় তাই এবার রাস্তা সংস্কার না হলে ভোট বয়কটের হুঁশিয়ারি গ্রামবাসীরাে পড়েছে ‘নো রোড, নো ভোট’ পোস্টার। আর এই নিয়েই এবার শোরগোল পশ্চিম মেদিনীপুরের ডেবরায়। সেখানে গোলগাল অঙ্ঘের নন্দবাড়ি এলাকায় রাস্তার বেহাল দশা। গ্রামবাসীদের দাবি, রাস্তার এমন হাল যে ঢুকতে পারে না মাতৃযান। অতঃপর প্রসূতিদের জীবনের ঝুঁকি নিয়ে খাটিকায় করে নিয়ে যেতে হয়। এমন অবস্থায় এবার রাস্তাঘাট সংস্কার না হলে ভোটপূর্ব অংশগ্রহণ না করার হুঁশিয়ারি দিয়ে জেগেছেন বিক্ষুব্ধ গ্রামবাসীরা। এলাকাবাসীদের দাবি, এই রাস্তা দিয়ে আশপাশের প্রায় আটটি গ্রামের মানুষকে যাতায়াত করতে হয়। রাস্তার এমন বেহাল দশার কারণে সমস্যায পড়তে হচ্ছে তাদের সকলেই। রাস্তার খারাপ অবস্থার জন্য যে রোগীদের ও সমস্যার কথা মানুষের পূঁয়াপাট সুস্বাস্থ্যসে্বের চিহ্ন লেখা অফিসার। এদিকে এই রাস্তা সংস্কার না হওয়া নিয়ে ইতিমধ্যেই এলাকায় চড়তে শুরু করেছে রাজনীতির পারদ। এই এলাকায় গত দুটি পঞ্চায়েত নির্বাচনে বিজেপি জিতেছিল। গ্রামবাসীদের একাংশের দাবি, যেহেতু এলাকায় বিজেপি জিতেছে, সেই কারণেই উন্নয়নের আলো থেকে বঞ্চিত হচ্ছে এলাকা।

রায়গঞ্জে অস্ত্র সমেত গ্রেফতার তিন

দূরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ২৩ মার্চ : সামনেই লোকসভা নির্বাচন। ঠিক তার আগে আইনশৃঙ্খলা রক্ষায় বিশেষ সাফল্য পেলে রায়গঞ্জ পুলিশ। দুটি পৃথক ঘটনায় গণ্ডা খবর পেয়ে অস্ত্র-ভাঙারসহ তিনজনকে গ্রেফতার করে রায়গঞ্জ থানার পুলিশ। প্রথমটিতে শুক্রবার দুপুরে সুভাষগঞ্জ রেলস্ট্রিডের কাছ থেকে সহিদুর শেখ (২২) নামে কালিয়াচকের এক ব্যক্তিকে একটি ওয়ান সাটার পিস্তল সঙ্গে এক রাউন্ড কার্তুজ সহ গ্রেফতার করে পুলিশ। অন্যদিকে শনিবার ভোরে সৌরীয়া তেঁতুলতলা এলাকায় একটি ৭এমএম পিস্তল ও এক রাউন্ড কার্তুজ সরবরাহের সময় পুলিশের জালে ধরা পড়ে নাসিমুল আলী ও সিরাজুল শেখ।

জন্ম এই ধরনের প্রয়াস অব্যাহত রেখেছে। ৭ দিনব্যাপী এই কোর্সে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়বস্তু সমিিবৃষ্টি ছিল সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ক্লাসে মোডল ব্যবহার, শিক্ষাদান এবং গবেষণায় আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এর প্রয়োগ, লার্নারস সেণ্ট্রিক ইকনটেন্ট তৈরির ক্ষেত্রে প্রযুক্তির প্রয়োগ, শিক্ষাদান ও পরীক্ষা পদ্ধতিতে টেকনোলজির ব্যবহার, ন্যাশনাল এডুকেশন পলিসি টুয়েন্টি - টুয়েন্টি এবং শিক্ষাদানের ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার ইত্যাদি। আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় ছাড়াও ন্যাশনাল ইনস্টিটিউট অফ এডুকেশনাল প্ল্যানিং এন্ড অ্যডমনিস্ট্রেশন, জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়, ডঃ আয়েদকার বিশ্ববিদ্যালয়, ভারতী বিদ্যাপীঠ ইনস্টিটিউট অফ কম্পিউটার অ্যাপ্লিকেশন এন্ড ম্যানেজমেন্ট এর খ্যাতনামা অধ্যাপক ও গবেষকগণ রিসোর্স পারসন হিসেবে যোগদান করেন। কালিয়াচক কলেজের অধ্যক্ষ ডক্টর নাজিবর রহমান জানান, ছাত্র-ছাত্রীরাই যেহেতু আগামী দিনের ভবি্যত তাই তাদের গুণমান বৃদ্ধির জন্য অধ্যাপক- অধ্যাপিকাদের দক্ষতার উন্নয়ন প্রয়োজন। সেইদিকে লক্ষ্য রেখে কালিয়াচক কলেজ আলিগড় মুসলিম ইউনিভার্সিটির ইউ জি সি এইচ আর ডি সি প্রতিষ্ঠানের সাথে কৃতজ্ঞতার সাথে নিরন্তর যোগাযোগ রেখে চলেছে। এই বাংলার অধ্যাপক অধ্যাপিকাদের এই ধরনের কোর্সের সুযোগ করে দিয়ে আগামী দিনে শিক্ষা ক্ষেত্রে অত্র এলাকাকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রকাস্য অব্যাহত থাকবে। আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের ডাইরেক্টর প্রফেসর ফাইজা আবাসী এই ধরনের কোর্স আয়োজনের জন্য কালিয়াচক কলেজকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনে নতুন শিক্ষানীতির মাধ্যমে উচ্চশিক্ষায় টেকনোলজির ব্যবহারের ক্ষেত্রে অধ্যাপক- অধ্যাপিকাদের মান উন্নয়নে তার প্রতিষ্ঠান সর্বদা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ঠান্ডা পড়তেই পর্যটকদের ভিড় ডুয়ার্সে! তবে বৃষ্টির জন্য তাঁরা রিসর্টবন্দিই

দূরন্ত বার্তা, ডুয়ার্স, ২৩ মার্চ : সামনেই গেল, এমনিতেই ভ্রমণের ঋতু। তবে, অতিরিক্ত গরমে ভ্রমণার্থীদের উৎসাহ কিছু কমে যায়। তবে, এবার আর তা হল না। হঠাৎ ঠান্ডা পড়ে দারুণ আবহাওয়া ডুয়ার্স জুড়ে। গত দু’দিন ধরে ঝিরিঝির বৃষ্টির পরে আজ, শনিবার ঝেঁপে বৃষ্টি হল মালবাজার মহকুমা। যার ফলে ঠান্ডার পরিবেশ তৈরি হয়েছে সর্বত্র। মালবাজারে সকাল থেকে

‘পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির সদস্যরা জেতার পর মানুষের কাছে যায় না!’ বেকাঁস জ্যোৎস্না মান্ডি

দূরন্ত বার্তা, বাঁকুড়া, ২৩ মার্চ : ভোটের মুখে বেকাঁস! সদস্যদের কাঠগড়ায় তোলেন তিনি। বলেন, পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির মন্ত্রী জ্যোৎস্না মান্ডির। তিনি বলেন, পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির সদস্যরা জিতে যাওয়ার পর আর বুকেও যায় না, মানুষের কাছেও যায় না। তাঁরা যদি এই কাজটা করতেন, তাহলে আমরা যারা এমএলএ আছি, তাদের কাজটা সহজ হত। বাঁকুড়া সারেন্ডা ব্লক এলাকায় দলীয় লোকসভা প্রার্থী অরুণ চক্রবর্তীর সমর্থনে বক্তব্য রাখছিলেন রাজ্যের মন্ত্রী জ্যোৎস্না মান্ডি। সেখানে বক্তব্য রাখতে গিয়েই বেকাঁস মন্তব্য করে বলেন তিনি। নিজের দলের নেতা-কর্মী থেকে শুরু করে পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির



কেন্দ্রীয় মন্ত্রী তথা বাঁকুড়া লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সুভাষ সরকার।

ম্যান অফ দ্যা ম্যাচ কে হবেন, সেটা মানুষই স্থির করবেন : ইউসুফ পাঠান



দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২৩ মার্চ : বহরমপুরে প্রচারে নেমেই ছন্ডা হাঁকালেন বিশ্বকাপ জয়ী ক্রিকেট দলের সদস্য পাঠান। তিনিই কিনা বহরমপুর লোকসভা কেন্দ্রে ডগমূল কংগ্রেসের প্রার্থী! তাঁর একবাক্যে দেখা পেতেই শনিবার কান্দিতে আয়োজিত কর্মসূচিতে উপচে পড়ে জনতার ভিড়। আগত মানুষের এই বিপুল সমর্থনের প্রতি অভিবাদন জানিয়ে তৃণমূল প্রার্থী বলেন, আসম লোকসভা নির্বাচনে ম্যান অফ দ্য ম্যাচ কে হবেন, সেটা মানুষই ঠিক করবেন। পাঁচবারের সাংসদের বিরুদ্ধে ভোটের ময়দানে নামা নিয়ে প্রশ্ন করা হলে বিশ্ববিখ্যাত এই

ক্রিকেটার বলেন, “তিনি একজন প্রবীণ রাজনৈতিক নেতা। তাই আমি তাঁকে সম্মান করি। কিন্তু, এখানকার মানুষ পরিবর্তন চান। এই লোকসভা কেন্দ্রে দুইজন উন্নয়ন হয়নি। দুই ব্যক্তির মধ্যে ভোটের লড়াই নিয়ে আলোচনা করার বদলে আমরা বরং সেটা নিয়েই বেশি কথা বলব। মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায় আমাকে এখানে পাঠিয়েছেন। এখানকার মানুষের কাছে থেকে আমি যে স্বতঃস্ফূর্ত সাড়া পেয়েছি, তাতে আমি অত্যন্ত আশাবাদী। আর যদি ভোটের ফলের কথা বলেন, তাহলে বলব,

রঙের উৎসবে স্পেশাল ট্রেন চালাবে পূর্ব রেল

কলকাতা, ২৩ মার্চ : রঙের উৎসব হোলি, যা সমগ্র ভারতে উৎসবের সঙ্গে পালিত হয় এবং ঐক্য ও আনন্দের মুহূর্ত গুলিকে ধারণ করে। সম্প্রদায়গুলিকে একত্রিত করার ঐতিহ্যকে বজায় রেখে, পূর্ব রেলওয়ে তাদের হোলি স্পেশাল ট্রেন পরিষেবা চালু রাখার ঘোষণা করেছে। এই উৎসবের মরসুমে জনপ্রিয় গন্তব্যস্থলে ভ্রমণরত যাত্রীদের চাহিদা মেটানোর পাশাপাশি এই আনন্দময় উৎসব উপলক্ষ্যে পরিব্রের সদস্যদের সঙ্গে মিলিত হওয়ার প্রয়োজনে বাড়ি ফিরতে ইচ্ছুক জনগণের চাহিদাও পূরণ করবে এই ট্রেনগুলি। এবারের হোলির উৎসবে পূর্ব রেল ২২টি হোলি স্পেশাল ট্রেন পরিচালনা করার কথা গণের সঙ্গে ঘোষণা করেছে, যার মধ্যে ৬ টি ওয়ান ওয়ে স্পেশাল ট্রেন রয়েছে। এই ট্রেনগুলি রাস্ত্রৌল, ইন্দোর, বেনারস, জাগী রোড, আনন্দ বিহার, উধনা, নতুন দিল্লি, নিউ জলপাইগুড়ি, ঐলালসাদ, গোরক্ষপুর, পুরী, বারেন্দে, খতিপুরা, চণ্ডীগড়, পাটনা, দিল্লি ও গয়া সহ বিভিন্ন গন্তব্যস্থলকে একসঙ্গে বাঁধবে। যাত্রীদের সুবিধাজনক ও আরামদায়ক ভ্রমণের বিরুদ্ধ উপদ্রব করার লক্ষ্যে হাওড়া, শিয়ালদহ, কলকাতা, আসানসোল, ভাগলপুর ও মালদা সহ প্রধান স্টেশন থেকে এই

পর্যটকদের ভিড়। দেখা গেল, সেজেগুজে তাঁরা রিসর্টেই বসে আছেন। অপেক্ষা করে আছেন, কখন বৃষ্টি কমবে, কখন সাইট সিংই দেখতে বের হবেন! তবে সকাল থেকে দুপুর পর্যন্ত আবহাওয়ার কোনও পরিবর্তন লক্ষ করা যাচ্ছে না। বৃষ্টি হরেই চলেছে। মাঠঘাট সব জলে ভরে গিয়েছে। যদিও ঘুরতে এসে বেড়াতে যেতে না পারলেও এই আবহাওয়া নিয়ে খুশি পর্যটকেরা।

পর্যটকদের ভিড়। দেখা গেল, সেজেগুজে তাঁরা রিসর্টেই বসে আছেন। অপেক্ষা করে আছেন, কখন বৃষ্টি কমবে, কখন সাইট সিংই দেখতে বের হবেন! তবে সকাল থেকে দুপুর পর্যন্ত আবহাওয়ার কোনও পরিবর্তন লক্ষ করা যাচ্ছে না। বৃষ্টি হরেই চলেছে। মাঠঘাট সব জলে ভরে গিয়েছে। যদিও ঘুরতে এসে বেড়াতে যেতে না পারলেও এই আবহাওয়া নিয়ে খুশি পর্যটকেরা।

ম্যান অফ দ্য ম্যাচ কে হবেন, সেটা মানুষই ঠিক করবেন।’’ কান্দিতে আয়োজিত এক কর্মী সম্মেলন চলাকালীন বহরমপুর লোকসভা কেন্দ্র নিয়ে নিজের পরিকল্পনার কথা জানান ইউসুফ। তিনি বলেন, “যদি আমি নির্বাচিত হই, আমি এখানকার তরুণ প্রজন্মের জন্য এক টি বিশ্বমানের স্পোর্টস স অ্যাকাডেমি নির্মাণ করব। সেখানে ছোটরা ক্রিকেট, ফুটবল, সাঁতার এবং বাস্কেটবল প্রদিক্ষণ নিতে পারবে এবংভবিষ্যতে দেশের জন্য মেডেল জিতে আনবে। পাশাপাশি, এখানকার রেশম শিল্পের প্রসার ঘটাতেও যথায়যথ্য পদক্ষেপ করব।’’ গত বৃহস্পতিবার থেকে বহরমপুর লোকসভা কেন্দ্রে লাগাতার জনসভা ও কর্মী সম্মেলন করছেন ইউসুফ পাঠান। তাঁর প্রত্যেকটি কর্মসূচিতেই ভক্ত ও অনুরাগীদের ভিড় উপচে পড়ছে। প্রিয় ক্রিকেটারকে দেখতে বিপুল সংখ্যায় ভিড় জমাচ্ছেন মানুষ। শনিবার স্থানীয়দের উষ্ণ আলিঙ্গনে আদ্বক হতে দেখা যায় ইউসুফ পাঠানকে। তিনি বাসিন্দাদের সঙ্গে সরাসরি বার্তালাপ করেন, তাদের সঙ্গে ছবি তোলেন। সেইসব ছবি ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল।

রঙের উৎসবে স্পেশাল ট্রেন চালাবে পূর্ব রেল

বিশেষ পরিষেবাগুলি পরিচালনা করা হবে। যাত্রী সংখ্যা বৃদ্ধির কারণে পূর্ব রেল হোলি উৎসবে উপলক্ষ্যে এই স্পেশাল ট্রেনগুলি পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে। ৫৩৬৫২ টি অতিরিক্ত বার্থের ব্যবস্থা করে পূর্ব রেল নিয়মিত পরিষেবার চাপ কমিয়ে যাত্রীদের জন্য একটি পৃথক পরিষেবা চালু রাখার ঘোষণা করেছে। অতিজ্ঞতা নিশ্চিত করবে। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে আগের বছরের তুলনায় পূর্ব রেল আরও ১১ টি অতিরিক্ত হোলি স্পেশাল ট্রেন চালিয়ে তাদের পরিষেবা মান উন্নত করেছে। এটি যাত্রী চাহিিদার প্রতি সাড়া দেওয়ার পাশাপাশি এই উৎসব উপলক্ষ্যে এক সুময়ম ও আনন্দদায়ক উদ্‌যাপন নিশ্চিতকরণের ক্ষেত্রে পূর্ব রেলওয়ের অঙ্গীকারেরই পুনর্ব্যক্তি। ভারতের অন্যতম শীর্ষ রেলওয়ে উদ্যোগ্য হিসাবে, পূর্ব রেল যাত্রী সন্তুষ্টি বৃদ্ধি এবং সমগ্র যাত্রাপথে নিরাপত্তা ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করার ক্ষেত্রে সর্বদাই অঙ্গীকারবদ্ধ। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক শ্রী কোর্কি মিত্র বলেছেন, হোলি স্পেশাল ট্রেনগুলির নিরবচ্ছিন্ন পরিচালনার মাধ্যমে, পূর্ব রেল, হাজার হাজার যাত্রীদের জন্য স্মরণীয় অভিজ্ঞতা এবং সাংস্কৃতিক উৎসবের সুযোগ ও সৃজনের ভূমিকায় নিজেকে পুনরায় প্রতিষ্ঠিত করবে।

সরকারি খরচে কোনো ইফতার পার্টির আয়োজন করা যাবে না : নির্বাচন কমিশন

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : ভোট পর্ব চলাকালীন সরকারি খরচে কোনো ইফতার পার্টির আয়োজন করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সব রাজ্যের মুখ্যসচিব এবং মুখ্য নির্বাচনী আধিকারিকদের উদ্দেশ্যে জারি করা এক নির্দেশিকায় কমিশন জানিয়েছে, কোনো ধর্মীয় অনুষ্ঠানে সরকারি অর্থ খরচ করা উচিত নয়। বিশেষ করে এই সময় যখন নির্বাচনী আদর্শ আচরনবিধি বলবৎ রয়েছে। তবে কোনো ব্যক্তি বিশেষের উদ্যোগে তার ব্যক্তিগত খরচে এই ধরণের অনুষ্ঠানের আয়োজনে কোনো বাধা নেই বলে কমিশন জানিয়েছে।

সারা ভারত আর্থ্য মহাসভার বীরভূম লোকসভার প্রার্থী বিশ্বজিত মিশ্র

দূরন্ত বার্তা, রামপুরহাট, ২৩ মার্চ : বছর দুয়েক আগেই আত্মপ্রকাশ করেছে সারা ভারত আর্থ্য মহাসভা। পঞ্চায়েত নির্বাচনে বেশ কয়েকটি আসনে প্রার্থী দিয়েছিল দল। এবার লোকসভা নির্বাচনে প্রার্থী দেওয়া হল। ইতিমধ্যে মুর্শিদাবাদের দুটি আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে। এবার বীরভূম লোকসভায় প্রার্থী করা হল বিশ্বজিত মিশ্রকে। সিউডি আদালতের আইনজীবী বিশ্বজিতবাবু ঠাকুর অনুকূল চন্দ্রের সৎ সঙ্গে দীক্ষিত। শনিবার বীরভূমের প্রার্থীর নাম ঘোষণা করেন দলের সর্বভারতীয় সভাপতি বিভাস অধিকারী। তিনি বলেন, আমাদের দলের নীতি হচ্ছে দুর্নীতিমুক্ত সমাজ গড়া। সেই লক্ষ্যে আমরা এগিয়ে যাব। একসময় তৃণমূলের নলহাটি ১ ব্লক সভাপতি ছিলেন তিনি। কিন্তু দলের সঙ্গে মনোমালিন্য হওয়ায় তিনি নিজেই পদত্যাগ করেন। এরপরেই সারা ভারত আর্থ্য মহাসভা নাম দিয়ে নতুন দল গঠন করেন। বিভাসবাবু নিজে অনুকূলের স্বত্বিক। বীরভূমের নলহাটি থানার কৃষপুর গ্রামে তিনি বাংলাদেশের নবহিমাইতে পুর থানা ঠাকুরের মন্দিরের আদলে মন্দির গড়ে তোলেন। সিউডি সংলগ্ন হরিদেবপুর গ্রামেও অনুকূলের মন্দিরে গড়েছেন লোকসবাবু। ফলে ঠাকুর অনুকূলের শিষ্যরা সারা ভারত আর্থ্য মহাসভার প্রার্থীদের সমর্থন করবেন বলে দাবি বিভাসবাবু।

আইনশৃঙ্খলা রক্ষায় বিশেষ সাফল্য পেলে রায়গঞ্জ পুলিশ

দূরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২৩ মার্চ : সামনেই লোকসভা নির্বাচন। ঠিক তার আগে আইনশৃঙ্খলা রক্ষায় বিশেষ সাফল্য পেলে রায়গঞ্জ পুলিশ। দুটি পৃথক ঘটনায় গোপন সূত্রে খবর পেয়ে অস্ত্র উদ্ধারসহ তিনজনকে গ্রেফতার করে রায়গঞ্জ থানার পুলিশ। প্রথমটিতে শুক্রবার দুপুরে সুভাষগঞ্জ রেলস্ট্রিডের কাছ থেকে সহিদুর শেখ (২২) নামে কালিয়াচকের এক ব্যক্তিকে একটি ওয়ান সাটার পিস্তল সঙ্গে এক রাউন্ড কার্তুজ সহ গ্রেপ্তার করে পুলিশ। অন্যদিকে শনিবার ভোরে সৌরীয়া তেঁতুলতলা এলাকায় একটি ৭এমএম পিস্তল ও এক রাউন্ড কার্তুজ সরবরাহের সময় পুলিশের জালে ধরা পড়ে নাসিমুল আলী ও সিরাজুল শেখ।

দেবের সভা শুরুর আগে মঞ্চের একাংশ বসে বিপত্তি

দূরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ২৩ মার্চ : দেবের সভা শুরুর আগে বিপত্তি। মঞ্চের একাংশ বসে যায়। তবে বড়সড় কোনও বিপত্তি ঘটেনি। দেব-সহ সর্বলকে মঞ্চ থেকে নামিয়ে দেওয়া হয়। মঞ্চ মেরামতের পর সভা শুরু হয়। শনিবার মেদিনীপুরের ডেবরার ভবানীপুর গ্রাম পঞ্চায়েতের পাটনা বাজার এলাকায় তৃণমূলের তারকা প্রার্থী দেবের সভা ছিল। নির্দানী সভা শুরুর আগে মঞ্চের ডানদিকের খুঁটি একটু বসে গিয়েছিল। দুর্ঘটনা এড়াতে তড়িঘড়ি বিদায় সাংসদ এবং মঞ্চে উপস্থিত ব্যক্তিদের নামিয়ে দেওয়া হয়। শুরু হয় মঞ্চ মেরামতির কাজ। তারপর সভা শুরু হয়। গত কয়েকদিনের মতোই এদিনও দেবের সভা ছিল এভাবে পড়া ভিড়া। তারকা প্রার্থীকে দেখার জন্য কড়া রোদেও প্রচুর মানুষ ভিড় জমা়।

‘বিজেপি শুধু ধর্মীয় বিভাজন করে’- মন্তব্য চন্ডীদাস ভট্টাচার্যের

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৩ মার্চ : বিজেপি শুধু ধর্মীয় বিভাজন করে। নাগরিকত্ব দেওয়ার পরিবর্তে নাগরিকত্ব হরণ করছে। সাংবাদিক বৈঠক করে শনিবার এমনই মন্তব্য পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক চন্ীদাস ভট্টাচার্যের। পাশাপাশি এদিন রাজ্যজুড়ে ৪২ টি প্রার্থীর নাম ঘোষণা করেন তারা। গত ১০ বছর যা যা প্রতিশ্রুতি দিয়েছে কেন্দ্রীয় সরকার তা কোনটাই পালন করেননি তারা। শুধু তাই নয় ধর্মীয় বিভাজন, সাম্প্রদায়িক বিভাজন করছেন তারা এমনকি সিএএ নামে নাগরিকত্ব দেওয়ার পরিবর্তে নাগরিক হরণ করছে। আর এখন নাগরিকদের প্রমাণ করতে হবে তারা নাগরিক কিনা? এদিন এমনকি মন্তব্য করেন চন্ডীদাস ভট্টাচার্য্য। তিনি বলেন, ধর্মীয় বিভাজনের বিরুদ্ধে লড়াছি আমরা তাই রাজ্যজুড়ে ৪২ টি প্রার্থীর নাম দিয়েছি এসইউসিআই। দার্জিলিং জেলার প্রার্থী করা হয়েছে ড. শাহরিয়া আলমকে। এই দিনের বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্য কমিটির সদস্য ড. মৃদুল সরকার, পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সদস্য তথা দার্জিলিং জেলার এসএসসিআই সম্পাদক সৌম্য ভট্টাচার্য্য সহ অন্যান্যরা।

কাজিরঙায় উদ্ধার মৃত গণ্ডার, খড়গ নিয়ে গা-ঢাকা চোরশিকারিদের

কাজিরঙা (অসম), ২৩ মার্চ : কাজিরঙা জাতীয় উদ্যানে উদ্ধার হয়েছে একটি পূর্ণবয়স্ক গণ্ডারের মৃতদেহ। গণ্ডারটির মৃতদেহ উদ্ধার হলেও তার খড়গ পাওয়া যায়নি। ধারণা করা হচ্ছে খড়গ কেটে পালিয়ে গা ঢাকা দিয়েছে অজ্ঞাতপরিচয় চোরশিকারিরা। ঘটনাটি ঘটেছে উদ্যানের বুড়াপাহাড় রেঞ্জের টুনিকাটি ফরেস্ট ক্যাম্পের অধীনস্থ এলাকায়। এদিন শনিবার বন কর্মীরা নিহত গণ্ডারের প্রাণহীন দেহ উদ্ধার করেছেন। বন্যপ্রাণীর বিরুদ্ধে জঘন্য এই ধরনের অপরাধে জড়িত দুষ্কৃতীদের চিহ্নিত করে গ্রেফতার করতে তদন্ত শুরু করেছে বন দফতর।

অনির্দিষ্টকালের জন্য পোঁয়াজ রফতানি বন্ধ করল ভারত, রোজায় প্রবল বিপাকে বাংলাদেশ

ঢাকা, ২৬ মার্চ : এমনিতেই পোঁয়াজ থেকে গরুর মাংস, ডিম থেকে লবনের দাম মাঝেমাঝেই মাথাচাড়া দিয়ে ওঠে বাংলাদেশে। ওইসব পণ্যের জন্য ভারতের উপরে এনেকটাই নির্ভরশীল তারা। এবার রমযানের মধ্যে ঘোর বিপাকে পড়তে চলেছে আমাদের পদ্মপারের প্রতিবেশী। কারণ ২৩ মার্চ ভারতের তরফে এক বিবৃতি দিয়ে জানিয়ে দেওয়া হয়েছে অনির্দিষ্টকালের জন্য বাংলাদেশের পোঁয়াজ রফতানি বন্ধ করল কেন্দ্র। দেশের বাজারে পোঁয়াজের দামে লাগাম টানতে গত ডিসেম্বর মাসেই বাংলাদেশে পোঁয়াজ রফতানি বন্ধ করে ভারত। সেই নিষেধাজ্ঞার মোয়াদ ছিল ৩১ মার্চ। শনিবার ফের বিবৃতি দিয়ে জানানো হয়েছে অনির্দিষ্টকালের জন্য ওই রফতানি বন্ধ থাকবে। ভারতের ওই নিষেধাজ্ঞার জন্য এই রোজার সময় বেশ খানিকটা বিপাকে পড়তে চলেছে হাসিনা সরকার। ফলে পোঁয়াজের দাম কমেছে। গিয়ে দাঁড়াতে তা এখনও চিন্তার বিষয়। এদিকে, বাংলাদেশের ব্যবসায়ী মহলের ধারণা, খুব শীঘ্রই হয়তো ওই নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেবে ভারত। কারণ ইতিমধ্যেই নিষেধাজ্ঞা থাকার ফলে ভারতে পোঁয়াজের দাম অনেকটাই কমে গিয়েছে। পাশাপাশি ভারতের ইতিমধ্যেই পোঁয়াজ উঠতে শুরু করেছে। ফলে ফসলের দাম পেতে পোঁয়াজ রফতানি করতে হবে ভারতকে। অন্যদিকে, নিষেধাজ্ঞা জারি থাকলেও গত ৪ মার্চ ৫০ হাজার টন পোঁয়াজ বাংলাদেশে রফতানি করার অনুমতি দেয় ভারত। এতে খানিকটা স্বস্তি পায় হাসিনা সরকার। বিশ্বের অন্যতম বড় পোঁয়াজ রফতানিকার দেশ ভারত। বাংলাদেশ-সহ মালয়েশিয়া, নেপাল ও সংযুক্ত আমিরশাহি ভারতীয় পোঁয়াজের সবচেয়ে বড় ক্রেতা। ফলে ভারতের ব্যবসা যেমন একদিকে ধাক্কা খাবে তেমনি ভুগতে হবে হবে ভারতের উপরে নির্ভরশীল বাংলাদেশের মতো দেশকেও।

খড়গপুর এলাকার খানখেতে উদ্ধার বিজেপি কর্মীর রক্তাক্ত দেহ

দূরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ২৩ মার্চ : শনিবার খড়গপুর এলাকার ধানখেত থেকে উদ্ধার হল বিজেপি কর্মীর রক্তাক্ত দেহ। তৃণমূলের বিরুদ্ধে পিটিয়ে খুনের অভিযোগ করেছে মৃতের পরিবারের সদস্যরা। তবে খুনের অভিযোগ অস্বীকার করেছেন রাজ্যের শাসকদল। মৃতের নাম শান্তনু ঘোড়াই (৩২)। খড়গপুর লোকাল থানার অন্তর্গত পপড়আড়া গ্রাম পঞ্চায়েতের বাউবাসি এলাকার বাসিন্দা। বিজেপি কর্মী বলেই পরিচিত তিনি। পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, এদিন সকালে বাড়ি থেকে বেরিয়েছিলেন শান্তনু। তার পর আর বাড়ি ফেরেননি। কিছুক্ষণ পর স্থানীয় বাসিন্দারা দেখেন, ধান জমিতে রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছে ওই বিজেপি কর্মী। চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে রক্ত। শরীরে রয়েছে একাধিক আঘাতের চিহ্ন। খবর পেয়ে ঘটনাস্থলে যায় খড়গপুর লোকাল থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে নিয়ে যায়। ময়নাতত্ত্বের জন্য খড়গপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে বলে জানা গেছে। কী ভাবে খুন করা হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। তদন্ত শুরু করেছে পুলিশ।

উত্তর কলমচৌড়ায় নাকা পয়েন্টে পুলিশি চেকিং এর সময় শুকনো গাঁজা সহ আটক এক যাত্রী

বক্সনগর, ২৩ মার্চ : সিপাহীজলা জেলার বক্সনগর ব্লকের অন্তর্গত উত্তর কলমচৌড়া সড়কে নাকা পয়েন্ট চেকিং এর সময় তিন কেজি শুকনো গাঁজা সহ এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। শনিবার সকাল ৮ টা নাগাদ উত্তর কলমচৌড়া এলাকায় নাকা চেকিংয়ে বসে কলমচৌড়া থানার পুলিশ এবং টিএসআর বাহিনী। তখন সোনামুটার দিক থেকে আসা টিআরও ১বি-২৪৮০ নম্বরের একটি কমান্ডার গাড়ি বক্সনগর এর উদ্দেশ্যে রওনা দিলে উত্তর কলমচৌড়া এলাকা আসতেই গাড়িটিকে তল্লাশি চালায় নাকা চেকিং এ বসা পুলিশ ও টিএসআর বাহিনী। তখন তল্লাশি চালিয়ে একটি ব্যাগ থেকে ৩ কেজি শুকনো গাঁজা উদ্ধার করা হয়। সাথে চিত্তরঞ্জন দেবনাথকে আটক করা হয়। জানা যায় তার বাড়ি আগরতলা নয়নপুর। সে আগরতলা থেকে উত্তর কলমচৌড়া এসে উত্তর কলমচৌড়া কোন এক গাঁজা ব্যাপারীর কাছ থেকে এই গাঁজাগুলি সংগ্রহ করে। পরে তিনি কমান্ডার গাড়ি করে আগরতলা যাওয়ার পথে উত্তর কলমচৌড়া নাক পয়েন্টে আটক হয়। তবে এখন কলমচৌড়া এলাকার কার কাছ থেকে এই গাঁজাগুলি সংগ্রহ করে চিত্তরঞ্জন দেবনাথ। সে নিয়ে তদন্ত চালাচ্ছে পুলিশ।



করেন তারা। গত ১০ বছর যা যা প্রতিশ্রুতি দিয়েছে কেন্দ্রীয় সরকার তা কোনটাই পালন করেননি তারা। শুধু তাই নয় ধর্মীয় বিভাজন, সাম্প্রদায়িক বিভাজন করছেন তারা এমনকি সিএএ নামে নাগরিকত্ব দেওয়ার পরিবর্তে নাগরিক হরণ করছে। আর এখন নাগরিকদের প্রমাণ করতে হবে তারা নাগরিক কিনা? এদিন এমনকি মন্তব্য করেন চন্ডীদাস ভট্টাচার্য্য। তিনি বলেন, ধর্মীয় বিভাজনের বিরুদ্ধে লড়াছি আমরা তাই রাজ্যজুড়ে ৪২ টি প্রার্থীর নাম দিয়েছি এসইউসিআই। দার্জিলিং জেলার প্রার্থী করা হয়েছে ড. শাহরিয়া আলমকে। এই দিনের বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্য কমিটির সদস্য ড. মৃদুল সরকার, পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সদস্য তথা দার্জিলিং জেলার এসএসসিআই সম্পাদক সৌম্য ভট্টাচার্য্য সহ অন্যান্যরা।

স্পেনের বিরুদ্ধে প্রথম জয় কলম্বিয়ার

লন্ডন, ২৩ মার্চ : গেল বছরের দারুণ পারফরম্যান্সের ধারাবাহিকতা ধরে রাখল কলম্বিয়া। প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়নদের বিপক্ষে প্রথম জয়ের স্বাদ পেলে লাতিন আমেরিকার দলটি। লন্ডন স্টেডিয়ামে গতকাল রাতে এক প্রীতি ম্যাচে ১-০ গোলে জয় পেলে কলম্বিয়া। একমাত্র গোলটি করেছেন দানিয়েল মুনোস। আগামী জুন-জুলাইয়ে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে স্পেন ও কোপা আমেরিকায় খেলবে কলম্বিয়া। মহাদেশ সেরার লড়াইয়ে নামার আগে দুটি দলই শেষ পর্বের প্রস্তুতিতে নেমেছিল। গতকাল প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়নদের বিপক্ষে এই জয়ে নিশ্চিতভাবেই কলম্বিয়ানদের মনোবল বাড়াচ্ছে। কলম্বিয়া বিশ্বকাপ জয়ীদের বিপক্ষে চতুর্থ সাক্ষাকার এসে প্রথম জয়ের স্বাদ পেলে। আগের তিন সাক্ষাৎকারের মধ্যে দুটি ম্যাচ হয়েছিল ড্র। ২০১১ সালের প্রীতি ম্যাচে ১-০ গোলে জিতেছিল স্পেন। গত ২০২২ সালের বিশ্বকাপের বাছাইপর্ব উরাত্তে পারেনি টিকই কিন্তু গত ২৪ মাসে কলম্বিয়া দুর্দান্ত খেলেছে। অবিশ্বাস্য হবে এই নিয়ে টানা ২০ ম্যাচ অপরাাজিত কলম্বিয়া। সবশেষে ২৩টি, হেরেছিল ২০২২ সালের ফেব্রুয়ারিতে আর্জেন্টিনার কাছে ১-০ গোলে।

মেসিকে ছাড়াই দাপুটে জয় পেল আর্জেন্টিনা

বার্সেলোনা, ২৩ মার্চ : ইনজুরির কারণে ইন্টার মিয়ামির হয়ে খেলতে পারেননি লিওনেল মেসি। খেলতে পারেননি আর্জেন্টিনার হয়ে আন্তর্জাতিক প্রীতি ম্যাচেও। এই ম্যাচে চোটের কারণে খেলতে পারেননি পাওলো দিবালা, এজেকুয়েল গ্যালাসিওস ও মার্কোস সেনসিও। তা সত্ত্বেও এল সালভাদরের বিপক্ষে দাপুটে জয় পেলে বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা। শনিবার (ভারতীয় সময় অনুযায়ী) ভোরে আন্তর্জাতিক প্রীতি ম্যাচে এল সালভাদরকে আর্জেন্টিনা ৩-০ গোলে হারিয়েছে। আলবিসেলেন্তিনদের হয়ে একটি করে গোল করেছেন ক্রিস্টিয়ান রোমেরো, এনজো ফার্নান্দেজ এবং জিওভানি লো সেলসো। পুরো ম্যাচেই দাপট দেখিয়েছে আর্জেন্টিনা। পুরো ম্যাচে আর্জেন্টিনা গোলে শট নিয়েছে ২৩টি, এর মধ্যে ১৪টিই ছিল লক্ষ্য বরাবর। বিশ্বচ্যাম্পিয়নদের বিপক্ষে সালভাদর গোলে শট নিয়েছে ২টি, তবে লক্ষ্যে রাখতে পেরেছে মাত্র একটি।

মায়ামি ওপেনে দারুণ জয় এলেনা রিবাকিনার

মায়ামি, ২৩ মার্চ : মায়ামি ওপেনে দারুণ জয় দিয়ে শুরু করলেন কাজাকিস্তানের মেয়ে এলেনা রিবাকিনা। তিনি চতুর্থ বাছাই হিসেবে খেলছেন মহিলা এককো। দ্বিতীয় রাউন্ডে তিনি ক্লারা টওসনকে তিন সেটের লড়াইয়ে ৬-৩, ৭-৫, ৬-৪ গেমে হারালেন। প্রথম সেটে হেরে গিয়েও দারুণভাবে ঘুরে দাঁড়িয়ে ম্যাচ জিতলেন রিবাকিনা। ইতিমধ্যে এই টুর্নামেন্টের তৃতীয় রাউন্ড নিশ্চিত করেছেন মারিয়া সাক্বারি এবং ডিস্টেরিয়া আজারেকোও। উল্লেখ্য, এই বছরেই রিবাকিনা ব্রিসবেন ইন্টারন্যাশনাল এবং আবুধাবি ওপেন জয় করেছেন।

ব্রাজিলের বিপক্ষে হ্যারি কেইনকে পাচ্ছে না ইংল্যান্ড প্রীতি ম্যাচে ব্রাজিলের মুখোমুখি হবে ইংল্যান্ড

২৩, মার্চ ওয়েস্টহিলতে আজ প্রীতি ম্যাচে ব্রাজিলের মুখোমুখি হবে ইংল্যান্ড। এ ম্যাচে নিজেদের ফুটবল ইতিহাসের সর্বোচ্চ গোলদাতা হ্যারি কেইনকে পাচ্ছে না স্বাগতিকেরা। গত শনিবার বুন্দেসলিগায় ড্রামফ্টডের বিপক্ষে ৫-২ গোলের জয়ে ব্যাল্কেলে চোট পান বায়ার্ন মিউনিখ স্ট্রাইকার। তাকে নিয়ে কোনো রুঁকি নিতে চায় না ইংল্যান্ড। আগামী মঞ্চলবার বেলজিয়ামের বিপক্ষে ম্যাচেও কেইনের খেলার সম্ভাবনা কম। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের স্কোয়াড ঘোষণার আগে ব্রাজিলের বিপক্ষে শেষ ম্যাচটি খেলবে গ্যারেথ সাউথগেটের ইংল্যান্ড। তবে ইংল্যান্ড অনিয়মক কেইনের জার্মানি যাওয়া নিয়ে কোনো দৃষ্টিভঙ্গি নেই। সাউথগেটের দলে তার যোগাটা পাকা। ১৪ জুন থেকে জার্মানিতে শুরু হবে ইউরো।

কামব্যাক করেই চেনা মেজাজে পন্থ

২৩ মার্চ : যে ছেলেটার দেখতেই এতদিন অভ্যস্ত ছিল ক্রিকেটপ্রেমীরা। সেই পরিচিত হাসি, যার মধ্যে লুকিয়ে থাকে চাপা আত্মবিশ্বাস। ৪৫৪ দিন পর ক্রিকেট মাঠে ফিরলেন ঋষভ পন্থ। আবারও আগের মতোই কথা বলে উঠল তার ব্যাট। স্কোরবোর্ডে তার নামের পাশে যত রানই লেখা থাকুক না কেন, ক্রিকেট ভক্তদের হৃদয়ে চিরকাল থেকে যাবে ঋষভের ফিরে আসার এই ইনিংস। ২০২২ সালের ৩০ ডিসেম্বর। গাড়ি দুর্ঘটনায় গুরুতর আহত হন ঋষভ। তারপরে জীবন-মৃত্যুর মধ্যে চলেছে দীর্ঘ লড়াই। শেষ বার তাঁকে ব্যাট হাতে দেখা গিয়েছিল ২০২২-এর ২৫ ডিসেম্বর বাংলাদেশের বিরুদ্ধে টেস্ট সিরিজে। অবশেষে ৪৫৪ দিন পর ক্রিকেটের বাইশ গজে ব্যাট হাতে নামলেন ২৬ বছরের ভারতীয় তারকা। আইপিএলে পাঞ্জাব কিংসের বিরুদ্ধে টস করতে নেমে



আবেগের। আমি শুধু মুহূর্তটা উপভোগ করতে চাই। টসে জিতে প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নেয় পাঞ্জাব। দিল্লি ক্যাপিটালসের হয়ে

শুক্রটা ভালোই করেছিলেন ডেভিড ওয়ার্নার ও মিচেল মার্শ জুটি। তাঁদের উইকেট পরার পরেই মাঠে

করেন। দুর্ঘটনার কোনও প্রভাবই তাঁর আগ্রাসী ব্যাটিংয়ে ছাপ ফেলতে পারেনি। রিভার্স সুইপ মেরেছেন, এগিয়ে এসে ছয় মারার চেষ্টাও করেছেন। কিন্তু মাত্র ১৮ রানের মাথায় থেমে যায় তাঁর ইনিংস। সমস্ত সংশয় উড়িয়ে কিপিং করতেও দেখা যায় তাঁকে। বড় রান করে ফর্মে হয়তো ফিরতে পারলেন না ঋষভ। কিন্তু ক্রিকেট বিশ্বের কাছে উদাহরণ তৈরি করে গেলেন। লড়াই আর সাহসে ভর করে যে ছেলেটা গাবরায় অস্ট্রেলিয়ার অহংকার ভেঙে দিয়ে এসেছিলেন, আইপিএলের ময়দানে তার চেয়েও বড় লড়াইয়ে জিতলেন ঋষভ পন্থ। এভাবে যে ফিরে এসে এই ফর্ম দেখানো যায় তা তিনি ছাড়া কেউ বোধ হয় দেখাতে পারাবে না। স্তর এই কারণেই তিনি সকলের কাছে প্রিয়। মাঠে নামলেই তার সমর্থকদের উল্লাসে মাঠ কেঁপে ওঠে।

সিসিএল-এ ভারত চ্যাম্পিয়ন টলিউড, উচ্ছ্বসিত মমতা

দূরন্ত বার্তা, কলকাতা, ২৩ মার্চ : ৯ বারের ব্যর্থতার পর শেষমেশ জয়ের হাসি হেসেছে ‘বেঙ্গল টাইগার্স’। সেলিব্রিটি ক্রিকেট লিগে ভারতসেরা বাংলা ফিল্ম ইন্ডাস্ট্রি। ফহিনালে কর্ণাটক বুলডোজারকে হারিয়ে জিতেছে বাংলার বাঘেরা। ক্যাপ্টেন বিশ্ব বর্তমানে শুভেচ্ছার জোয়ারে ভাসছেন। এবার দলের অধিনায়ক বিশ্ব সেনগুপ্তকে চায়ের আমন্ত্রণ জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। সামনেই লোকসভা ভোটা চকিবে দিল্লির সিংহাসন দখলের লড়াই নিয়ে ব্যস্ত রাজনৈতিক শিবিরগুলো। বাংলাতেও নির্বাচনী প্রচারণের জোয়ার। ময়দানে কোমর বেঁধে নেমে পড়েছে তৃণমূল। দলনেত্রীও বাংলার এপ্রান্ত থেকে ওপ্রান্ত ছুটছেন। আর এই শত

ব্যস্ততার মাঝেও সেলিব্রিটি ক্রিকেট লিগ চ্যাম্পিয়ন টিমের ক্যাপ্টেনকে আমন্ত্রণ জানানেন মুখ্যমন্ত্রী। জানা



গিয়েছে, ‘ এমন উদ্যোগে আগ্রহ বিশ্ব সেনগুপ্ত। সেলিব্রিটি ক্রিকেট লিগ জেতার পরই বাংলার তারকাদের নিয়ে মেতেছে দেশের বিনোদনমিমা। নবান্ন সূত্রে খবর, শনিবার বিকেল সাড়ে পাঁচটায় মুখ্যমন্ত্রীর ৩০বি হরিশ চ্যাটার্জি

স্ট্রিটের বাড়িতে বসবে চায়ের আসর। ২০১২ সালে সেলিব্রিটি ক্রিকেট লিগে ডেবিউ করার পর এই প্রথমবার জয়ের স্বাদ পেলে টলিউড। যে টিমে ক্যাপ্টেন বিশ্ব নেতৃত্বে বাইশ গজে দাপট দেখিয়েছেন, জামি বন্দোপাধ্যায়, সৌরভ দাস, বনি সেনগুপ্তরা। গত রবিবার রাতে তিরুবনন্তপুরমে টলিউড তারকাই হাসল শেষ হাসি। কিচ্চা সূদিপের নেতৃত্বে কর্নটিক বুলডোজার্সকে হারিয়ে কলকাতার প্রথমবার সিসিএল খেতাব জয়ের মুহূর্তে বিশ্ব আবেগতাড়িত হয়ে পড়েন। আবেগে দুই মেয়েকে বুকে জড়িয়ে কেঁদেও ফেলেন। টিমের মালিক বলিউড প্রযোজক বনি কাপুরও ততোধিক উচ্ছ্বসিত সিসিএল-এ প্রথম ট্রফির স্বাদ পেয়ে।

কাশ্মীর জয় করে শহরে ফিরতে চাইছে সাদা-কালো ব্রিগেড

জম্মু,২৩ মার্চ : আইলিগের শুরু থেকেই অনবদ্য ছন্দে রয়েছে মহম্মেদান স্পোর্টিং ক্লাব। আসলে মরশুমের শুরুতে ট্রফি জয় করার পর থেকেই বাড়তি আত্মবিশ্বাস দেখা

তাদের পরাজিত হতে হয় রিয়াল কাশ্মীরের কাছে। যা নিয়ে রীতিমতো ফ্রোডে ফুঁসতে শুরু করেছিল দলের সমর্থকদের একাংশ। এমন পরিস্থিতিতে দর্শক শূন্য করেই

দৌড়ে রয়েছে রিয়াল কাশ্মীর এবং হায়দরাবাদের দল শ্রীনিথি ডেকান ফুটবল ক্লাব। তবে এবার বদলার ম্যাচ হতে চলেছে আর্জে চেরনিশ্চেরের ছেলেনের কাছে। শনিবার দুপুরে ম্যাচে সেই রিয়াল কাশ্মীর দলের বিপক্ষে খেলতে হবে ব্ল্যাক প্যান্থার্সকে। ঘরের মাঠে এই দল যে অনেকটাই শক্তিশালী থাকবে সেটা ভালো মতোই জানেন সকলে। তবুও পুরো পয়েন্ট নিয়েই মাঠ ছাড়তে চাইবেন ডেভিডরা। চোটের কারণে রেমসান্দাকে শহরে রেখে আসা হলেও আদিস্দা থেকে শুরু করে অ্যালেক্সিস এবং ব্যারেটের মত ফুটবলারদের সামনে রেখেই জয় ছিনিয়ে নিতে চাইছে সাদা-কালো ব্রিগেড। যতদূর খবর, রেমসান্দা ছাড়া বর্তমানে সম্পূর্ণ মুস্থ রয়েছেন দলের বাকি ফুটবলাররা। তবে কাশ্মীরের আবহাওয়া ও কৃত্রিম ঘাসের মাঠ কিছুটা হলেও বাড়তি চ্যালেঞ্জ ছুড়ে দিতে পারে কলকাতার এই ফুটবল দলকে। এই মুহূর্তে দাঁড়িয়ে ট্রফি জয় অনেকটা নিশ্চিত হয়ে গেলেও বাকি সবকটা ম্যাচ জিতেই লিগ শেষ করার লক্ষ্য রয়েছে দলের ফুটবলার ও কোচের।



দিয়েছে দলের ফুটবলারদের মধ্যে। যার দরুণ অন্যান্যসেই তারা পরাজিত করতে শুরু করে টুর্নামেন্টের একের পর এক শক্তিশালী ফুটবল ক্লাবকে। তাই আইলিগের প্রথম লেগে অপরাঞ্জিত থাকে ময়দানের এই তৃতীয় প্রধান। তবে দ্বিতীয় লেগ শুরু হতেই জোর ধাক্কা লাগে তাদের। ঘরের মাঠে বিরাট বড় ব্যবধানে

খেলতে হয়েছিল একাধিক ম্যাচ। তবে সেই একটিই পরাজয়। পরবর্তী ম্যাচ থেকে ফের ঘুরে দাঁড়ায় মহামেডান। টুর্নামেন্টের প্রথম লেগের পর দ্বিতীয় লেগেও এখনো পর্যন্ত পয়েন্ট টেবিলের শীর্ষস্থানে রয়েছে সাদা-কালো ব্রিগেড। বাকিদের থেকে প্রায় ৮ পয়েন্টের পার্থক্য রয়েছে তাদের। মহামেডানের পরেই খেতাব জয়ের

খোনির ছত্রছায়ায় চ্যাম্পিয়নের মতোই নেতৃত্বের অভিযান শুরু ঋতুরাজের

৬ উইকেটে জয়ী চেম্বাই সুপার কিংস

রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু : ১৭৩৬ (অনুজ- ৪৮, কার্তিক-৬৮)

চেম্বাই সুপার কিংস : ১৭৬৪ (রচীন- ৩৭)

চেম্বাই, ২৩ মার্চ : বর্তমানে তিনি ক্যাপ্টেন হিসাবে মাঠে খেলছেন না। দলে তিনি রয়েছেন। তিনিই তো গতবার দলকে চ্যাম্পিয়ন করেছিলেন। শুধু গতবার কেন, পাঁচ-পাঁচবার ট্রফি এনে দিয়েছেন। এদিনও সময়-অসময়ে হাত নাড়িয়ে, চোখের ঈশারায় নেতৃত্বও তো দিলেন। তিনি মহেন্দ্র সিং খোনি। আর এই মানুষটির উজ্জ্বল উপস্থিতিতে হাতিয়ার করেই আত্মবিশ্বাসের সঙ্গে চ্যাম্পিয়নদের মতো শুক্রটা করলেন অধিনায়ক ঋতুরাজ গায়কোয়াড়। ঘরের সমর্থকদের সামনে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে হারিয়ে এবারের আইপিএল অভিযানের সূচনা ঘটল চেম্বাই সুপার কিংসের। চিপকে চেম্বাইয়ের ম্যাচে মানেই সমর্থকদের শব্দরঙ্গ। বিপক্ষ যেন সেখানেই হারিয়ে ফেলে অর্ধেক আত্মবিশ্বাস। শুক্রবার আইপিএলের ১৭তম

পড়ে চেম্বাই। কিন্তু ইমপ্যাক্ট দুবে ও স্যার জাদেকার মারকাটারি ব্যাটিংয়ে কর্ণাট হাসতে হাসতে ম্যাচ পকেটে পুরে ফেলে চেম্বাই। তবে চেম্বাই সমর্থকদের আফসোস একটাই, উইকেটকিপার খোনি ২২ গজের



দিওয়ালি। ঝোড়ো বোলিংয়েই তো একে একে প্যাভিলিয়নে ফিরতে হয় কোহলি (২১), ডু প্লেসিস (৩৫), রজত পাটিলার (০) এবং ক্যামেরন গ্রিনকে (১৮)। ৪ ওভারে ২৯ রান দিয়ে ৪টি উইকেট তুলে নেন তিনি। আর বাকি কাজটা সারে শিবম দুবে (৩৪) এবং রবীন্দ্র জাদেকা (২৫) জুটি। রচীন ৩৭ রানে ফিরে গেলে একটা সময় খানিকটা বেসামল হয়ে

পুরনো স্মৃতি ফেরালেও ব্যাট হাতে এদিন আর খোনি ধামাকা দেখার সুযোগ হল না। এখন প্রশ্ন উঠছে কেন টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নিলেন ডু প্লেসিস। প্রতিবারের মতো এবারও অভিযানের শুরুতেই নিরাশ করলেন দলের তারকা ব্যাটাররা। উদ্বোধনী ম্যাচে কোহলিদের হারে আরও এবার ধাক্কা খেল বেঙ্গালুরু।

ধর্ষণ মামলায় গ্রেপ্তার রবিনহো! ৯ বছরের জেল

২৩ মার্চ : ধর্ষণের দায়ে গ্রেপ্তার প্রাক্তন ব্রাজিলীয় ফুটবলার রবিনহো। দু’বছর আগে তাঁকে গ্রেপ্তারের আদেশ দিয়েছিল ইতালির আদালত। মোট ৯ বছর হাজতবাস করতে হবে এসি মিলানের প্রাক্তন ফুটবলারকে। ২০১৩ সালে ইতালিতে এক মহিলাকে গণধর্ষণ কাণ্ডে জড়িয়ে যায় রবিনহোর নাম। মিলানের নাইট ক্লাবে এক আলবেনীয় মহিলাকে ধর্ষণে অভিযুক্ত ছিলেন তিনি। ২০১৭ সালে ইতালির আদালতে দোষী সাব্যস্ত করা হয় রবিনহোকে। সেই আদেশ ব্রাজিলেও কার্যকর করার অনুরোধ জানায় তারা। এতদিন ব্রাজিলে নিজের বাড়িতেই গৃহবন্দি ছিলেন ৪০ বছরের প্রাক্তন তারকা। কিন্তু এবার তাঁকে জেলে যেতে হবে। ইতালির আদালতের রায়ে সম্মতি জানিয়েছে ব্রাজিলের সরকারও। যদিও ব্রাজিলের জেলেই সাজা কাটাবেন রবিনহো। তাঁর

উত্থান ব্রাজিলের ফুটবল ক্লাব স্যাণ্টোসের জার্সিতে। ২০০২ সালে অভিযেকের পর আর ফিরে

হয়ে। ইতালির ক্লাবে খেলার সময়ই ধর্ষণকাণ্ডে অভিযুক্ত হন রবিনহো। তার পরই ফিরে আসেন ছোটবেলার



তাকাতে হয়নি। পরের বছরই ডাক আসে ব্রাজিলের জাতীয় দলে। একশোটি ম্যাচে ব্রাজিলের হয়ে ১৮টি গোল করেছেন রবিনহো। ২০০৫ সালে যোগ দেন স্পেনের রিয়াল মাদ্রিদে। তার পর খেলেছেন ম্যাঞ্চেস্টার সিটি ও এসি মিলানের

ক্লাবে। সম্প্রতি আরেক ব্রাজিলীয় ফুটবলার দানি আলভেসও গ্রেপ্তার হয়েছেন ধর্ষণের অভিযোগে। প্রায় ১০ কোটি টাকা জরিমানার বদলে শর্তসাপেক্ষে জামিন পেয়েছেন তিনি। এবার রবিনহোকে যেতে হল জেলে

সুচিকিৎসা

২৬ বর্ষ • চতুর্থ সংখ্যা • ১ মার্চ ২০২৪

সংক্রমণের চিকিৎসা

আমি কি সব রকমের রক্ত না আমি কি সব রকমের রক্ত না আমি কি সব রকমের রক্ত না

প্রথম কর্তব্য

পরিচালক: প্রফ. ড. রোহিত কান্দার

নিরাময় পদ্ধতি

বৈদ্য: রোহিত কান্দার

বর্তমানে হাঁটুর জয়েন্ট রিপ্লেসমেন্ট এখন আরও

নিশ্চিত, স্বাস্থ্য ও নিরাময়

হ্যাঁ! আমি কি ধর্মবিশ্বাস দ্বারা সন্তুষ্ট?

মুক্ত হওয়া অবঃ ইউরেনিয়ামের পরামর্শ

সেইসঙ্গে স্বাস্থ্য

স্বাস্থ্যের সর্বোত্তম — রক্ত

সর্বোত্তম রক্তের পানীয়

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পারেন কেউই স্থান করুন